JUNIOR ENGLISH TRANSLATION and COMPOSITION

Written according to the New Syllabus approved by the Boord of Secondary Education for Classes VII & VIII in West Bengal. Notification No. Syl /2/54, dated 15. 1. 54

JUNIOR ENGLISH TRANSLATION & COMPOSITION

BY

Bagala Kishore Roy, M. A., B. T., W. B. E. S. (Rtd.)

Formerly Headmaster, Taki Govt. High School and sometime Principal, Taki Govt. Intermediate College

JNANLOKE

22, PAIKPARA RAJA MANINDRA ROAD

CALCUTTA-27

PART—II
(*for Class VIII*)

LESSON	Page
1—Introductory 'There' and Preparatory 'It'	... 69
2—Familiar Prepositions	... 71
3—Phrases	... 80
4—Phrases (contd.)	... 84
5—Comparison of Adjectives	... 89
6—Conjunction-Compound Sentences	... 92
7—Corelatives-Compound Sentences	... 95
8—Different Kinds of Clauses in Compound and Complex Sentences	... 96
9—Combination and Resolution of Sentences	... 102
10—Sequence of Tense	... 105
11—Reported Speech	... 107
12—Idiomatic uses of Nouns	... 110
13—Idiomatic uses of some Bengali Verbs	... 113
14—Idiomatic uses of some Bengali Adjectives	... 120
15—Repetition of words	... 123
16—Translation of Simple Letters	... 125
17—Some Common Proverbs	... 127
Passages for Translation	... 130

JUNIOR TRANSLATION & COMPOSITION

PART I

(For Class VII)

LESSON 1

The Verb 'to be'—In the Present Tense

I

আমি সপ্তম শ্রেণীর ছাত্র—I am a student of class VII.

আমরা পাঁচ ভাই—We are five brothers.

তুমি বেশ চালাক—You are very clever.

আপনি আমার পিতার বন্ধু—You are my father's friend.

আপনারা আমাদের আত্মীয়—You are our relations.

একমাত্র তুমিই মঙ্গলময়, ন্যায়পরায়ণ ও পবিত্র—Thou alone art Good, Just, and Holy.

সে পীড়িত—He is ill.

তিনি আমার বড় ভাই—He is my elder brother.

তাহারা খুব কর্মঠ—They are very active.

তাঁহারা আমাদের দেশের নায়ক—They are the leaders of our country.

সে আমার বোন—She is my sister.

ইহারা আমার বোনের সহপাঠিনী—They are my sister's class-mates.

Note :—'I am' এই ইংরেজী বাক্যটির বাঙ্‌লা অর্থ—আমি হই, আমি আছি বা থাকি। কিন্তু বাঙ্‌লায় 'হই', 'আছি', 'থাকি' এই ক্রিয়াপদগুলি প্রায়ই

উহ্য থাকে। কিন্তু ইংরাজীতে 'am', 'are', 'is' প্রভৃতি যথাস্থানে উল্লেখ করিতেই হইবে। 'Thou' অর্থ 'তুমি' কিন্তু এই শব্দটি শুধু প্রাচীন ইংরেজী ভাষায়, পদ্যে, ধর্ম সম্পর্কিত বিষয়ে বা গ্রাম্য ভাষায় কথোপকথনে ব্যবহৃত হয়। Thou এর পর art বসে।

II

ইহা একটি উড়ো-জাহাজ—It is an aeroplane.

এটি আমাদের বাড়ী—This is our house.

ওটি আমাদের প্রতিবেশীর বাগান—That is our neighbour's garden.

এগুলো আমার জুতা—These are my shoes.

ওগুলো তাহার জিনিষ—Those are his (বা her) things.

Drill

I. ইংরাজীতে অনুবাদ কর :—

(a) ঈশ্বর আছেন। ইহা একটি আমগাছ (mango tree)। আমি ক্লান্ত (tired)। তাহারা আমাদের আত্মীয়। তুমি আমার খুড়তুতো ভাই (cousin)। রেবা তাহার ঘরে আছে (in her room)। এটি আমাদের বিদ্যালয় (school)।

(b) এগুলি বিড়ালছানা (kittens)। ইনি আমার মাসী (aunt)। ঐ ফুলগুলি তাদের (theirs)। আমার বোন লীলা খুব শান্ত (gentle)। এই কমলালেবুগুলি সুমিষ্ট। ঐ টমেটোগুলি (tomatoes) খুব টক (sour)। আপনারা ধনী লোক (rich men)। আপনি সজ্জন (an honest man)।

II. শূন্যস্থানগুলি am, is বা are ইহাদের যেটি যেখানে প্রযোজ্য বসাইয়া পূর্ণ কর :—

(a) I—in a new class. You—right. Hari—ill. We—very busy now. They—very tired (ক্লান্ত). Mina—now in her little garden.

(b) It—quite dark now (সম্পূর্ণ অন্ধকার). This—a nice

picture. These—valuable (মূল্যবান) books. This house—to let (ভাড়া দেওয়া হইবে). These bananas (কলাগুলি)—not ripe (পাকা).

LESSON 2

The verb 'to be' in interrogative and negative sentences.

affirmative

আমি কি এ কাজের যোগ্য ?—Am I fit for this work ?

হাঁ, তুমি যোগ্য—Yes, you are.

না, তুমি যোগ্য নও—No, you are not (No, you aren't)

তুমি কি যদুবাবুর ছেলে নও ?—Are you not Jadu Babu's son ?

না, অমি যদুবাবুর ছেলে নই—No, I am not.

ললিতা কি তোমার বোন ?—Is Lalita your sister ?

হাঁ, সে আমার বোন—Yes, she is.

না, সে আমার বোন না—No, she is not.

এখন কি আটটা বেজেছে ?—Is it 8 O'clock now ?

হাঁ, এখন আটটা বেজেছে—Yes, it is.

না, এখন আটটা বাজে নাই—No, it is not.

তাহারা কি তাহাদের ব্যবহারের জন্য লজ্জিত না ?—Are they not ashamed of their conduct ?

হাঁ, তাহারা লজ্জিত—Yes, they are.

না, তাহারা লজ্জিত নহে—No, they are not.

Note :—ইংরাজীতে সাধারণ বাক্যে (অর্থাৎ Assertive Sentence-এ) subject টি প্রথমে বসে এবং verb-টি পরে বসে। কিন্তু প্রশ্নবোধক বাক্যে (Interrogative Sentence-এ) verb-টি subject-এর পূর্বে আসে।

আমি দুলালের ভাই—I am Dulal's brother.

ওরা কে ?—Who are they ?

ওরা সব আমাদের স্কুলের 'টিমের' খেলোয়াড়—They are the players of our school team.

এদের মধ্যে কোন্‌টি ক্যাপ্‌টেন ?—Which of them is the captain ?

এ ফলগুলির মধ্যে কোন্ কোন্‌টি মিষ্ট ?—Which of these fruits are sweet ?

তোমার নাম কি ?—What is your name ?

তোমার বাবা কি কাজ করেন ?—What is your father ?

টেবিলের উপর ওগুলি কি বই ?—What books are there on the table ?

কি খবর ?—What news ?

এটি কি কাজে লাগবে ?—What good is it ?

তিনি দেখিতে কেমন ?—What is he like ?

তুমি কাহার পক্ষে ?—Whom are you for ?

এটি কাহার কলম ?—Whose pen is this ?

Note :—who (কে ?), which (কোনটি বা কোন্ কোন্‌টি ?) what (কি বা কি কি ?)—এই তিনটির কোন একটি দ্বারা যদি Interrogative Sentence সূচিত হয়, তাহা হইলে 'verb' পূর্বে না বসিয়া ইহাদের পরেই বসে।

Drill

1. ইংরাজীতে অনুবাদ কর :—

(a) তোমার কি জ্বর হয়েছে (in fever) ? হাঁ, আমার জ্বর হয়েছে। তোমার বাবা কি বাসায় (at home) আছেন ? হাঁ, আছেন। না, বাসায় নেই। তোমার কি হয়েছে ? তাহারা কি এখনো (still) কলিকাতায় ?

(b) এই ইউনিফরমগুলি (uniforms) কাহাদের (whose) ? N. C. C. দলের (are of the N. C. C. group)। আমার ঝর্ণা কলমটি (fountain pen) কোথায় ? তোমরা কেমন আছ ? তোমার বাবা কি ভাল নেই (well) ? না, তিনি ভাল নেই। অফিসে তোমার কখন অবসর

হয় (free during office hours) ? তাহারা এত বিমর্ষ কেন (so sad) ? রামের সম্বন্ধে গোলমালটা কি (wrong with Ram) ? তোমার আসল কথাটা কি (your point) ?

2. শূন্যস্থান am is বা are দ্বারা পূর্ণ কর :—

—I take to day ?—the train due now ? Who—to blame (দোষের ভাগী) for this ? Which of these boys—guilty (দোষী) ? —Lila your cousin ? Where—the Taj Mahal ? What—your age ? How far—your school from home ? When—the nights longest (দীর্ঘতম) ? Why—your sister in tears(কাঁদিতেছে কেন) ? How old—your father ?

LESSON 3

The verb 'to be' used in Exclamatory Sentences

ঈশ্বরের সৃষ্টি কি বিস্ময়জনক !—How wonderful is the creation of god !

কি করুণ দৃশ্য !—What a pitiable sight (it is) !

গঙ্গা নদী কি বিশাল !—What a mighty river the Ganga is !

চাঁদটি আজ কি উজ্জ্বল !—How bright is the moon tonight !

তুমি কি বোকা !—What a fool are you !

Note—ইংরাজীতে Exclamatory sentence-এ is, am, are প্রভৃতি verbগুলি সাধারণতঃ Subject-এর পরেই বসে কিন্তু মাঝে মাঝে subject-এর পূর্বেও ব্যবহৃত হয়।

Drill

1. ইংরাজীতে অনুবাদ কর :—

ফলগুলি কি মিষ্ট ! দুপুরে (at noon) সূর্যের কিরণ (the rays of the Sun) কি প্রখর (how hot) ! এযে কি দুঃসংবাদ (sad news) ! তিনি কত মহৎ (noble) !

2. শূন্যস্থানে am, is বা are বসাও :—

How affectionate mother—! What a strange fellow (অদ্ভুত লোক) you—! How hot—the deserts (মরুভূমি)! What a fast walker our troop leader—! How dark—the clouds! How unhappy (অসুখী) I—!

LESSON 4

The Verb 'To have'

I

In the Present Tense

আমার একটি বই আছে—I have a book.

আমার বই নাই—I have no book.

আমার পকেটে একটি পয়সাও নাই—I have not (বা have'nt) a penny in my pocket.

তোমার সাহস আছে—You have courage.

তোমাদের সাহস নাই—You have no courage.

তাহার কলিকাতায় একটি বাড়ী আছে—He has a house in Calcutta.

তাহাদের আপনার বলিতে কেহ নাই—They have none to call their own.

তাহার (মেয়েটির) কোন সঙ্গী নাই—She has no companion.

আমাদের স্কুলের দালানে দশটি কোঠা আছে—Our School building has ten rooms.

ইহাতে (স্কুলের দালানটিতে) একটি চওড়া বারান্দা আছে—It has a wide verandah.

Note—He, She, It, Ram, a book, a table প্রভৃতির পর 'has' বসে। thou-এর সঙ্গে 'hast' ব্যবহৃত হয়।

II

The use of 'have' in Interrogative Sentences

মা, আমাদের কি বাড়ী নাই ?—Mother, have we no home ?

হাঁ, আছে বৈকি, বাবা—Yes, certainly we have, my child.

না, বাছা, আমাদের কোন বাড়ী নাই—No, my child, we have no home.

তাহাদের কি কোন বাগান আছে ?—Have they any garden ?

তুমি কি পথ হারিয়েছ ?—Have you lost your way ?

তাহার (মেয়েটির) কি কোন আত্মীয় আছে ?—Has she any relative ?

না, তাহার আত্মীয় নাই—No, she has not.

ফেব্রুয়ারী মাসে কয় দিন ?—How many days has February ?

Note :— Interrogative Sentence-এ 'have' বা 'has' কর্তার পূর্বে বসে। তেমনি 'hast' বসে 'thou'-এর আগে।

Nagative অর্থাৎ 'না' বুঝাইবার জন্য have এর সঙ্গে 'not' যোগ করিতে হয় ; আবার haven't, hasn't এইরূপ ব্যবহারও আছে।

Drill

1. ইংরাজীতে অনুবাদ কর :—

(a) আমার সময় নাই। পাখীর কি পাখা আছে (wings) ? হাঁ আছে। তাহার নিজের একটি বাড়ী আছে (a house of his own)। তোমার কত টাকা আছে (how much money) ? এই মহিলাটির (lady) কোন সন্তান (children) নাই। এই বিষয়ে তাহাদের কোন ধারণা (idea about the matter) নাই।

(b) আমাদিগকে আজ স্কুলে যাইতে হইবে (have to go to School) তোমার কি খুব মাথা ধরেছে (a bad headache) ? হাঁ, ধরেছে। তোমার কি কোন দয়া নাই, প্রভু (hast, mercy, Lord) ? তাহার কথাগুলির কোন অর্থ হয় না (words, no sense)।

2. শূন্যস্থানগুলিতে have, has, hast প্রভৃতির যেটি যেখানে প্রযোজ্য বসাও :—

(a)— she blue eyes or brown eyes ? He—a good memory (স্মৃতিশক্তি). May I — this book ? I want (চাই) to — a swim. We — a post office in our Village. —a cup of tea (এক পেয়ালা চা নাও বা নিন্)। Mother—to cook (পাক করিতে হয়) morn ing and evening.

(b) —you any children ? Yes, I—. No, I—. —she any work to do ? Yes, she—. No, she—.

LESSON 5

The verb 'Do'

In the Present Tense

আমি রাত্রিবেলা অঙ্ক করি—I do sums at night (অভ্যাস).

আমার ভাই সকালে পড়া তৈয়ার করে—My brother does his lesson in the morning (অভ্যাস বা নিয়ম).

প্রার্তভ্রমণে অনেক উপকার হয়—Morning-walk does much good (সার্বজনীন সত্য).

সে ভালরূপে তাহার কর্তব্য করে—He does his duty well.

বয়স্কাউট রোজই কাহারো না কাহারো একটু উপকার করে—A boy-scout does some one a good turn every day.

তুমি কেমন আছ ?—How do you do ?

সে কিছুই করে না—He does not do any thing.

এই ঔষধটিতে কি তোমার কোন উপকার হয় ?—Does the medicine do you any good ?

হ্যাঁ, হয়—Yes, it does.

না, হয় না—No, it does not (বা doesn't).

বালিকাটি ঠিক সময়ে চুল বাধে না—The girl does not do her hair in time.

মা সন্ধ্যাবেলা আমার বিছানা ঝাড়েন—Mother does our beds in the evening.

এই কোঠাগুলি তোমার খুব সুবিধামত হয়েছে তো ?—Do these rooms do you quite well ?

হ্যাঁ, হয়েছে—Yes, they do.

না, হয় নাই—No, they don't (or do not).

Note—(a) 'Do' Verbকে Interrogative sentence-এ ব্যবহার করিতে হইলে আরেকটি সাহায্যকারী do (বা স্থানবিশেষে does) ব্যবহার করিতে হয়। এইরূপ সাহায্যকারী verbকে ইংরাজীতে **Auxiliary verb** বলা হয়।

(b) 'না' সূচক বাক্য গঠন করিতে হইলেও মূল 'do' verb-এর পূর্বে Auxiliary 'do' ব্যবহার করিতে হয়। do + not = don't ; does + not = doesn't ; এইরূপ formsও ব্যবহৃত হয়।

Drill

1. ইংরাজীতে অনুবাদ কর :—

সে তার কাজ ভালরূপে করে না। তুমি কখন তোমার পড়া তৈরী কর ? বিশুদ্ধ বায়ু স্বাস্থ্যের অনেক উপকার করে (pure air, much good to health)। তাহার সঙ্গে আমার কোন সম্পর্ক নাই (nothing to do with him)। তাহারা কি কিছুই করে না ? হাঁ, করে। না, করে না। ইহা আমার ক্ষতি করে (harm)।

2. নিম্নলিখিত sentenceগুলিকে নির্দেশমত পরিবর্তন কর :—

He does some work in the morning (Interrogative form বা প্রশ্নবোধক বাক্য). Do they not do their tasks regularly (Assertive form বা সাধারণ বাক্য) ? Exercise (ব্যায়াম) does good to our health (Interrogative). Does impure water do us harm ? (Assertive).

LESSON 6

Other common verbs in the Present Tense

যাওয়া—To go. আসা—to come. ফিরিয়া আসা—to come back, to return. দাঁড়ান—to stand. বসা—to sit. ওঠা—to rise. নামা—to get down. আনা—to bring. নেওয়া—to take. উড়া—to fly. পলায়ন করা—to flee. হাঁটা—to walk. দৌড়ান—to run. পড়িয়া যাওয়া—to fall. (গাছে) চড়া—to climb. খাওয়া—to eat. ভাত খাওয়া বা আহার করা—to take one's meals. শোওয়া—to lie (down). ঘুমান—to sleep. জাগা—to wake (up). স্বপ্ন দেখা—to dream. শয্যা ত্যাগ করা—to get up. রাখা—to keep. ধৌত করা—to wash. স্নান করা—to bathe. সাঁতার দেওয়া—to swim. জলে ডোবা—to sink. জলে ভাসা—to float. পায়খানায় যাওয়া—to go to the privy. প্রস্রাব করা—to make water. দাঁত মাজা—to cleanse one's teeth. গা ঘষা—to rub one's body. পড়া—to read. লিখা—to write. আঁকা—to draw. শোনা—to hear. জানা—to know. শিক্ষা করা—to learn. শিক্ষা দেওয়া—to teach. দেখা—to see. দেখান—to show. কাজ করা—to work. চিন্তা করা, মনে করা—to think. হাসা—to laugh, to smile. কাঁদা—to cry, to weep. চীৎকার করা—to cry aloud, to shout, to shrick. বলা—to say, to tell, to speak. গান করা—to sing. ক্রয় করা—to buy. ক্রয় করা—to buy. বিক্রয় করা—to sell. পাওয়া—to get. দেওয়া—to give. লাভ করা—to gain. হারানো—to lose. তৈরী করা—to make. ভাঙা—to break. কাটা—to cut. ভালবাসা—to love. ঘৃণা করা—to hate. শপথ করা—to swear. আশীর্বাদ করা—to bless.

I

আমি প্রত্যহ প্রাতে বেড়াইতে যাই—I go out for walk every morning.

আমরা সকলেই প্রতি শনিবার সন্ধ্যায় বাড়ী আসি—We all come home every Saturday evening.

তাহারা দ্রুত দৌড়ায়—They run fast.

রমেশ মনোযোগের সহিত পড়ে—Ramesh reads attentively.

লীলার হাতের লেখা সুন্দর—Lila writes a good hand.

Note : ইংরাজীতে অধিকাংশ verb-এরই he, she, it (অর্থাৎ third person singular number) প্রভৃতির পর Present Indefinite tense, Indicative Mood এবং Active Voice-এ 's' বা স্থলবিশেষে 'es' যোগ হয় ; যথা—He loves (love + s), he goes (go + es), he does (do + es).

II

বাবা এখন শহরে থাকেন না—Father does not live in town now.

আমি মিথ্যা কথা বলি না—I do not tell a lie.

তুমি সকালে (ঘুম থেকে) ওঠ না—You do not rise early.

তাহারা কানে ভাল শোনে না—They do not hear well.

III

তোমরা কি স্কুলে টিফিন খাও ?—Do you take tiffin at school ?

হাঁ, খাই—Yes, we do.

না, খাই না—No, we don't.

সে কি স্কুলে 'ফ্রী' পড়িতে পায় না ?—Does he not (or doesn't he) a free studentship from his school ?

না, সে পায় না—No, he doesn't.

তুমি কি রামকে চেন না ?—Do you not (or don't you) know Ram ?

হাঁ, চিনি—Yes, I do. না, চিনি না—No, I don't.

আমি কি তোমাকে সাহায্য করি না ?—Do I not help you ?

শিক্ষক মহাশয় আসিলে তাহারা কি দাঁড়ায় না ?—Do they not stand when the teacher comes in ?

হাঁ, দাঁড়ায়—Yes, they do.

IV

বাড়ী যাও—Go home.

এ কাজটি এখনই কর—Do this at once.

ক্লাশ ছাড়িয়া যাইও না—Don't leave the class.

বেঞ্চের উপর দাঁড়াও—Stand up on the bench.

শিশুর মত কাঁদিও না—Don't cry like a child.

এক কাপ চা খান—Please take a cup of tea.

(অনুরোধ—Please)

ইংরাজীতে অনুবাদ কর—Translate into English.

Note—বাংলায় যেমন 'তুমি যাও' 'তুমি কর' প্রভৃতি বাক্যে 'তুমি' উহ্য রাখিয়া 'যাও', 'কর', ইত্যাদি বলিলেই সম্পূর্ণ ভাব প্রকাশিত হয়, ইংরাজীতেও সেইরূপ you go. you do. ইত্যাদি না বলিয়া 'go' 'do' বলিলেই sentence সম্পূর্ণ হয়। Subject 'you' উহ্য থাকে।

Drill

1. ইংরাজীতে অনুবাদ কর :—

(a) ছেলেটি সারাদিন খেলা করে (all day বা the whole day)। মা রাত্রিতে বেশী ঘুমান না (much)। তুমি কি ছাদের উপর থেকে ঘুড়ি ওড়াও (fly kites form the roof) ? হাঁ, ওড়াই। কখনও এইরূপ করিও না। তোমার বাবা অফিস হইতে কখন ফিরেন (from his office) ?

(b) প্রধান শিক্ষক মহাশয় আমাদিগকে ইংরাজী পড়ান (teach)। সারা সকাল বিছানায় শুয়ে থেকো না (lie in bed all morning)। মতি কি তার ছোট ভাইকে মারে ? খোঁড়াকে দেখিয়া হাসিও না (laugh at a lame man)। মালতী কি তার মাকে সাহায্য করে না (help) ? হাঁ, করে। তুমি কি অসুস্থ বোধ করিতেছ (feel unwell) ? গোলমাল বন্ধ কর (stop the

noise)। আমি এ বিষয়ে কিছুই জানি না (know any thing about this matter)। তোমাদের স্কুল কটায় আরম্ভ হয় (begin)? তোমার দাদা কি এখন কলিকাতায় থাকেনা (elder brother)?

2. প্রশ্নবোধক বাক্যে (Interrogative form-এ) পরিণত কর :—

Many flowers bloom (ফুটে) in the spring. Cold wind blows (প্রবাহিত হয়) in winter. You do not work regularly (নিয়মিতভাবে) They buy things from the local market (স্থানীয় বাজার).

3. না সূচক বাক্যে (Negative Sentence-এ) পরিবর্তিত কর :—

I like mangoes. We get up at 6 A. M. You always come late. He keeps his books neatly (পরিচ্ছন্নভাবে) on the table. They play in the school compound (প্রাঙ্গণে).

LESSON 7

Articles—A, An, The

I

ইহা একটি গোলাপ ফুল—It is *a* rose.

শিক্ষক মহাশয় একটি চেয়ারে বসেন—The teacher sits on *a* chair.

তিনি এক টুকরা খড়িমাটি দিয়ে ব্লাকবোর্ডে লিখেন—He writes on the black board with *a* piece of chalk.

আমি ছাতা নিয়ে স্কুলে আসি—I come to school with *an* umbrella.

তোমার দোয়াত আছে কি?—Have you *an* ink-pot?

তিনি প্রাতে একটি ডিম খান—He takes *an* egg in the morning?

ইহা কি একটি পিপীলিকা?—Is it *an* ant?

আমাদের বাড়ীর নিকটে একটি খোলা মাঠ আছে—There is *an* open field near our house.

কেহই দুষ্ট ছেলেকে পছন্দ করে না—Nobody likes *a* naughty boy.

গরু উপকারী প্রাণী—The cow is *a* useful animal.

আমাকে একটি এক-টাকার নোট দাও—Give me *a* one rupee note.

Mr. Jones. একজন ইউরোপীয়ান—Mr. Jones is *a* European.

আমার বাবা কলিকাতা বিশ্ববিদ্যালয়ের এম. এ.—My father is *an* M. A. of the Calcutta University.

ষাট মিনিটে এক ঘণ্টা—Sixty minutes make *an* hour.

Note—(a) বাংলাতে কোন ব্যক্তি বা বস্তুর সংখ্যা বুঝাইতে 'এক' 'একটি' বা একটা 'কোন-এক' প্রভৃতি শব্দ ব্যবহৃত হয়; অনেক সময় 'এক, একটা' বা এই জাতীয় কোন শব্দই ব্যবহার করা হয় না (যেমন, এটা বই) কিন্তু ইংরাজীতে এইগুলির জন্য 'a' এবং স্থলবিশেষে 'an' ব্যবহার করিতে হয়। বাংলা ভাষায় অধিকাংশ স্থলে এইগুলি উহ্য থাকিলেও ইংরাজীতে অনুবাদের সময় ইহাদের পরিবর্তে 'a' বা 'an' ব্যবহার করিতেই হইবে।

(b) 'a' এবং 'an'-এর অর্থ একই কিন্তু ব্যবহারে পার্থক্য আছে। সাধারণতঃ যে ইংরাজী শব্দের আদ্যক্ষর vowel (অর্থাৎ a, e, i, o, u) তাহার পূর্বে 'an' বসে; এবং যে শব্দের আদ্যক্ষর consonant তাহার পূর্বে 'a' বসে।

বিশেষ নিয়ম এই যে কোন শব্দের আদ্যক্ষর ভাগে যদি vowel 'u'-র উচ্চারণ 'ইউ' হয় এবং 'o'-র উচ্চারণ 'ওয়া' হয় তবে তাহাদের পূর্বে 'an' না বসিয়া 'a' বসিবে।

আবার কোন শব্দের প্রথমে যদি 'eu' থাকে এবং ইহাদের মিলিত উচ্চারণ যদি 'ইউ' হয় তবে ইহাদের পূর্বেও 'an' না বসিয়া 'a' বসিবে। ইহা ছাড়া অনেক স্থলে আবার অক্ষরের ধ্বনি অনুযায়ী 'a' or 'an' ব্যবহৃত হয়।

II

ছেলেটি অন্ধ—*The* boy is blind.

মোটর গাড়ী কী দ্রুত চলে !—How fast *the* motor car runs !

বইখানার দাম কত ?—What is the price of *the* book ?

Note :—'টি', 'টা', 'খানা', খানি প্রভৃতির সাহায্যে বাংলা ভাষায় আমরা কোন ব্যক্তি বা বস্তুকে নির্দেশ করি ; ইংরাজীতে এই অর্থে 'the' ব্যবহৃত হয়। যথা—

ছাতা কোথায় ?—Where is *the* umbrella ?

ছাতাটি বারান্দায়—The umbrella is in *the* varandah.

বাবা বৈঠকখানায় আছেন—Father is in *the* drawing-room.

আমি আমার ভাইবোনসহ বিকালে বাগানে কাজ করি—I work in *the* garden in the afternoon with my brothers and sisters.

দরজা বন্ধ কর—Shut *the* door.

বাঙ্গালায় অনেক সময় 'টা, টি, খানা' প্রভৃতির উল্লেখ থাকে না, কিন্তু নির্দেশের অর্থ থাকিলে ইংরাজীতে '*the*' অবশ্যই বসাইতে হইবে।

III

অশ্ব উপকারী জন্তু { *The* horse is a useful animal.
A horse is a useful animal.
Horses are useful animals.

গোলাপ একটি সুন্দর ফুল—*The* rose is a beautiful flower.

আমি নারিকেল ভালবাসি—I like *the* cocoanut.

মনুষ্য মরণশীল—Man is mortal.

Note :—কোন প্রাণী, বৃক্ষ বা ফল জাতি অর্থে ব্যবহৃত হইলে, ইহার পূর্বে সাধারণতঃ 'the' বসে ; কিন্তু 'মনুষ্য' যদি মনুষ্য জাতি অর্থে ব্যবহৃত হয় তাহা হইলে 'man'-এর পূর্বে কোন Article বসে না।

IV

স্থৰ্য উঠিয়াছে—*The* sun is up.

চন্দ্র অস্তমিত—*The* moon is set.

আকাশে তারাগুলি ঝিক্ মিক্ করে—*The* stars twinkle in the sky.

পশ্চিমবঙ্গের দক্ষিণে বঙ্গোপসাগর—*The* Bay of Bengal is to *the* south of West Bengal.

হিমালয় পৃথিবীর সর্বোচ্চ পর্বত—*The* Himalayas are the highest mountain ranges in *the* world.

বাবা প্রাতে গীতার এক অধ্যায় পড়েন—Father reads a chapter from *the* Geeta every morning.

বারাণসী গঙ্গার কূলে অবস্থিত—Banaras stands on the Ganges.

Note :—প্রকৃতিতে যে সমস্ত বস্তুর তুলনা মেলে না বা একটি বিশেষ নামে কোন একটি নির্দিষ্ট স্থান বা বস্তু বুঝায় উহাদের পূর্বে 'the' বসে। এইরূপ আরো কয়েকটি দৃষ্টান্ত :—

পৃথিবী—the earth. পূর্বদিক, পশ্চিমদিক প্রভৃতি—the east, the west etc. আন্দামান দ্বীপপুঞ্জ—The andamans. পূর্ব ভারতীয় দ্বীপপুঞ্জ—The East Indies. সিন্ধুনদ—The Indus. আরব সাগর—The Arabian sea. জাহাজের নাম জলগোপাল—The Jalagopal. অমৃতবাজার পত্রিকা—The Amritabazar Patrika. কোরান—The Koran. বাইবেল—The Bible. হিমালয় পর্বতশ্রেণী—The Himalayas. আল্পস্ পর্বতমালা—The Alps. (কিন্তু) ভেসুভিয়স্ পর্বত—Vesuvius.

অর্থযুক্ত কোন স্থান বা প্রদেশের নাম—পাঞ্জাব (পঞ্চ+আব বা নদী—)The Punjab. দাক্ষিণাত্য (দক্ষিণে অবস্থিত স্থান)—The Decan.

ইংরাজী তারিখ— ১৯৫৫ সনের ১৫ই জানুয়ারীতে— On the 15th january, 1955.

নিম্নলিখিতগুলি বিশেষ কোন ধরাবাঁধা নিয়মে পড়ে না ; যেরূপ ব্যবহার প্রচলিত সে ভাবেই শিখিতে হইবে :—

ইংরাজেরা—The English. ইংরাজী ভাষা—English. ফরাসীরা—The French. ফরাসী ভাষা—French. হিন্দুরা—The Hindus. মুসলমানেরা—The Muslims. বাঙ্গালীরা—The Bengalees. বৌদ্ধেরা—The Buddhists. পার্শীরা—The Parsis. জার্মানরা—The Germans. রাশিয়ানরা—The Russians. আমেরিকাবাসীরা— The Americans.

Note :—মনে রাখিবে যে কোন ভাষার নামের পূর্বে কোন Article বসে না ; যেমন—English, Bengali, Hindi, Urdu ইত্যাদি।

V

শ্রীজওহরলাল নেহরু ভারতের প্রধান মন্ত্রী—Shri Jawharlal Nehru is *the* Prime Minister of India.

ইনি নেপালের রাজা—He is *the* King of Nepal.

মিষ্টার বোস এই কলেজের অধ্যক্ষ—Mr. Bose is *the* Principal of this College.

টাইফয়েডের ইহাই সেরা ঔষধ—This is *the* medicine for typhoid.

তিনিই এই স্থানে সবচেয়ে বৃদ্ধ—He is *the* oldest man in this place.

দরিদ্রেরা প্রায়ই শ্রমশীল হয়—The poor are generally industrious.

Note : বিশেষ উপাধি বা পরিচয়ের পূর্বে শ্রেষ্ঠ নিকৃষ্ট বা অর্থবাচক শব্দের পূর্বে 'the' ব্যবহৃত হয় !

ইংরাজীতে কোন adjective বা বিশেষণের পূর্বে 'the' বসিলে ইহা একটি বহুবচনান্ত বিশেষ্যের অর্থ প্রকাশ করে।

Drill.

1. শূন্যস্থানগুলি a, an, বা the দ্বারা পূর্ণ কর :—

(a) There is—ink-pot on—table. He is not—Eurasian but—Indian. He takes—apple and—orange every day. —

uncle of mine lives in—Punjub. We get half—hour for tiffeen at school. The Howrah Bridge is over—Ganga. Dr. B. C. Roy is—chief Minister of West Bengal.

(b) Is—headmaster of your school—B. A? No, he is —M. A., B. T. —lion is—King of beasts. —Queen Mary is—English ship. —aeroplane moves much faster than—train or Motor Car. He is—man for the job (কাজ). —rich and —poor are all alike in the eye of law (আইনের চোখে ধনী নির্ধন সমান). —cocoanut is—useful tree. We sit in—garden in the evening.

2. ইংরাজীতে অনুবাদ কর :—

(a) আমার এক মাসীমা (aunt of mine) দিল্লী থাকেন। ব্রহ্মপুত্র হিমালয় পর্বত হইতে উত্থিত হইয়াছে (comes)। ইহা একটি বড় নদী। আমি ক্লাশে ডেস্কের উপর বইগুলি রাখি। একজন M. B. পাশ ডাক্তার আমাদিগকে স্বাস্থ্যবিধান (hygiene) শিক্ষা দেন (teach us)। একটি পাখী একটি আপেল গাছের শাখায় (branch) বসেছে (is sitting)। বর্ষাকালে (in the rainy season বা during the rains) দক্ষিণ পূর্বদিক হইতে (south east) বাতাস প্রবাহিত হয় (blows)। কুকুর বড় প্রভুভক্ত (faithful)।

(b) আমার একটা আলোয়ান (wrapper), একটা সোয়েটার (Sweater), ও একটা ওভার কোট (over coat) দরকার (I want)। যদুই একাজের উপযুক্ত লোক (the man for this work)। আমাদের স্কুলের দারোয়ান (Durwan) এক জন সৎ লোক। তিনি সকালে ও সন্ধ্যায় খোলা মাঠে বেড়ান (open field)। গ্রীষ্মকালে (In summer) সূর্য প্রখর হয় (becomes hot)। সন্ধ্যাকালে আকাশে তারা ওঠে (appear)। মহাভারতে অনেক সুন্দর গল্প আছে (beautiful stories)। আমরা প্রতি বৎসর ১৫ই আগষ্ট (August) স্বাধীনতা দিবস পালন করি (observe Independence day)। শ্রীনেহেরু একজন ইংরাজের (Englishman) মতন ইংরাজী বলেন (speak)।

LESSON 8

Number—Singular (একবচন) and Plural (বহু বচন)

a, one, two, three, etc.

আমি একটি কলম চাই—I want a pen.

এখানে তিনটি কলম আছে—Here are three pens.

আমার পক্ষে একটি কলমই যথেষ্ট—One pen is enough for me.

তাহার দুইটি ঘড়ি আছে—He has two *watches.*

এই কামরাতে তিনটি ভদ্রমহিলা রহিয়াছে—There are three *ladies* in this compartment.

এপ্রিল মাসে ত্রিশ দিন—April has thirty *days.*

এ দু'টি ছুরির দাম কত দিতে হবে—How much am I to pay for these two *knives.*

এই দালানগুলির ছাদ মজবুত নয়—The *roofs* of thsse buildings are not strong.

মালদহের আম বড় এবং সুমিষ্ট—The mangoes of Maldah are big and sweet.

বসন্তকালে কোকিল ডাকে—*Cuckoos* sing in summer.

সভায় প্রায় একহাজার লোক এবং পাঁচশ' স্ত্রীলোক উপস্থিত আছে—There are about a thousand *men* and five hundred *women* present in the meeting.

ইহা একটি শিশুদের পাঠ্য বই—It is a book for children.

এই স্কুলের শিক্ষকদের মধ্যে চারিজন বি, এ, পাশ— Four of the teachers of this school are B. A's.

১৯৯ এই সংখ্যায় কয়টি '৯' আছে?—How many 9's are there in 199?

অষ্ট্রেলিয়ার কোন কোন খামারে হাজার হাজার মেষ আছে—There are thousand of sheep in some Australian firms.

Drill

1. ইংরাজীতে অনুবাদ কর :—

(a) আমরা পাঁচ ভাই। এই ঝোপগুলিতে সাপ আছে। এই ঘড়িগুলির দাম কত? মাছিগুলি থাম্বের উপর বসে (sit on)। এই ছড়াটিতে সাতটি চাবি আছে (ring)। বাছুরগুলি এদিক ওদিক ছুটে বেড়ায় (run to and fro)। বাজারে আলু ছ'আনা সের দরে বিক্রি হইতেছে (Sell at six annas seer)।

(b) পার্বত্য ত্রিপুরায় যথেষ্ট বাঁশ জন্মে (grow in plenty in Hill Teppera)। সে ভালরূপে দাঁত মাজে (brushes)। এই ষাঁড় দু'টি গাড়ী টানে (draw carts)। আমাদের স্কুলের জন্য দুইজন বি, টি, চাই (are wanted)। "bell" এই শব্দটিতে কয়টি 'l' আছে (how many...are these...)? চিড়িয়াখানায় অনেক হরিণ আছে (in the Zoological gardan)।

2. প্রত্যেকটি Bracket এর (বা বন্ধনীর) মধ্যে যে শব্দটি রহিয়াছে, উহার plural form ব্যবহার কর :—

(a) Who are these (child)? She wears pretty (dress). Ther are some (monkey) on the (branch) of those (tree). These (box) are full of (book). (tomato) are good for health.

(b) Most (mosqiuto) carry (germ) of diseases (অধিকাংশ মশকই ব্যারামের জীবাণু বহণ করিয়া থাকে।

(Leaf) of trees is full in winter. He knows many (story). Calcutta is the biggest of all (city) in India. we read in history about the (life) of (hero) and (monarch).

1/121 960

LESSON 9

Past Indefinite tense of the verb 'to be'

I

আমি সেই সময়ে কলিকাতা ছিলাম—I was in Calcutta at the time.

তুমি কি কাল স্কুলে অনুপস্থিত ছিলে? were you absent from school yesterday?

তাহারা যাইতে ইচ্ছুক ছিল না—They were not willing to go.

তখন ছিল সন্ধ্যাবেলা—It was then evening.

তিনি বেথুন কলেজের ছাত্রী ছিলেন—She was a student of Bethune College.

Note :—অতীতে কোন কার্য ঘটিলে বা অতীতে কোন অভ্যাস-সূচক কাজ করিয়া থাকিলে সেই সমস্ত 'verb' এর Past Indefinite tense হয়।

II

Past Indefinte tense of the verb to have.

এক রাজার চারি পুত্র ছিল—A king had four sons.

আমাদের একটি বাইসাইকেল ছিল—We had a bi-cycle.

তোমাদের কি কোনও রেডিও ছিল না?—Had you no radio set?

না, আমাদের ছিল না—No, hadn't (had not).

তাঁহার কি সুন্দর একটা ঝরণা কলম ছিল!— What a nice fountain pen he had!

আমার সঙ্গে একটি কানাকড়িও ছিল না—I had not (hadn't) with me a single penny.

III

Past Indefinite tense of the verb 'to do'.

আমি এই অঙ্কটি করেছিলাম—I did this sum.

তুমি কি এরূপ করেছিলে ?—Did you do so ?

হাঁ, করেছিলাম—Yes, I did.

না, করি নাই—No, I didn't.

তাহারা কোন ক্ষতি করে নাই—They did not do any harm.

IV

Other familiar verbs in the past tense

Some Past forms :

go—went ; come—came ; run—ran ; read—read (উচ্চারণ রেড) sit—sat ; write—wrote ; give—gave ; see—saw ; sing—sang ; fall—fell ; lie—lay ; stand—stood ; sleep—slept (স্লেপ্ট) ; keep—kept ; steal—stole ; think—thought ; meet—met (দেখা হওয়া বা দেখা করা) ; take —took ; look (তাকান)—looked ; get—got ; say—said ; tell—told.

আমি বাড়ী গিয়েছিলাম—I went home.

তুমি কি আমার কাছে চিঠি লিখেছিলে ?—Did you write to me ? (বা did you write any letter to me ?)

হাঁ, লিখেছিলাম—Yes, I did.

না, লিখি নাই—No, I didn't.

সে (মেয়েটি) আমাদিগকে একটি বড় সুন্দর গান শুনিয়েছিল—She gave us a very beautiful song.

দু'টি ভাই পাশাপাশি শুয়েছিল—The two brothers slept side by side.

সূর্য আকাশে অনেক উঁচুতে উঠিল—The sun rose high up in the sky.

আমরা আত্মীয়দের নিকট হইতে কোন সাহায্য পাই নাই—We did not get any help from our relatives.

Drill

1. ইংরাজীতে অনুবাদ কর :—

(a) বৃক্ষটি পুরাতন ছিল (old)। তাহারা কি সাহসী ছিল না (brave)? তোমরা কি মাঠে উপস্থিত ছিলে? যদুবাবুর কি কোন পুত্রসন্তান (male issue) ছিল না? না, ছিল না। আমার অপেক্ষা করিবার সময় ছিল না (no time to wait)। গাছ হইতে কতকগুলি হল্‌দে পাতা পড়িল (yellow leaves)। আমি তাহাকে সৎ বলিয়া মনে করিয়াছিলাম (to be honest)।

(b) সেদিন কি সূর্য্য উঠে নাই? তাহারা তাহাদের ভূসম্পত্তি বিক্রয় করিয়াছিল (landed property)। সে এই কাজটি করে নাই কেন? তিনি আমার দিকে অনেকক্ষণ তাকাইয়া থাকিলেন (to look long at)। তুমি কি গতকাল মাছ ধরিয়াছিলে (catch fish)? হাঁ, ধরিয়াছিলাম। না, ধরি নাই। রবীন্দ্রনাথ অতি সম্ভ্রান্ত বংশে জন্মগ্রহণ করেছিলেন (came of a very respectable family)। তোমার কি রামের সঙ্গে দেখা হয়েছিল (meet or meet with)?

LESSON 10

The Future Indefinite Tense

I

আমি আজ স্কুলে যাব—I shall go to school to-day.

ইহাতেই চলিবে—This will do.

অলস হইয়া বসিয়া থাকিলে চলিবে না—It will do not to be sitting idle.

সে কাল ভাত খাইবে না—He will not (বা won't) take his meals to-morrow.

তোমরা আজ আধা ছুটি পাবে—You will have a half-holiday to-day.

তুমি আমার সঙ্গে যাইবে—You will go with me.

মা ইহাতে রাগ করিবেন—Mother will be angry at this.

Note : শুধু ভবিষ্যৎ কাল (বা Simple Futurity) বুঝাইতে, First Person-এ 'shall' এবং Second ও third person-এ 'will' বসে ;

II

আমি কি তোমার পাশে বসিব ?—Shall I sit by you ?

তুমি আমার সহিত ষ্টেশনে যাইবে ?—Will you go with me to the station ?

তাহারা কি তোমাকে ভোজনের নিমন্ত্রণ করিবে ?—Will they invite you to dinner ?

Note :—শুধু ভবিষ্যৎ কাল বুঝাইলে, (বা Interrogative Sentence-এও First person-এ 'shall' এবং Second ও Third person-এ 'will' ব্যবহৃত হয়।

III

আমি এক ঘণ্টার মধ্যেই এই কাজটি শেষ করিব (বক্তার প্রতিজ্ঞা)—I **will** fiinish the work within an hour.

তোমরা কোন ক্রমেই ক্লাস ছাড়িয়া যাইবে না (আদেশ)—You shall not leave the class on any account.

Note : বক্তার ইচ্ছা, আদেশ, প্রতিজ্ঞা বা ভয় প্রদর্শন প্রভৃতি বুঝাইলে ভবিষ্যত কালে Fsrst person-এ 'will' এবং Second ও Third person-এ 'shall' হইবে।

IV

আগামী সোমবার স্কুল বন্ধ হইবে—The school closes on Monday next.

দুপুরে আহারের পর বিশ্রাম করিবে—After dinner rest a while.

তুমি কোথায় যেতে চাও ? Wh ere do you want to go ?

মনে রাখিও অনেক সময় বাঙ্‌লায় ভবিষ্যৎ কালের ক্রিয়া থাকিলেও ইংরাজীতে present Indefinite Tense ব্যবহৃত হয়।

Drill

ইংরাজীতে অনুবাদ কর ঃ—

(a) তুমি এবার পুরস্কার পাবে। আমি তোমার সহিত যাইবই। তোমরা কখনও মিথ্যা কথা কহিবে না। আপনি কি দয়া করে এই বইটি ধার দিবেন (lend me this book)? আমি তাহাকে আচ্ছা শিক্ষা দিব (teach him a good lesson). তোমরা কি এখানে বেশীদিন থাকিবে না (stay here long)? না থাকিব না।

(b) সে কালে বড়লোক হইবে (great man in time). ভবিষ্যতের জন্য সাবধান হইবে (to be careful for the future)। তিনি একাজ করিতে কিছু মনে করিবেন না (mind doing this work)। আমার ভাই এবার পরীক্ষা দিবে (appear at the examination)। শীঘ্রই বৃষ্টি হবে। আমাদের অফিস আগামী বুধবার বন্ধ হবে।

LESSON 11

The Present Continuous Tense

I

আমি ইতিহাস পড়িতেছি—I am reading history.

তুমি কি বাড়ী যাইতেছ?—Are you going home?

হ্যাঁ, যাইতেছি—Yes, I am.

না, যাইতেছি না—No, I am not.

তিনি কি বেড়াইতে যাইতেছেন?—Is he going out for a walk?

বৃষ্টি হইতেছে—It is raining.

ঘণ্টা বাজিতেছে—The bell is ringing.

Note—বাঙলায় 'ইতেছি', 'ইতেছে', 'ইতেছ' প্রভৃতি যুক্ত ক্রিয়াপদ থাকিলে সেই স্থলে সাধারণতঃ ইংরাজীতে Present Continuous Tense ব্যবহৃত হয়। am, are, is প্রভৃতি auxiliary verb-এর পর মূল verb-এর present participleকে বসাইলেই এই tense গঠিত হয়। মূল verb-এর সঙ্গে ing যোগ করিলেই সাধারণতঃ present Participle গঠিত হয়।

যে কার্যটি বর্তমানে চলিতেছে বা শীঘ্রই ঘটিতে যাইতেছে সেই সব স্থলে এই tense ব্যবহৃত হয়।

II

আমি অসুস্থ বোধ করিতেছি—I feel unwell.

আমি আপনাকে দুঃখের সঙ্গে জানাইতেছি—I inform you with regret.

আমি তোমার কুশল কামনা করি—I wish you well.

Note—বাঙলায় কোন কোন স্থলে Continuous Tense-এর অনুরূপ ক্রিয়াপদ ব্যবহৃত হইলেও ইংরাজীতে Present tense-এর ব্যবহৃত হয়।

Drill

1. ইংরাজীতে অনুবাদ কর :—

(a) চড়া বাতাস (strong wind) বহিতেছে (blow)। সূর্য অস্ত যাইতেছে। শিক্ষক মহাশয় নাম ডাকিতেছেন (call the rolls)। ছেলেরা এখন টিফিন খাইতেছে। পিয়নটি (peon) কি পোষ্টাফিসে যাইতেছে? হাঁ, যাইতেছে। আমি শুধু এই কাপড়খানা চাহিতেছি (want)।

(b) জানালা বন্ধ করিতেছ না কেন (shut the window)? তোমাকে কে ডাকিতেছে (call)? আজ বিকালে আমরা কলিকাতা রওনা হইতেছি (start for, this afternoon). মেয়েরা সমস্বরে জাতীয় সঙ্গীত গাহিতেছে (the national song, in chorus)। অন্ধকার হইতেছে (getting dark)।

2. নিম্নলিখিত Present Indefinite Tense-এর বাক্যগুলিকে Present Continuous Tense-এ পরিবর্তিত কর :—

(a) We go to the railway station in a taxi. Father purchases (ক্রয় করেন) a ticket. We get into the train. The porters (কুলীরা) carry our luggage (মাল বহন করে)। The guard blows his whistle.

(b) The train steams out of the station. The ticket checker examines our tickets. The train passes over a bridge (সেতুর উপর দিয়া যায়). Another train Comes from the opposite direction (বিপরীত দিক হইতে). The train stops at the next station. The train starts again.

LESSON 12

The Past Continuous Tense

আমি বেহালা বাজাইতেছিলাম—I was playing on a Violin.

লোকটি ভিক্ষা চাহিতেছিল—The man was asking for alms.

ঝড়ে নৌকাগুলি ডুবিতেছিল—The boats were sinking in the storm.

তাহারা আনন্দে চীৎকার করিতেছিল—They were shouting in joy.

আমরা জাতীয় পতাকা উত্তোলন করিতেছিলাম—We were hoisting our national flag.

তিনি একটি বক্তৃতা দিতেছিলেন—He was delivering a lecture (or he was making a speech).

আমাদের দল জিতিতেছিল—Our team was winning.

কৃষকেরা ভূমি চাষ করিতেছিল—The cultivators were tilling the soil.

Note—যে কাজটি অতীতে চলিতেছিল— এই অর্থে Past Continuous Tense ব্যবহৃত হয়। 'ইতেছিলাম', 'ইতেছিল', 'ইতেছিলে' প্রভৃতি যুক্ত ক্রিয়াপদের ইংরাজী এই tense-এ করিতে হয়।

Drill

1. ইংরাজী কর :—

আমরা চারাগাছে জল দিতেছিলাম (to water plants)! আমার দাদা (elder brother) কোদাল দিয়া মাটি উল্টাইয়া দিতেছিল। (to turn

the soil with a spade). আমার ছোট ভাইয়েরা বাল্তি দিয়া পুকুর হইতে জল আনিতেছিল (younger brothers, bucketfuls of water)। আমার বোনেরা কোদালিদ্বারা আগাছাগুলি পরিষ্কার করিতেছিল (to hoe up the weeds)। মা কয়েকটা লেবুর কলমের চারা পুতিতেছিলেন (to plant grafts of citrus trees)। বাবা বাগানের চারিদিকে বাঁশের বেড়া দিতেছিলেন (to put up a bamboo fencing round the garden)। বাগানে কতকগুলি মৌমাছি (bee) গুন্‌গুন্‌ করিতেছিল (hum + ing = humming) আমাদের ভৃত্য নবীন বাগানে সার দিতেছিল (our servant Nabin, to manure a garden)।

2. যে verb-গুলি নিম্নলিখিত sentence সমূহের Present tense-এ তাহাদিগকে Past tense-এ এবং যেগুলি Present Continuous Tense-এ আছে সেইগুলিকে Past Continuous Tense-এ পরিবর্ত্তিত কর :—

(a) The trees are in flowers. The mango trees *are pulling forth* new leaves (নূতন পাতা বাহির হইতেছে) The flower plants *are* in full bloom. (ফুল ফুটিয়াছে) The guava trees (পেয়ারা গাছগুলি) *are bearing* fruit (ফল ধরিতেছে). The yellow leaves (হলদে পাতাগুলি) *are falling* on the ground.

(b) The birds are chirping (কিচির মিচির করিতেছে) in joy. The flowers are giving out a sweet scent. (সুমিষ্ট গন্ধ দিতেছে). The branches of some trees are waving (আন্দোলিত হইতেছে) in the evening breeze. (সান্ধ্য সমীরণে). We have also a kitchen garden. (শাক শব্জির বাগান. Bringals (বেগুন) potatoes, tomatoes, gourds (লাউ) and other kinds of vegetables (অন্য-জাতীয় উদ্ভিজ্জ বা তরকারী) grow in our kitchen garden.

LESSON 13

The Future Continuous Tense

কাল এমন সময়ে আমরা ময়দানে বেড়াইতে থাকিব—We shall be walking about in the Maidan this time to-morrow.

সন্ধ্যার সময় ছেলেরা পড়া তৈরি করিতে থাকিবে—The boys will be doing their lessons in the evening.

তুমি কি কোন কাজ না করিয়া শুধু বসিয়াই থাকিবে ?—Will you be simply sitting idle ?

আমি যদি এই ব্যাপারটি পুলিশকে না জানাই তাহা হইলে আমার পক্ষে বিবেকের বিরুদ্ধে কাজ করা হইবে—I shall be acting against my conscience if I do not report the matter to the police.

তুমি কি সর্ব্বদাই পরের উপর খাইবে ?—Will you be always living on others.

Note—ভবিষ্যতে কোন কাজ চলিবে এই অর্থে Future Continuous Tense ব্যবহৃত হয়।

Drill

1. ইংরাজীতে লিখ :

কাল এমন সময় আমি বাড়ী রওনা হইব। আজ সন্ধ্যাবেলা তোমাদের ট্রেন কলিকাতার কাছাকাছি যাইবে (to near Calcutta)। সে কোন কথার সোজা উত্তর না দিয়া কেবল কথার পর কথা বলিয়া যাইবে (talk and talk without giving a straight answer)। আকাশে তারাগুলি (star) ঝিকমিক্ করিতে থাকিবে (twinkle)। কাল বেলা ১০টা হইতে ১টা পর্যন্ত পরীক্ষা চলিতে থাকিবে (examination, to go on)।

LESSON 14

Present Perfect Tense

আমি ইহা করিয়াছি—I have done this. (এইমাত্র সমাপ্ত)

তুমি কি তাজমহল দেখিয়াছ ?—Have you seen the Tajmahal ?

হাঁ, দেখিয়াছি—Yes, I have.

না, দেখি নাই—No, I have not (বা haven't).

তারা কি এখনও কাজ শেষ করে নাই ?—Have they not finished their work yet ?

কে তোমাকে এই স্কুলে ভর্ত্তি করিয়াছে ?—Who has admitted you to (বা into) this school ?

আজ সারাদিন বৃষ্টি হইয়াছে—It has rained all day.

ঈশ্বর এই বিশ্ব সৃষ্টি করিয়াছেন—God has created this Universe. (ফল এখনও বর্ত্তমান)

আমার সর্দি হইয়াছে—I have caught cold.

আমি গতকল্য হইতে এখানে আছি—I have been here since yesterday.

Note : (a) 'ইয়াছে', 'ইয়াছি', 'ইয়াছে' প্রভৃতি যুক্ত ক্রিয়াপদ দ্বারা কার্য্য এই মাত্র শেষ হইয়াছে বা কার্যের ফল এখনও বর্তমান আছে' এইরূপ বুঝাইলে Verb এর Present Perfect Tense হয়।

(b) Present Perfect Tense গঠন করিতে হইলে has বা have এর পর মূল verb এর Past Participle বসাইতে হয়। কয়েকটি familiar verb এর Past Tense ও Past Participle নিয়ে দেওয়া হইল :—

	Past Tense	Past Participle
Be	was	been
go	went	gone
come	came	come

	Past Tense	Past Participle
walk	walked	walked
run	ran	run
stand	stood	stood
sit	sat	sat
lie	lay	lain
sleep	slept	slept
say	said (ছেড্)	said
read	read (রেড্)	read (রেড্)
write	wrote	written
eat	ate	eaten
take	took	taken
give	gave	given
see	saw	seen
think	thought	thought
make	made	made
break	broke	broken
get	got	got
rise	rose	risen

ইংরাজীতে অনুবাদ কর :— (মূল 'verb' গুলির Past tense ও Past Participle এর form নিয়ে দেওয়া হইল।)

(a) আমরা একটি সভা করিয়াছি (hold a meeting)।

তিনি আমাদের সভার সভাপতি হইয়াছেন (preside over our meeting)।

তিনি প্রধান অতিথিরূপে সভায় যোগদান করিয়াছেন (join as the chief guest)।

সভায় বহুলোক সমবেত হইয়াছে (assemble at the meeting)। স্কুলের প্রধান শিক্ষক মহাশয় বার্ষিক বিবরণী পাঠ করিয়াছেন (read the annual report)।

(b) কয়েকটি ছাত্র কবিতা আবৃত্তি করিয়াছে (recite poems)। ছেলেরা একটি নাটকও অভিনয় করিয়াছে (also stage a play)।

উপস্থিত সকলেই (All present) তাহাদিগকে বিশেষ প্রশংসা করিয়াছেন (praise them highly). সভাপতি মহাশয় একটি সংক্ষিপ্ত ভাষণ দিয়াছেন (give or make a short speech)।

স্কুল কমিটির সেক্রেটারী (The Secretary of the School committee) সভাপতি মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করিয়াছেন (offer him thanks).

hold-held : held ; preside : presided : presided ; join : joined : joined ; assemble : assembled : assembled ; recite : recited : recited ; stage : staged:staged ; praise : praised : praised ; offer : offered : offered]

LESSON 15

Past Perfect Tense

ট্রেন আসিবার পূর্ব্বে আমরা ষ্টেশনে পৌঁছিয়াছিলাম—We *had reached* the station before the train arrived.

সূর্য উদিত হইবার পর তাহারা রওনা হইল—They started after the sun *had risen*.

আগুন লাগিবার পর দমকল আসিল—The fire brigade came after the fire *had broken out*.

উড়ো জাহাজটি অবতরণ করার পূর্বেই আমরা দমদম বিমানঘাঁটিতে উপস্থিত হইলাম—We *had come* to the Dumdum air-port before the aeroplane touched the ground.

তাঁহার পিতার মৃত্যুর পূর্ব্বেই তিনি এম. এ. পরীক্ষা দিয়াছিলেন—He had appeared at the M. A. Examination before his father died.

Note (a) বাঙলায় 'ছিলাম', 'ছিলে', 'ছিল' প্রভৃতি যুক্ত ক্রিয়াপদের ইংরাজী সাধারণতঃ Past tense এ করিতে হয়। আবার এইরূপ 'ছিলাম', 'ছিলে', 'ছিল' যুক্ত ক্রিয়াপদে বাক্যের অর্থ বিশেষে Past perfect Tenseও ব্যবহৃত হয়।

একটি অতীত কার্যের পূর্বে আরেকটি কার্য হইয়া গিয়াছিল এইরূপ বুঝাইলে এবং দুইটি অতীতব্যঞ্জক ক্রিয়ার ব্যবহার হইলে, যে ক্রিয়াটি বেশী অতীত তাহাতে Past Perfect Tense ও যেটি পরে ঘটিয়াছিল তাহাতে শুধু Past Tense ব্যবহার করিতে হইবে।

Past Perfect Tense গঠন করিতে হইলে auxiliary verb 'had'—এর পর মূল verb-এর Past Participle form ব্যবহার করিতে হয়।

II

ট্রেন আসার পূর্বে আমরা ষ্টেশনে পৌঁছিয়াছিলাম— We *reached* the station before the arrival of the train.

আমি একটি শব্দ শুনিয়াছিলাম কিন্তু কাহাকেও দেখিলাম না—I heard a sound but saw no one.

নেকড়ে বাঘ দেখা মাত্র ছেলেটি 'নেকড়ে বাঘ! নেকড়ে বাঘ!' বলিয়া চীৎকার দিয়া উঠিল—As soon as the boy saw a wolf, he cried out 'wolf! wolf!'

যেই ঝড় উঠিল অমনি নৌকাটি নদীতে ডুবিয়া গেল—

(i) No sooner had the storm arisen than the boat sank into the river.

(ii) No sooner did the storm arise than the boat sank into the river.

মনে রাখিও যেখানে অতীতে দু'টি কার্য পর পর ঘটিয়াছে কিন্তু বাক্যটিতে শুধু একটি verb ব্যবহৃত হইয়াছে, সেই স্থলে সেই verb-টিতে Past tense ব্যবহার করিতেহইবে। আর যেখানে অতীতে দু'টি কার্য প্রায় একই সময়ে ঘটিয়াছিল, সেই স্থলে দুইটিই Past tense হইতে পারে।

Drill

ইংরাজী কর:—

(a) কলিকাতা আসিবার পূর্বে আমি কোন দিন হাসপাতাল দেখি নাই (a hospital)। বেলা ৭টা বাজিবার পূর্বেই (before 7 A. M.)

আমরা Medical College-এ পৌঁছিলাম (to reach)। পূর্বের দিন (on the previous day) আমার ছোট ভাই খেলার মাঠে (play-ground) পা ভাঙ্গিয়াছিল (break his leg)। তাহাকে হাসপাতালে ভর্তি করার পর ডাক্তার তাহাকে পরীক্ষা করেন (to examine, after his admission into the hospital)। ডাক্তার তাহাকে পরীক্ষা করিয়া তাহার পা বাঁধিয়া দিলেন (to bandage one's leg)। ডাক্তারকে দেখিয়াই (as soon as) আমার ভাই ভয়ে কাঁদিয়া ফেলিল (burst into tears in fear)।

(b) তিনি একটি মালিশ ব্যবস্থা করিলেন (to prescribe, an ointment)। ডাক্তার চলিয়া গেলে একটি সেবিকা (nurse) আসিল। ভাইয়ের দেহের তাপ লইয়া ধাত্রীটি তাহাকে পথ্য দিল (to take one's temperature, diet) । এক সপ্তাহ্ হাসপাতালে থাকার পর আমার ভাই সম্পূর্ণরূপে আরোগ্য লাভ করিল (to stay in the hospital, to recover fully)। হাসপাতালের লোকেরা (the hospital staff) রোগীর খুব যত্ন করিয়াছিল (to take great care of a patient)। তাঁহারা পথ্যের জন্য বা চিকিৎসার জন্য কিছু দাবী করেন নাই (to charge nothing for diet or treatment)।

LESSON 16

The Future Perfect Tense

I

কাল এমন সময়ে তোমরা বাড়ী পৌঁছিয়া যাইবে—You will have reached home by this time to-morrow.

আমরা এক সপ্তাহের মধ্যে এই কাজটি শেষ করিয়া ফেলিব—We shall have finished the work within a week.

পরীক্ষা আরম্ভ হইবার পূর্বেই আমরা পরীক্ষার 'হলে' পৌঁছিয়া যাইব—We shall reach the Examination hall before the Examination commences.

Note : ভবিষ্যতে কোন কাজ সম্পূর্ণ হইবে এই অর্থে Future Perfect Tense-এর ব্যবহার হয়।

কিন্তু ভবিষ্যতে কোন কাজ সমাপ্ত হইবে এই অর্থে শুধু Future tense-ও ব্যবহার করা চলে।

এই কারণে Future Perfect Tense-এর ব্যবহার খুব কম।

II

সে এতক্ষণে রওনা হইয়া থাকিবে—He will have started by now.

আপনি ইতিপূর্বেই আপনার ছেলের চিঠি পাইয়া থাকিবেন—You will have heard from your son already.

Note : উপরের দৃষ্টান্তগুলিতে অতীতে সমাপ্ত কাজ সম্বন্ধেই Future Perfect Tense-এর ব্যবহার হইয়াছে। এই সব ক্ষেত্রে Future Tense-এর ব্যবহার চলে না।

Drill

ইংরাজীতে অনুবাদ কর :—

উড়োজাহাজটি আগামী কাল এমন সময়ে দমদম হইতে ছাড়িবে (to take off from Dumdum)। বোধ হয় (perhaps) টেলিগ্রামটি (the telegram, the wire) এতক্ষণে বাবার নিকট পৌঁছিয়াছে (to reach father)। তাহার পরীক্ষা এক সপ্তাহের মধ্যেই শেষ হইয়া যাইবে (to be over)। তিনি ইতিপূর্বেই এই দুঃসংবাদ পাইয়া থাকিবেন (to receive this sad news)।

LESSON 17

The Present Perfect Continuous Tense

তিনি গত দশদিন যাবৎ জ্বরে ভুগিতেছেন—He has been suffering from fever for the last ten days.

তিনি গত সোমবার হইতে জ্বরে ভুগিতেছেন—He has been suffering from fever since Monday last.

Note : যেখানে কোন কাজ অতীতে আরম্ভ হইয়া এখনও চলিতেছে এইরূপ ভাব প্রকাশ করে, সেই ক্ষেত্রে Present Perfect Continuous Tense

ব্যবহৃত হইবে এবং যদি সময়ের ব্যাপ্তি বুঝায় (যেমন, দশদিন যাবৎ, এক বৎসর যাবৎ বা এক ঘন্টা যাবৎ) তাহা হইলে for the last ten days, for one year বা for an hour ইত্যাদি হইবে। কিন্তু যদি অতীতের কোন নির্দিষ্ট ক্ষণ হইতে কোন কাজ আরম্ভ হইয়াছে বুঝায় তাহা হইলে সেই সব ক্ষেত্রে since Monday last, since February last, since the Year 1955 বা since his father's death বা এইরূপ ভাবের কোন সময়-বাচক কথা বা ঘটনা since-এর পর বসিবে।

Drill

ইংরাজীতে অনুবাদ কর :—

(a) পিয়নটি (peon) দুপুর হইতে (since noon) চিঠি বিলি করিতেছে (to deliver letters)। পোষ্টাফিসের এক জন কর্ম্মচারী (officer) ডাক-টিকেট (postage stamps) বিক্রি করিতেছেন। পোষ্টমাষ্টার বাবু (The Postmaster) বেলা দশটা হইতে মনি-অর্ডার ও রেজেষ্ট্রি করা চিঠি লইতেছেন (to receive money-orders and registered letters)। তিনি সরকারী বাসায় আজ তিন বৎসর যাবৎ বাস করিতেছেন (to live in the government quarters)। তাঁহার সহকারীটি (Assistant) গত জানুয়ারী মাস হইতে এই অফিসে কাজ করিতেছেন (to serve in this office)।

(b) একটি পিয়ন অদ্যকার ডাকের received by to-days' mail)। সব চিঠিগুলি পৃথক্ পৃথক্ ভাবে সাজাইতেছে (to sort letters)। বহুলোক (Many people) চিঠির জন্য জানালার বাহিরে (outside the window) অনেকক্ষণ যাবৎ অপেক্ষা করিতেছে (to wait for letters for a long time)। কেহ কেহ (some) ডাক বাক্সে চিঠি রাখিতেছে (to post letters)। একটি ভদ্রলোক (gentleman) Savings Bank হইতে টাকা তুলিতেছেন (to withdraw money from......)। আরেকটি ভদ্রলোক (another gentleman) Savings Bank-এ টাকা জমা দিতেছেন (deposit money) into... ..)।

LESSON 18

Past Perfect Continuous Tense

শিক্ষক মহাশয় ক্লাসে ঢুকিবার পূর্বে ছেলেরা চিৎকার করিতেছিল— The boys had been shouting before the teacher entered the class.

এই ঘটনা ঘটিবার পূর্বে আমরা সেখানে শান্তিতে বাস করিতেছিলাম— We had been living there peacefully before this incident happened.

তিনি খবর দিলেন যে একটা আসামী জেলখানা হইতে পলাইতে চেষ্টা করিয়াছিল—He informed (or reported) that a convict had been trying to escape from the prison (or the jail).

Note—একটি অতীত ঘটনা ঘটিবার পূর্ব হইতেই আরেকটি কাজ চলিতেছিল এইরূপ অবস্থায় Past Perfect Tense-এর ব্যবহার হয়। এই tense গঠন করিতে হইলে had been-এর পর মূল verb-এর Present Participle বসাইতে হয় ; যথা—had been reading, had been eating ইত্যাদি।

Drill

1. ইংরাজীতে অনুবাদ কর :—

তিনি খবর দিলেন যে তাহার ছেলে অনেক দিন যাবৎ জ্বরে ভুগিতেছে (to suffer from fever for a long time)।

বাবা আহার করিবার পূর্বে সন্ধ্যা করিতেছিলেন (to say his prayers)।

প্রধান শিক্ষক মহাশয় আমাকে জিজ্ঞাসা করিলেন আমি এতকাল কোথায় পড়িতেছিলাম।

LESSON 19

Future Perfect Continuous Tense

অতিথিরা আসিবার পূর্বেই আমি চা করিতে থাকিব—I shall have been preparing tea before the guests arrive.

ট্রেন ষ্টেশনে আসিবার পূর্ব্বেই আমি টিকিট করিতে থাকিব—I shall be purchasing the ticket before the train reaches the station.

Note—এই tense-এর ব্যবহার খুবই কম। বর্ত্তমানে শুধু এই tense এর form-টি জানিয়া রাখিলেই চলিবে।

LESSON 20

More about Tenses

(Tense-এর ব্যবহার সম্বন্ধে কয়েকটী কথা)

I

Present (Indefinite) Tense ও Present Continuous Tense

(i) তোমাদের একটি present tense এর দৃষ্টান্ত দিতে বলিলে, প্রায়ই উত্তর পাওয়া যায়—'I go' বা 'I walk' অথবা এইরূপ অন্য কিছু। যদি আরো প্রশ্ন করা হয়—I go—আমি যাই। এখানে আমি কখন যাই? তোমাদের Present Continuous Tense সম্পর্কে সম্পূর্ণ ধারণা না থাকিলে, প্রায়ই উত্তর পাওয়া যায়—আমি এখন যাই অর্থাৎ এখন যাইতেছি।

কাজেই **মনে রাখিবে** 'I go' বলিলে আমি যাইতেছি এইরূপ ভাব ব্যক্ত হয় না; 'I go' এই বাক্যটিই present indefinite tense এর দৃষ্টান্ত হিসাবে অসম্পূর্ণ। আমি রোজ স্কুলে যাই—I go to school every day. এইরূপ বলিলে ঠিক হইত এবং ইহাদ্বারা একটি বর্তমান **অভ্যাস** বুঝাইত। 'আমি স্কুলে যাইতেছি'—এ কথার ইংরাজী 'I am going to school.' 'I go to school.' নহে।

আবার What do you do?—তুমি কি কর? (অর্থাৎ সর্বদা তুমি কি করিয়া থাক? পড়াশুনা কর বা চাকুরী কর বা অন্যকিছু কর কিনা জিজ্ঞাসা করা হইল।) What are you doing?—তুমি কি করিতেছ? (অর্থাৎ

তুমি এখন কি করিতেছ? সর্বদা সাধাণতঃ তুমি কি কর, সেই প্রশ্ন এখানে নয়)।

(ii) কয়েকটি বিশেষ স্থলে শুধু present indefinite tense, present continuous tense বা present perfect continuous tense এর অর্থে ব্যবহৃত হয়। যেমন—

I feel—আমি অনুভব করিতেছি।

I understand—আমি বুঝিতেছি।

I hear—আমি শুনিয়াছি।

I learn—আমি জানিয়াছি।

অতএব, বর্তমানের কোন অভ্যাস, নিয়ম বা চিরন্তন সত্য বুঝাইলে **Present indefinite tense** এর ব্যবহার হয়। আর যে কার্যটি এখন (এই মুহূর্তে) চলিতেছে বা শীঘ্রই ঘটিবে সেইরূপ স্থলে **Present continuous tense** এর ব্যবহার হইয়া থাকে।

Exercise

নিম্নের sentence গুলিতে এই দুই প্রকারের tense এর ব্যবহার লক্ষ্য কর এবং এইরূপ ব্যবহারের কারণ নির্দেশ কর :—

Cats like milk. Rabi is reading. The cat is lapping up (চাটিয়া খাইতেছে) milk. Robin reads history in the morning. I feel unwell. When does your school begin? Mother cooks our meals. Mother is cooking the meals? Reba sings well. Reba is singing sweetly. I understand your difficulty.

II

Present continuous ও Present perfect Continuous tense

আমি অপেক্ষা করিতেছি—I am waiting (এখন অর্থাৎ এই মুহূর্তে)

আমি এই সপ্তাহ শেষে কলিকাতা যাইতেছি—I am going to Calcutta siht week end (শীঘ্র ভবিষ্যৎ সূচক).

আমি এক ঘণ্টা যাবৎ অপেক্ষা করিতেছি—I have been waiting for an hour (পূর্ব হইতে)।

গত সোমবার হইতে বৃষ্টি হইতেছে—It has been raining since Mondy last (পূর্ব হইতে)।

Note—উপরের উদাহরণগুলির বাংলা ক্রিয়াপদগুলি 'তেছি', 'তেছে' ইত্যাদি দ্বারা সূচিত হইলেও অর্থভেদে present continuous ও present perfect continuous tense এ ব্যবহৃত হইয়াছে। অনুবাদ করিবার সময় বিশেষভাবে লক্ষ্য রাখিবে কথাটি শুধু বর্তমানেই চলিতেছে বা ভবিষ্যতে ঘটিতে চলিয়াছে না পূর্ব হইতেই চলিয়াছে। পূর্ব হইতে চলিতেছে বুঝাইলে verb এর রূপ *Present perfect Continuous tense* হইবে।

III

Past (Indefinite) Tense

(i) অতীতে কোন কার্য ঘটিয়াছিল, করিয়াছিলে, করিয়াছিল, করিয়াছিলাম ইত্যাদি বুঝাইলে ক্রিয়ার 'Past tense' হয়।

মুষল ধারায় বৃষ্টি হইয়াছিল—Rain fell in torrents.

বাল্মীকি রামায়ণ রচনা করিয়াছিলেন— Balmiki composed the Ramayana.

(ii) (a) অতীতের অভ্যাস বুঝাইতেও past tense এর ব্যবহার হয়। মহাত্মা গান্ধী হাতে-বোনা কাপড় পরিধান করিতেন এবং কুটিরে বাস করিতেন —Mahatma Gandhi wore handmade clothes and lived in a hut.

(b) অতীতের অভ্যাস বুঝাইতে মূল verb এর পূর্বে 'would বা 'used to' ও ব্যবহৃত হয়।

তিনি প্রত্যহ সকালে গঙ্গা-স্নান করিতেন—He would bathe in the Ganges every morning.

তিনি ভোরবেলা গীতা পাঠ করিতেন—He used to read the Gita in the morning.

(iii) ভদ্রতা বা অনুরোধ বুঝাইতে 'Would,' 'Could,' প্রভৃতি Past tense জ্ঞাপক শব্দ ইংরাজীতে Interrogative sentence এ ব্যবহার হয়।

এক পেয়ালা চা আনিবেন ?—Would you bring a cup of tea ?

আমাকে তাহার ঠিকানা বলিতে পারেন ?— Could you tell me his address ?

IV

Present Perfect Tense

(a) কোন কাজ এইমাত্র শেষ হইয়াছে :

সে এইমাত্র বাতি জ্বালাইয়াছে—He has struck a light just now.

তাহারা এইস্থান ছাড়িয়া গিয়াছে—They have left this place

(b) কোন কাজ অতীতে হইয়াছিল কিন্তু তাহার ফল এখনও বর্ত্তমান :

ভগবান এই বিশ্ব সৃষ্টি করিয়াছেন—God has made this Universe.

সে পরীক্ষায় পাশ করিয়াছে—He has passed the examination.

সে গতকাল হইতে এখানে আছে—He has been here since yesterday.

মনে রাখিবে—বাংলা ক্রিয়া পদে করিয়াছ, করিয়াছে প্রভৃতি Present perfect tense সূচক ক্রিয়ার ব্যবহার হইলেও যদি ঐ সব বাক্যে অতীত কাল ব্যঞ্জক কোন adverb থাকে তবে ঐ সবস্থানে Past tense এর ব্যবহার হইবে। যেমন ;—

তাহার পিতা গতকল্য মারা গিয়াছেন—His father *died* yesterday.

তিনি ১৯০৫ সনে এই হাসপাতালটি প্রতিষ্ঠা করেন—He *founded* this hospital in the year 1905.

বাবা ১৯১৫ সনে ম্যাট্রিকিউলেশন পরীক্ষা পাস করেন—Father passed the Matriculation examination in 1915.

LESSON 21

Moods of Verbs

I

Indicative Mood

আমাদের গ্রামে একটি প্রাচীন মন্দির আছে—There is an old temple in our village. (ঘটনার বিবৃতি)

এই মন্দিরটি কে নির্মাণ করিয়াছিল?—Who built this temple? (ঘটনা সম্বন্ধে প্রশ্ন)

ভালবাসার কি অদ্ভুত শক্তি— How wonderful is the power of love! (বিস্ময়ের ভাব—আবেগ)

Note: কোন প্রকৃত ঘটনার বিবৃতি বা সেই সম্বন্ধে কোন প্রশ্ন বা কোন প্রকার মনের আবেগ প্রভৃতি ব্যক্ত করিতে verb-এর Indicative Mood হয়।

II

Imperative Mood

আমার জন্য এক গ্লাশ জল আনো—*Bring* me a glass of water. (আদেশ)

মনোযোগ দিয়ে পড়—*Read* attentively. (উপদেশ)

আমার কাছে আস, খোকা, আমি তোমায় একটি পুতুল দিব—*Come* to me, my child, I shall give you a doll. (অনুরোধ)

দয়া করে বা অনুগ্রহ করে আমাকে একটু সাহায্য করুন—Please (বা kindly) help me a little.

মিথ্যা কথা বলিওনা—Don't tell a lie.

Note:—Imperative Mood বক্তার আদেশ, উপদেশ বা অনুরোধ বুঝায়। এই Mood শুধু Present Tense ও Second person এ ব্যবহৃত হয়। এই Mood-এ কর্তা 'you' উহ্য থাকে। কোন কোন স্থলে এই নিয়মের একটু ব্যতিক্রমও হয়।

III

Subjunctive Mood :

যদি আমি ধনী হইতাম তাহা হইলে আমি দরিদ্রদিগকে সাহায্য করিতাম—If I *were* rich, I would help the poor. (Supposition কাল্পনিক বিষয় বা অবস্থা)

যদি বৃষ্টি হয়, আমি বাহিরে যাইব না—If it *rain*, I shall not go out. (Condition সর্ত্ত)

ভাল করিয়া পড় যেন পরীক্ষা পাশ করিতে পার—Read hard that you *may pass* the examination (purpose-উদ্দেশ্য).

আমি তোমার বইটি আমার নিকট রাখিয়াছিলাম পাছে তুমি হারাইয়া ফেল—I kept your book with me lest you should lose it.

রাজা দীর্ঘজীবী হোন্—Long live the king (wish-ইচ্ছা).

(বিচারক বলিতেছেন) আমার দণ্ডাজ্ঞা এই যে বন্দীর প্রাণদণ্ড হোক—My sentence is that the prisoner be hanged (order-আদেশ).

Note—Subjunctive Mood—Supposition (কাল্পনিক বিষয় বা অনুমান), Condition and it's Consequence (সর্ত্ত এবং ইচ্ছার ফল), wish or order (ইচ্ছা বা আদেশ) এবং purpose (উদ্দেশ্য) প্রকাশ করে। Subjunctive Mood ব্যবহৃত হইলে প্রায়ই if, unless (যদিনা), lest (পাছে), that (যেন) প্রভৃতি Conjunction-গুলিও ব্যবহৃত হয় এবং that এর পর সাধারণতঃ may বা might and lest এর পর should ব্যবহৃত হয়।

'Long live the king' এই sentence-টির প্রকৃত রূপ হইল—May the king live long. কিন্তু 'May' এই auxiliary verb-টি উহ্য রাখা হইয়াছে। এইরূপ ক্ষেত্রে ইচ্ছা সূচক Subjunctive Mood-এর optative use বলিয়াও বলা হয়।

কোন verb Subjunctive Mood-এর present tense, Active voice, Third person, Singular number-এ ব্যবহৃত হইলে, ইহার সঙ্গে 's' যুক্ত হয় না ; যথা—if it rain, if he come.

IV

Infinitive Mood

প্রাতে ভ্রমণ করা স্বাস্থ্যের পক্ষে হিতকর—*To walk* in the morning is good for health (Infinitive Noun-এর মত ব্যবহৃত, 'is' verb-এর subject).

সে বনভোজনে যাইতে চাহিয়াছিল— He wanted *to* go to a picnic. (Noun Infinitive 'wanted' এই Transitive verbএর object).

আমরা যাদুঘর দেখিতে গিয়াছিলাম—We went *to see* the museum (gerundial Infinitive এখানে adverb রূপে 'went' এই verb-কে modify করিতেছে)

একটি ভাড়া দেওয়া বাড়ী—This is house *to let.*

Note—(a) কোন মূল verb-এর পূর্ব্বে 'to' যোগ করিয়া Infinitive mood গঠিত হয়।

লক্ষ্য করিবে যে এই 'to' কিন্তু preposition 'to' নয়।

(b) কোন verb Infinitive mood যুক্ত হইলে, আর verb-এর মত ব্যবহৃত হয় না, হয় ইহা noun-রূপে নয় adverb বা adjective রূপে।

নিম্নে "to be" এই verb এর Indicative Mood ও Subjunctive Mood-এ Conjugation-এর বিভিন্ন রূপ দেখানো হইল :—

Present Tense (verb to be) (Indicative mood)

I am	We are
You are	You are
He is	They are

Past Tense

I was	We were
You were	You were
He was	They were

Present Tense (to be) (Subjunctive Mood)

If I be	If we be
If you be	If you be
If he be	If they be.

Past Tense

If I were	If we were
If you were	If you were
If he were	If they were

Present Tense (verb to love) (Indicative Mood)		**Present Tense** (verb–to love) (Subjunctive Mood)	
I love	We love	If I love	If we love
Thou lovest	You love	If you love	If you love
He loves	They love	If he love	If they love.
Past Tense		**Past Tense**	
I loved	We loved	If I loved	If we loved
You loved	You loved	If you loved	If you loved
He loved	They loved	If he loved	If they loved

প্রথম শিক্ষার্থীর পক্ষে একটু জটিল বলিয়া Subjunctive Mood-এ অন্যান্য tense-এর রূপগুলি দেখানো হইল না।

Drill

1. ইংরাজীতে অনুবাদ কর :—

(a) গোদুগ্ধ (cow's milk) অতি পুষ্টিকর খাদ্য (a very nutritive food). গরু গৃহপালিত জন্তু (domestic animal)। একটা গরুর দাম কত (price)? গরু কি শান্ত জীব (gentle creature)!

(b) এত জোরে চেচাইও না (shout so loudly)। ছাত্রগণ বেঞ্চের উপর বস। তোমাদের শিক্ষক মহাশয়ের কথা মন দিয়া শোন (to listen to your teacher)। দয়া করিয়া বইটি আমার হাতে দাও (...hand me the book)। অনুগ্রহ করিয়া চিঠিটি ডাকে দিও (post the letter)।

(c) যদি তুমি পরীক্ষায় প্রথম হও একটি ভাল পুরস্কার (a good prize) পাইবে। সাবধানে (cautiously) হাঁট, পাছে হোচট খাও (lest............to stumble.)। তুমি সুখে বাস কর (in peace)। ঈশ্বর তোমাকে দীর্ঘজীবী করুন (grant you a long life)। খুব পরিশ্রম কর (to work hard)। যেন কৃতকার্য হইতে পার (to succeed)। যদি আমি পাখী হইতাম, মায়ের কাছে উড়িয়া যাইতাম (If I..........., I would.........)।

(d) নিয়মিতভাবে ব্যায়াম করা (to exercise regularly) স্বাস্থ্যের পক্ষে হিতকর (good for health)। অন্যকে ঠকানো মহাপাপ (to cheat others............a great sin)! আমি অষ্টম শ্রেণীতে পড়িতে চাই (want)। আমার একটি লিখিবার কলম আছে (a pen to write with)। ইহা একটি বসিবার চেয়ার (to sit on)। তিনি আমাকে দেখিয়া অত্যন্ত খুসী হইলেন (to see me)!

2. নিম্নে চিহ্নিত Verb-গুলির mood নির্দেশ কর :—

(a) Pandit Iswar Chandra Vidyasagar *Came* of a poor Brahmin family. If you have not *read* his life, *do* so at once. What a noble-hearted (মহাপ্রাণ ব্যক্তি) man he *was*. Once he swam across a river *to see* his mother. If anyone *Came* to him for help, he could not turn him away. (ফিরাইয়া দিতে পারিতেন না)

(b) *To express* their gratitude (কৃতজ্ঞতা প্রকাশের জন্য) people would call him 'a sea of mercy' (দয়ার সাগর). In those days the Hindu law did not allow (অনুমতি দেওয়া) a widow *to marry* again. At Vidyasagar's request (তাঁহার অনুরোধে) Government made a law that a Hindu widow *might marry* again, if she so *desired* (এইরূপ ইচ্ছা করিলে). I wish there *were* more Iswar Chandras in our country now.

LESSON 22

Participles and Gerunds

I

Participle

Present participle—smile + ing=*smiling*.

Past participle— smile—*smiled* ; burn—*burnt* বা *burned* ; rise—*risen* ; eat—*eaten* ইত্যাদি।

(a) Present বা Past Participle সাধারণতঃ দুই ভাবে ব্যবহৃত হয়—adjective রূপে বা কোন verb-এর অংশরূপে ঃ

ঘুমন্ত শিশুটিকে জাগাইও না— Do not awake the *sleeping* child (Present participle adjective).

শিশুটি ঘুমাইতেছে—The Child is *sleeping* (Present participle, part of a verb).

ইহা একটি শুক্‌নো ফুল—It is a *faded* flower (Past participle-adjective).

ফুলটি শুকাইয়াছে—The flower has *faded* (Past participle, part of a verb).

চীৎকার শুনিয়া আমরা রাস্তায় আসিলাম—Hearing a shout we came upon the street (Present participle—adj.).

স্কুল হইতে বাড়ী ফিরিয়া আমি একটু জলখাবার খাইলাম—*Coming* back from school I took some refreshment.

ক্লান্ত হইয়া সে বসিয়া পড়িল—*Being* tired, he sat down.

(b) Participle-গুলি সময় সময় মূল verb-এর পরেও বসে ; যেমন—
আমি তাহাকে চলিয়া যাইতে দেখিলাম—I saw him going away.
কাঁদিতে কাঁদিতে বালিকাটি বলিল—The girl said crying.

(c) সূর্য উদিত হইলে আমরা রওনা হইলাম—*The sun having risen*, we started.

রাত্রি অন্ধকার বলিয়া আমরা একটি আলো সঙ্গে লইলাম—The *night being dark*, we took a light with us.

Note : এইরূপ স্থলে Participle-গুলির কর্তাকে Nominative Absolute বলে।

Drill

I. ইংরাজীতে অনুবাদ কর :—

(a) সকালে উঠিয়া আমি হাত মুখ ধুই। পুকুরে স্নান করিয়া খাইতে যাই। স্কুলে যাইয়া সে কিছুক্ষণ বিশ্রাম করে (to rest for a while)। বৃষ্টি থামিলে (to stop) আমরা মাঠে গেলাম। (use nominative absolute) কাঁপিতে কাঁপিতে (tremble) বালকটি বলিল।

(b) মেয়েটি নাচিতে নাচিতে চলিয়া গেল। সূর্য অস্ত গিয়াছে। তাহার পিতা অসুস্থ বলিয়া (to be ill) সে তিন মাসের ছুটি নিল (took three months' leave)। আমি একটি পাখীকে গান করিতে শুনিলাম। ইহা একটি পোড়া কাঠ (burnt wood)। তাহার একটি পাকা (brick-built) বাড়ী আছে।

II

Gerund

হাঁটা স্বাস্থ্যের পক্ষে হিতকর—*Walking* is good for health (walking এখানে 'is' verb-এর subject).

আমি ভ্রমণ পছন্দ করি—I like *travelling*. (object to the verb 'like').

শিশুরা খেলা ভালবাসে— Children are fond of *playing* (object to the preposition 'of').

স্কুলে পৌঁছিয়া সে ক্লাসে ঢুকিল—On *reaching* the school he entered his class (object to the preposition 'on').

Note :—Verb-এর সঙ্গে 'ing' যুক্ত হইয়া শব্দটি যদি noun-এর মত ব্যবহৃত হয় অর্থাৎ কোন Sentence-এ Subject, Object ইত্যাদি রূপে বসে, তাহা হইলে ইহা Gerund বলিয়া ধরা হইবে।

Drill

1. শূন্যস্থানগুলিতে উল্লিখিত Verb-গুলির Gerund form বসাও :—

Children are fond of (*to eat*) sweets. I am afraid of (*to go*) to him. (*to sleep*) is necessary to life. After (*to open*) the box, I found no money inside (ভিতরে). I have heard of your (*to come*) home.

2. চিহ্নিত স্থানগুলিতে Gerund বসাইয়া ইংরাজিতে অনুবাদ কর :—

দিবা নিদ্রা (in the day time) স্বাস্থ্যের পক্ষে অনিষ্টকর (injurious to health). মিথ্যা বলা পাপ (a sin)। আমি বেতন পাইয়া (to get one's pay) তোমাকে পাঁচটি টাকা দিব। অশ্বারোহণ (to ride horse) ভাল ব্যায়াম (exercise)। গ্রামে পৌঁছিয়া আমি ডাক্তারের জন্য পাঠাইলাম (to send for a doctor)। তোমার কাঁদিবার কারণ কি (cause of)? স্কুল ফাইনাল পরীক্ষা পাশ করিয়া দাদা কলেজে ভর্তি হইলেন (School Final Examination, to be admitted to বা into)। বইখানা পড়িবার উপযুক্ত নয় (not worth reading).

LESSON 23

Voices of verbs

Active and Passive (কর্তৃবাচ্য ও কর্মবাচ্য)

I

সে একখানি বই পড়িতেছে—He is reading a book.

তাহা কর্তৃক একখানি বই পঠিত হইতেছে—A book is being read by him.

Note :—উপরের বাক্য দুইটির অর্থ একই ; কেবলমাত্র ক্রিয়া দুইটির ব্যবহার ভিন্ন রকমের। কর্তা যখন স্বয়ং ক্রিয়াটি সম্পন্ন করিয়া থাকে তখন **Active voice** হয়। আর কর্তা ক্রিয়াটি স্বয়ং না করিয়া যখন অন্যের দ্বারা করায় তখন হয় **Passive voice**-এর ব্যবহার।

II

{ তিনি আমাকে পড়াইতেন—He coached me. (Active)
{ আমি তাহা কর্তৃক পঠিত হইতাম—I was coached by him. (Passive)

{ আমি আমার বোনকে ভালবাসি—I love my sister. (Active)
{ আমার বোন আমাদ্বারা ভালবাসা পায়—My sister is loved by me. (Passive)

{ আমি তোমাকে সাহায্য করিব— I shall help you. (Active)
{ তুমি আমাকর্তৃক সাহায্য প্রাপ্ত হইবে—You will be helped by me. (Passive)

Note—উপরের উদাহরণগুলি লক্ষ্য করিলে বুঝিতে পারিবে, কোন বাক্যকে Active voice হইতে Passive এ পরিণত করিবার সাধারণ নিয়ম হইল—

(i) Active voice-এর subject (কর্তা) Passive voice-এ object হয় এবং ইহার আগে 'by' ব্যবহৃত হয়। Active voice-এর object Passive voice-এ subject হয়।

(ii) Active voice-এর Tense Passive voice-এ পরিবর্তিত হয় না—একই থাকে। কিন্তু Active voice-এর verb-টির Past participle form হয় এবং ইহার আগে verb 'to be'-এর অংশ am, is, are, was, were, প্রভৃতি বসাইতে হয়।

মনে রাখিবে একমাত্র Transitive-এর Passive form হয়, Intransitive verb-এর passive form হইতে পারে না।

III

Present Tense

Active	Passive
আমি বই পড়ি—	আমাদ্বারা বই পঠিত হয়—
I read books.	Books are read by me.

Past Tense

Active	Passive
রমেশ বই পড়িয়াছিল—	রমেশ কর্তৃক বই পঠিত হইয়াছিল—
Ramesh read books.	Books were read by Ramesh.

Present Perfect Tense

Active	Passive
গীতা বই পড়িয়াছে—	গীতা কর্তৃক বই পঠিত হইয়াছে—
Gita has read books.	Books have been read by Gita.

Present Continuous Tense

Active	Passive
গীতা একখানি বই পড়িতেছে—	একখানি বই গীতাকর্তৃক পঠিত হইতেছে—
Gita is reading a book.	A book is being read by Gita

Past Continuous Tense

Active	Passive
দুলাল একখানি বই পড়িতেছিল—	একখানা বই দুলাল কর্তৃক পঠিত হইতেছিল—
Dulal was reading a book.	A book was being read by Dulal.

Future Tense

Active	Passive
মণ্টু বই পড়িবে—Mantoo will read books.	মণ্টু কর্তৃক বই পঠিত হইবে—Books will be read by Mantoo.

Note—উপরের উদাহরণগুলিতে বিভিন্ন Tense-এর Active ও Passive এর রূপ দেখান হইয়াছে। মনে রাখিও কর্তার Number ও Person অনুযায়ী 'to be' verb এর রূপ ব্যবহার করিতে হয়।

IV

পাঠে মনোযোগ দাও—Mind your lesson (Active).
পাঠে মনোযোগ দেওয়া হউক—Let your lesson be minded. (Passive)

কলমটি আন—Bring the pen (Active).
কলমটি আনা হউক—Let the pen be brought (Passive).

Note—Imperative mood-এ আদেশ বা নিষেধ বুঝাইলে verb-এর Active হইতে Passive করিবার বেলায় 'Let' দিয়া passive voice আরম্ভ করিতে হয়।

V

(i) পঙ্কজ মল্লিক আমাদিগকে গান শিখান— Pankaj Mallik teaches us music.

(ii) সে অন্ধ লোকটিকে একটি টাকা দিবে—He will give the blind man a rupee.

Note—উপরের দুইটি বাক্যের প্রত্যেকটিতে দুইটি করিয়া object আছে, একটি প্রাণীবাচক (indirect) অপরটি বস্তুবাচক (direct)। এই জাতীয় sentence-এর passive করিতে হইলে দুইটি কর্মকেই, কর্তা করিয়া দুই রকমে passive form গঠন করা যায়। যেমন—

(i) আমরা পঙ্কজ মল্লিক কর্তৃক গান শিক্ষাপ্রাপ্ত হই— { We are taught music by Pankaj Mallik.
Music is taught us by Pankaj Mallik.

(ii) তাহাকর্তৃক অন্ধ লোকটিকে একটি টাকা প্রদত্ত হইবে— { A rupee will be given to the blind man by him.
The blind man will be given a rupee by him.

মনে রাখিবে উপরের passive form-গুলিতে object দুইটির মধ্যে যখন যেটি Object-ই থাকিয়া যায় Subject রূপে পরিবর্তিত হয় না, তখন সেটিকে বলে **Retained object.**

VI

কতকগুলি verb আছে, যাহাদের form-টি active কিন্তু অর্থপ্রকাশ করে passive-এর ; ইহাদের অন্য নাম Quasi-passive verb (Quasi অর্ধ)

যেমন,—

এখন ষোল টাকা মণ দরে চাউল বিক্রি হয়—Rice sells (it is sold) now at sixteen rupees a maund.

এই ফুলটির গন্ধ মিষ্ট—This flower smells sweet.

লেপটি বেশ গরম বোধ হয়—The quilt feels warm.

কলমটিতে বেশ লেখা হয়—The pen writes well.

Drill

1. ইংরাজীতে অনুবাদ কর :—

(a) তিনি আমার পরিচিত নন (not known to me)। দালানটি মেরামত হইতেছে (to repair)। আকাশ মেঘে আবৃত (covered বা overcast with)। বইটি হারানো গিয়াছে (to lose)। আমরা তাহার ব্যবহারে আশ্চর্যান্বিত হইয়াছিলাম (surprised at his behaviour)।

(b) ঘরের মেঝেটি ধোয়া হইতেছিল (floor......washed)। কোথায় সভা হইবে (meeting......held)? এখন দুধ টাকায় দু'সের দরে বিক্রি হয় (at two seers a rupee)। এই কলমটি দিয়ে বেশ লেখা যায়। এ-খবর কে দিয়েছিল (to give news)?

(c) চোরটি পুলিশের হাতে ধরা পড়িল (caught by the police)। স্কুল ছুটি হইয়াছে (to be dismissed)। এই গাড়ীটি (carriage) ঘোড়ায় টানে (drawn by......)। এই কবিতাটি (poem) কাহার রচিত (composed)? এখন সমস্ত কাজ (all work) বন্ধ করা হোক (to stop)। যদি আজকের ডাকে কোন চিঠি না পাওয়া যায় (received by to day's mail) আমরা অত্যন্ত উদ্বিগ্ন হইব (be very anxious)।

2. Change the Voice :—

(a) He is buying some books. They are bringing water from the tube-well. He was making some toys. You were playing foot ball at that time. The bell was being rung by a peon of the school.

(b) He has lost two books. You have not done your duty. He has taken my pen? *He had not seen an aeroplane* (before he went to Calcutta). Who has broken the chair? *The temple had been built by a prince.*

3. Change the Voice from the Active to the Passive or from the Passive to the Active, as the case may be in each of

the following sentences and translate both active and passive forms into Bengali :—

My fathcr reads the Geeta every morning. A letter is being sent to my brother. Have you seen a lion ? A Wood-Cutter (কাঠুরিয়া) was felling a tree (fell : felled : felled). King Asoke was loved by his subjects (প্রজাগণ)।

LESSON 24

Defective Verbs :

Should, ought, would, may, can, must, dare, need.

Should, Ought

আমাদের আইন মানিয়া চলা উচিত—We should respect the law বা we *ought to* respect the law (বর্তমান বা ভবিষ্যৎ)।

কাহাকেও গালাগালি করা উচিত নয়—You should not (বা ought not to) call one names. (বর্ত্তমান বা ভবিষ্যৎ)

আমি বলিয়াছিলাম যে আমার তোমাকে সাহায্য করা উচিত—I said that I should help you. (ভবিষ্যৎ-অতীত)।

তাহার ডাক্তার ডাকা উচিত ছিল—He should have (বা ought to have) called in a doctor.

বিনা অনুমতিতে অপরের বই আনা তোমার উচিত হয় নাই—You should not have taken another's book without his permission (বা ought not to have taken......) .

এইরূপ যদি ঘটে, ফল কি হইবে ?—What will be the result, should it happen ? (ভবিষ্যৎ-Subjunctive).

Note : (a) Should, ought—উচিত বা কর্তব্য অর্থে সকল person-এ বসে। Ought-এর সঙ্গে Infinitive 'to' ব্যবহৃত হয়।

(b) কিন্তু 'উচিত বা কর্তব্য' এই অর্থ ছাড়াও ভবিষ্যৎ অর্থে Shall-এর past form রূপে should ব্যবহৃত হয় ; অর্থাৎ আমি বলিয়াছিলাম যে আমি তোমাকে সাহায্য করিব—I told that I should help you.

(d) ভবিষ্যৎ বুঝাইতে Sujunctive Mood-এ should ব্যবহৃত হয় ; যথা—

যদি আগুন লাগে তখন কি ভাবে এই ঘরটি রক্ষা করিবে ?—How will you save this house, should a fire break out ? এখানে 'should' উচিত বা কর্তব্য অর্থ প্রকাশ করে না ; যদি লাগে এই সর্তটি প্রকাশ করে।

II

Would

হুগলীতে থাকা কালে আমরা রোজ বিকালে নদীর তীরে বেড়াইতাম —While at Hooghly, We would walk on the river-side every after-noon (অতীতের অভ্যাস)।

আমি বলিয়াছিলাম যে এ কাজটি আমি করিব—I said that I *would* do the work (অতীতে স্থির সঙ্কল্প).

সে (কিছুতেই) নড়বে না—He would not move (বর্তমানে স্থির সঙ্কল্প).

মেয়েটি নিজের মতলব মত চলিবেই—The girl would have her own way (বর্তমানে স্থির সঙ্কল্প),

তুমি দয়া করে আমার জন্য এক গ্রাশ জল আনিবে কি ?—Would you bring me a glass of water ?

(ভবিষ্যত অর্থে 'Will you bring'-এর পরিবর্তে অনুরোধ বুঝাইতে Would you bring ব্যবহৃত হইয়াছে—এখানে 'would' অতীতের ভাব প্রকাশ করে না)।

মা যদি আজ বাঁচিয়া থাকিতেন—Would that (অর্থাৎ I wish that) mother were alive (ইচ্ছা)

Note : 'Would' অতীতের অভ্যাস অতীতের বা বর্তমানের স্থির সঙ্কল্প, অনুরোধ বা ইচ্ছা প্রকাশ করে।

III

Must

পিতামাতার কথা আমাদের মানিতেই হইবে—We must obey our parents (বাধ্যতা)।

সে অতি দরিদ্র ; তাহাকে উপার্জন করিতেই হইবে—He is very poor and so he must earn. (প্রয়োজনীয়তা)।

আমাদের অবশ্যই ঋণ পরিশোধ করিতে হইতে—We must pay our debts (কর্তব্য)।

সে যদি এইরূপ ব্যবহার করিয়া থাকে তাহা হইলে সে নিশ্চয়ই একটি প্রকাণ্ড মূর্খ—He must be a big fool to behave like this (দৃঢ় সম্ভাবনা).

সে নিশ্চয়ই এ কাজ করিয়া থাকিবে—He must have done this (অতীত অর্থে).

Note—(a) বাধ্যতা, প্রয়োজনীয়তা, কর্তব্য বা দৃঢ় সম্ভাবনা বুঝাইতে must ব্যবহৃত হয়।

(b) অতীতকাল বুঝাইতে must এর সঙ্গে have এবং have-এর পর verb-এর Past participle ব্যবহার করিতে হয় ; যথা— must have gone. must have done ইত্যাদি।

IV

May, Can, might, could.

আমি কি বাইরে যেতে পারি ?—**May** I go out (অনুমতি প্রার্থনা),

এখবরটি সত্যও হইতে পারে—This information **may** be correct (সম্ভাবনা).

তুমি সুখী হও—**May** you be happy (ইচ্ছা).

তুমি চেষ্টা করিলে এ কাজ শেষ করিতে পারিতে—You might finish this work, if you cared (ইচ্ছা).

আমি সাঁতরাইয়া নদীটি পার হইতে পারি—I **can** swim across the river (সামর্থ).

একথা (কখনও) সত্য হইতে পারে না—This can not be true. (নিশ্চয়তা)

তিনি না থামিয়া ১২ ঘণ্টা সাইকেল চালাইতে পারিতেন—He could ride a bicycle for twelve hours without a stop (সামর্থ).

Note—**May,** অনুমতি, সম্ভাবনা, ইচ্ছাপ্রকাশ করে এবং **Can,** সামর্থ্য বা নিশ্চয়তা বুঝায়।

Dare—সাহস করা

এই verb-টি ব্যবহারে একটু বিশেষত্ব আছে। নিম্নলিখিত দৃষ্টান্তগুলি বিশেষভাবে লক্ষ্য করিতে হইবে :—

আমি এ কাজ করিতে সাহস পাই না—I dare not (বা daren't) do it.

সে এ কাজ করিতে সাহস পায় না—He dare not do it.

সে কি এ কাজ করিতে সাহস পায় ?—Dare he do this work ?

না, সাহস পায় না—He dare not.

হাঁ, সাহস পায়—Yes, he dare.

সে একাজ করিতে সাহস পায় নাই—He dared not (বা কদাচিৎ drust not) do this.

Note—(a) আমি ইহা করিতে চাই না—ইহা ইংরাজীতে হইবে I do not want to do it. কিন্তু আমি ইহা করিতে সাহস পাই না—ইহার ইংরাজী অনুবাদ হইবে—I dare not do it. মনে রাখিতে হইবে যে, I do not want to do it. এই বাক্যের অনুরূপ I do not dare to do it. বলা ভুল না হইলেও, 'dare' verb-এর এইরূপ ব্যবহারের প্রচলন অত্যন্ত বিরল। সেইরূপ অতীতে I did not dare do it না বলিয়া I dared not do it বলারই প্রচলন বেশী।

(b) সাধারণতঃ Third person, Singular Number, Present Tense, Indicative Mood-এ verb-এর সঙ্গে 's' হয় না ; যথা—He wants কিন্তু He dare.

(c) He wants to go—এখানে want এই Verb-এর পর 'go' verb-টির Infinitive 'to' ব্যবহৃত হইয়াছে, কিন্তু অনুরূপ স্থলে 'dare' verb-এর পর Infinitive 'to' উহ্য থাকে।

'Dare' এই verb-টির একটি বিশেষ অর্থ হইল—to challenge অর্থাৎ কেহ কোন কাজে সমর্থ কিনা তাহার প্রমাণ চাওয়া ; যথা—

He dared me to jump over the fence—

লাফ দিয়ে বেড়া পার হইতে পারি কিনা সে সম্বন্ধে সে আমাকে আহ্বান করিয়াছিল। এইরূপ 'challenge' অর্থে dare বা dared-এর পর 'Infinitive to' উহ্য থাকে না।

(e) I dare say—ইহার অর্থ perhaps বা সম্ভবতঃ ; যথা—বোধ হয় বা সম্ভবতঃ তিনি পরে আসিবেন—I dare say he will come later,

প্রয়োজন হওয়া —To need

তোমার অপেক্ষা করার প্রয়োজন নাই—You need not (বা needn't) wait.

তাহাদের কি এত তাড়াতাড়ি যাওয়ার প্রয়োজন আছে ?—Need they go so soon ?

তিনি তোমার সাহায্য চান—He needs your help.

তাহার সেখানে যাওয়ার প্রয়োজন নাই—He need not go there.

Note : Negative (নিষেধবাচক) ও Interrogative (প্রশ্নবোধক) sentence-এ, third person, singular number, Present tense-এ 'need' verb-এর সহিত 's' বসে না এবং ইহার পর ব্যবহৃত Infinitive-এর 'to' উহ্য থাকে।

Drill

1. ইংরেজীতে অনুবাদ কর :—

(a) বয়োজ্যেষ্ঠদের উপদেশ শোনা উচিত (to listen to the advice of the seniors)। তোমার ডক্তার দেখানো উচিত ছিল (to consult a doctor)। তিনি আহারের পর কিছুক্ষণ বিশ্রাম করিতেন

(to rest for a while)। মা বলিলেন তিনি সন্ধ্যাবেলা মন্দিরে যাইবেন (temple)। আপনাকে এক কাপ্ চা দিব (offer) কি (should)? হ্যাঁ, দিতে পার। না দিও না (thank you)।

(b) বাপের অনুমতি না পাইলে সে মোটেই যাইবে না (would...... without his father's word)। তুমি এক ঘণ্টায় কত মাইল হাঁটিতে পার (how many miles)? তাহার কথা সত্য হইতে পারে। তাহার কথা সত্য হইতে পারে না। তিনি যৌবনকালে খুব ভাল গান করিতে পারিতেন (in his youth......could sing well)। তুমি ইচ্ছা করিলে রাত্রির জন্য থাকিয়া যাইতে পারিতে (might......stop for the night)।

(c) আমাদের কর্তব্য অবশ্যই করিতে হইবে (must), তিনি নিশ্চয়ই খুব ধনী লোক (a very rich man)। তিনি তাঁহার নিজ দলের (party) বিরুদ্ধে দাঁড়াইতে সাহস করেন না (to stand against)। তাহার উদ্বিগ্ন হওয়ার প্রয়োজন নাই (to worry)। আমার একটি ভাড়াটে বাড়ী দরকার (a rented house)।

2. শূন্যস্থান পূর্ণ কর :—

(a) ——I go out, sir? Yes, you—. He—be mad to say so. He—not pass the examination last year. You—help your neighbour.

(b) He should not—joint the strike (ধর্মঘটে যোগদান করা) (সাহস করে না)। He—not approach you. (কাছে আসা)। Mother—cook our meals in the forenoon and my elder sister——help her. Some one must—done that mischief (অনিষ্ট করা)। One—not neglect one's duty (কর্তব্যে অবহেলা করা)।

Passages for Translation

1

অশ্ব খুব প্রভুভক্ত। গরু গৃহপালিত জন্তু। পাখী আকাশে উড়ে। কোকিল বসন্তকালে গান গায়। ব্যাঘ্র বনে বাস করে। সিংহ পশুর রাজা। মাধব রোজ ভোরে গান করে। পৃথিবী সূর্যের চারিদিকে ঘোরে।

Hints—প্রভুভক্ত—faithful. গৃহপালিত—domestic. বসন্তকালে—in spring. পশুর রাজা—king of beasts. রোজ ভোরে—every morning. চারিদিকে—round.

2

মণ্টু ভাল ছেলে। তাহার বাবা একজন অধ্যাপক। ডালা মণ্টুর ছোট বোন। সে ভাল বেহালা বাজায়। তাহারা বর্দ্ধমানে বাস করে। বর্দ্ধমান এখান হইতে কয়েক ঘণ্টার পথ। বর্দ্ধমানের রাজবাড়ীটি সুন্দর। সহরটির পথঘাট পরিষ্কার পরিচ্ছন্ন।

Hints—অধ্যাপক—professor. বেহালা বাজান—play on violin. কয়েক ঘণ্টার পথ—a few hour's journey. রাজবাড়ী—palace. পরিষ্কার পরিচ্ছন্ন—neat and clean.

3

এক গরম দিনে একটি কাকের বড় তৃষ্ণা পাইল। সে জল পান করিবার জন্য একটি কলসীর সম্মুখে গেল। কিন্তু ইহাতে জল খুব নীচে ছিল। প্রথমে সে কলসটী উল্টাইতে চেষ্টা করিল কিন্তু তাহার চেষ্টা বৃথা হইল। তখন সে কলসীর ভিতরে কতকগুলি পাথরের টুকরা নিক্ষেপ করিল। শেষে জল উপরে উঠিল। কাকটি প্রাণ ভরিয়া জল পান করিল।

Hints—এক গরম দিমে—One hot day. বড় তৃষ্ণা পাইল—feel very thirsty. কলসী—jar. কলসী উল্টান—to turn the jar over. কিন্তু চেষ্টা বৃথা হইল—but in vain. নিক্ষেপ করা—to drop. উপরে উঠা—to rise up. প্রাণ ভরিয়া জল পান করা—to drink one's fill.

4

অন্ধকার রাত্রি। আকাশ বেশ পরিষ্কার। মাথার উপর অগণিত নক্ষত্র জ্বলিতেছে। মাঝে মাঝে তারা শূন্যে ছুটিতেছে। নিস্তব্ধ রাত্রি। সকলে এখন নিদ্রা যাইতেছে। আমি জাগ্রত আছি। এমন বহু রাত্রি আমার জীবনে আসিয়াছে এবং গিয়াছে। সে রাত্রিগুলি আজ কোথায়? কেহ কি তাহাদের ফিরাইয়া আনিতে পারেন? একবিন্দু জল মহাসমুদ্রে প্রবেশ করিলে তাহাকে আর পাওয়া যায় না। মহাকালের মধ্যে একবিন্দু রাত্রি খুঁজিয়া কেহ আনিতে পারে না।

[অন্ধকার রাত্রি—it is a dark night. অগণিত—countless. myriads of. জ্বলিতেছে—burning. ছুটিতেছে—are shooting. শূন্য—space. জাগ্রত—awake. একবিন্দু জল—a drop of water. মহাসমুদ্র ocean. মহাকাল—eternity. একবিন্দু রাত্রি—a drop such as a night is].

5

তুমি কি কখনও উট দেখিয়াছ? উট আরব দেশে বাস করে। ইহা আরব দেশের লোকের পক্ষে খুব উপকারী জন্তু। আরবীয়েরা ইহার দুধ পান করে। ইহার দুধ খুব পুষ্টিকর। আরবীয়েরা ইহার মাংস ভক্ষণ করে। উট মরুভূমির উপর দিয়া অনায়াসে চলিতে পারে। ইহাদের পা বালুকার মধ্যে ডুবিয়া যায় না। ইহারা ভারী বোঝা বহন করিতে পারে। ইহাদের পিঠে একটা কুঁজ আছে। উট ঘাস ও কাঁটাগাছ খায়।

[আরবীয়েরা—the Arabs. মরুভূমি—desert. ডুবিয়া যায় না—do not sink. কুঁজ—hump. কাঁটাগাছ—prickly shrubs.]

6

বীজ হইতে গাছ জন্মে। বীজ হইতে অঙ্কুর বাহির হয়। অঙ্কুরটি বড় হইয়া গাছ হয়। আমের আঁটি হইতে আম গাছ হয়। আমরা গাছের শিকড় দেখিতে পাই না। শিকড় মাটির ভিতরে থাকে। আমরা গাছের কাণ্ড দেখিতে পাই। আমগাছের ডালপালা আছে। নারিকেল গাছের ডাল

পালা নাই। নারিকেল গাছের কাণ্ড খুব লম্বা। ইহার পাতা খুব বড় বড়। ইহার ফলগুলি বড় বড়।

[বীজ—seed. অঙ্কুর বাহির হয়—sprouts come out. অঙ্কুর বড় হইয়া গাছ হয়—the sprouts grow up into trees. আমের আঁটি—mango stones. শিকড়—root. কাণ্ড—stem. ডালপালা—branches. নারিকেল গাছ—the cocoanut tree.]

7

গাছে একটি পাখী বসিয়া আছে। পাখী চঞ্চু দ্বারা আহার করে। পাখী চঞ্চু দ্বারা খড় কুটা আনয়ন করে। এইগুলি দিয়া তাহারা বাসা নির্মাণ করে। পাখীরা বাসায় ডিম পাড়ে। ডিম হইতে ছোট ছোট ছানা বাহির হয়। ছানাগুলির গায়ে পালক বাহির হয়। তারপর তাহাদের ডানা হয়। তাহারা উড়িয়া পালায়। অষ্ট্রেলিয়ায় এক রকম পাখী আছে। ইহার নাম অষ্ট্রীচ। অষ্ট্রীচ উড়িতে পারে না। খুব দৌড়িতে পারে। ইহারা গাড়ী টানে। ইহারা পিঠে করিয়া মানুষ বহন করিতে পারে।

[গাছে—on the tree. চঞ্চু—beak. খড় ও কুটা—little sticks and straws. এইগুলি দিয়া—with these. নির্মাণ করে—build. ডিম পাড়ে—lay there eggs. ডিম হইতে বাহির হয়—come out of eggs. ছানাগুলির গায়ে পালক বাহির হয়—feathers grow on the little birds. ডানা হয়—wings grow.]

8

একদিন এক সিংহ বনে ঘুমাইতেছিল। একটি ছোট ইঁদুর খেলা করিতে করিতে সিংহের মুখের উপর দিয়া দৌড়াইয়া গেল। সিংহ জাগিয়া উঠিল এবং ক্রোধে ইঁদুরটিকে থাবার মধ্যে ধরিল। ইঁদুরটি তখন বলিল, "আমি অত্যন্ত দুঃখিত। আমাকে দয়া করিয়া ক্ষমা করুন। হয়তো একদিন আমি আপনাকে সাহায্য করিতে পারি।" সিংহ এই কথা শুনিয়া হাসিল এবং ইঁদুরটিকে ছাড়িয়া দিল।

[ইঁদুর—mouse. খেলা করিতে করিতে—while playing. মুখের

উপর দিয়া দৌড়াইয়া গেল— ran across the face. জাগিয়া উঠা—to wake up (Past tense-woke up). ক্রোধে—in anger. থাবার মধ্যে ধরিল—caught it in his paw. দয়া করিয়া ক্ষমা করুন—please pardon me. হয়তো—perhaps. এই কথা শুনিয়া—at this. ইঁদুরকে ছাড়িয়া দিল—let the mouse go.]

9

ইহার পর একদিন সিংহ এক শিকারীর জালে আট্‌কাইয়া গেল। সে নিজেকে মুক্ত করিবার যথাসাধ্য চেষ্টা করিল কিন্তু তাহার সমস্ত চেষ্টা ব্যর্থ হইল। সিংহ তখন ক্রোধে গর্জন করিতে লাগিল। ইঁদুরটি সিংহের সেই গর্জন শুনিতে পাইয়া তৎক্ষণাৎ তাহার কাছে আসিল। সে প্রথম একটি জালের দড়ি দাঁতে কাটিল, তারপর আরেকটি। এইরূপে শীঘ্রই সিংহ মুক্ত হইল। তখন সিংহ বুঝিতে পারিল যে একটা ছোট প্রাণীও উপকার করিতে পারে।

[ইহার পর— after this. শিকারী— hunter. জাল— net. আট্‌কাইয়া গেল—was caught. নিজেকে মুক্ত করিবার জন্য—to release himself. যথাসাধ্য চেষ্টা করা—to try one's best. কিন্তু সমস্ত চেষ্টা ব্যর্থ হইল……but all in vain. গর্জ্জন করা—to roar. তৎক্ষণাৎ—at-once. প্রথমে একটি দড়ি দাঁতে কাটিল, তারপর আরেকটি—gnawed first at one rope, then at another. মুক্ত হইল— became free. বুঝিতে পারিল—understood বা realised. একটা ছোট প্রাণীও—even a small creature. উপকার করিতে পারে—may do good to another.

10

চিত্তরঞ্জন ১৮৭০ খৃষ্টাব্দে কলিকাতায় জন্মগ্রহণ করেন। তাঁহার বাড়ী ছিল ঢাকা জেলার তেলিরবাগ নামক গ্রামে। তিনি ১৮৮৭ সালে প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হন এবং কলিকাতা Presidency College হইতে ১৮৯০ সালে বি. এ. পাশ করেন। তারপর তিনি বিলাতে যাইয়া ব্যারিষ্টার হইয়া ফিরিয়া আসেন। তিনি কলিকাতা হাইকোর্টে ব্যারিষ্টার ভাবে জীবন আরম্ভ করেন। তিনি আইনজীবী হিসাবে বিশেষ খ্যাতি লাভ করেন।

Hints : ১৮৭০ খৃষ্টাব্দে—In 1870 A. D. জন্মগ্রহণ করেন—was born. ঢাকা জেলার তেলিরবাগ নামক গ্রামে—in Telirbagh, a village in the district of Dacca. প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হন—passed the Entrance Examination. বি. এ. পাশ করেন—took his B. A. degree. বিলাত—England. ব্যারিষ্টার হইয়া ফিরিয়া আসেন—returned as a barrister. ব্যারিষ্টার ভাবে জীবন আরম্ভ করেন—began his life as a ..... কলিকাতা হাইকোর্টে—in the Calcutta High Court. আইনজীবী হিসাবে বিশেষ খ্যাতি লাভ করেন— became very famous as a lawyer.

11

চিত্তরঞ্জন দেশের জন্য অনেক কিছু করিয়াছিলেন। তিনি দেশের সেবার জন্য আইন ব্যবসায় ত্যাগ করেন। তিনি বড়ই দয়ালু ছিলেন। তিনি দরিদ্রদের জন্য তাঁহার সর্ব্বস্ব দান করেন। কলিকাতার চিত্তরঞ্জন সেবাসদন একটি বৃহৎ হাসপাতাল। চিত্তরঞ্জন তাঁহার কলিকাতার বাড়িটি এই হাসপাতালের জন্য দান করেন। তাঁহার পিতা অনেক দেনা রাখিয়া গিয়াছিলেন। চিত্তরঞ্জন তাঁহার পিতার ঋণ শেষ কপর্দ্দক পর্যন্ত শোধ করেন।

এই মহাপুরুষ ১৯২৫ সালে দার্জ্জিলিঙে দেহত্যাগ করেন। আমরা কখনও তাঁহার নাম ভুলিব না।

Hints : দেশের জন্য অনেক কিছু করিয়াছিলেন—did much for his country. দেশের সেবার জন্য—for services to his country. আইন ব্যবসায় ত্যাগ করেন—gave up his legal practice. সর্ব্বস্ব দান করেন—gave away his all. দরিদ্রদের জন্য—for the poor. কলিকাতার বাড়ীটি—his Calcutta residence. অনেক দেনা রাখিয়া গিয়াছিলেন—left enormous debts. ঋণ শোধ করেন—paid off his debts. শেষ কপর্দ্দক পর্যন্ত—to the last farthing. মহাপুরুষ—great man. দেহত্যাগ করা—to die. ভুলা—to forget.

12

সেদিন আমি কয়েকজন বন্ধুসহ নৌকাযোগে বেড়াইতে গিয়াছিলাম। দিনটি বেশ উজ্জ্বল ছিল। মৃদুমন্দ গতিতে বায়ু বহিতেছিল। নদী প্রায় শান্ত ছিল। আমরা একটি বড় নৌকা ভাড়া করিয়াছিলাম। মাঝি কতক্ষণ দাঁড় বাহিয়া পাল তুলিল। নৌকা তখন বেশ দ্রুতবেগে চলিতে লাগিল। ক্রমে সূর্য্য অস্ত যাইতে লাগিল। আমরা নৌকার ছাদে বসিয়া নদীর দুই তীরের দৃশ্য উপভোগ করিতে লাগিলাম। নদীর এক তীরে ছিল দালান কোঠা, মন্দির ও ঘাট এবং অপর তীরে ধানের সবুজ মাঠ। আকাশে ঝাঁকে ঝাঁকে পাখী উড়িয়া আসিতেছিল। আমরা সন্ধ্যার সময় গন্তব্য স্থানে পৌঁছিলাম।

Hints : নৌকাযোগে বেড়াইতে গিয়াছিলাম—took a journey (or trip) by boat. মৃদু মন্দ গতিতে—gently. প্রায় শান্ত— almost calm. ভাড়া করা—to hire. মাঝি—boat man. দাঁড় বাহিয়া—to row. পাল তোলা—to set sail. (নৌকা) চলা—to move. দ্রুতবেগে—swiftly. ছাদে—on the roof. নদীর দুই তীরের দৃশ্য—the scenery of either side or bank (বা on both sides or banks) of the river. [বিশেষ দ্রষ্টব্য—scenery এই শব্দটির plural হয় না]

উপভোগ করা—to enjoy. দালান কোঠা—buildings. মন্দির temples. ঘাট landing steps বা ghats. ধানের সবুজ মাঠ—green fields of paddy. ঝাঁকে ঝাঁকে পাখী—flocks of birds. গন্তব্য স্থান destination.

13

অতি প্রাচীন কালে মানুষ গহন বনে গুহায় বাস করিত। তাহারা পশুর মাংস খাইয়া বাঁচিত এবং এই পশুগুলিকে পাথর ছুড়িয়া মারিত। তাহারা তখন পাক করিতে জানিত না কিন্তু আগুন জ্বালাইতে পারিত। তাহারা একটি পাথরের সঙ্গে আরেকটি পাথর ঘষিয়া আগুন তৈরী করিত এবং মাংস খাওয়ার পূর্ব্বে উহা আগুনে পোড়াইয়া লইত। সেই কালে মানুষ পায়ে হাঁটিয়া একস্থান হইতে অন্য স্থানে যাইত। সুতরাং তাহারা বেশী দ্রুত বা

বেশী দূরে যাইতে পারিত না। ইহার অনেক পরে তাহারা ঘোড়া পুষিতে শিখিয়াছিল।

Hints—অতি প্রাচীন কালে—Long, long ago. গহন বনে—in dense forests. গুহা—cave. পশুর মাংস—the flesh of beasts. খাইয়া বাঁচা—to live on. পাথর ছুড়িয়া মারা—to kill with stones. পাক করিতে জানা—to know how to cook. আগুন জ্বালান—to make a fire. একটি পাথরের সঙ্গে আরেকটি পাথর ঘষা—to rub one stone against another. পোড়ান—to burn. সেইকালে—in those days. পায়ে হাঁটিয়া—on foot. বেশী দ্রুত বা বেশী দূর—very fast or very far. শিখা—to learn. পোষা—to tame. ইহার অনেক পরে—Long after.

14

পিপীলিকারা সর্ব্বদাই ব্যস্ত। তাহারা কখনও অলসভাবে বসিয়া থাকে না, বা নিজেদের মধ্যে বিবাদ করে না। তাহারা শান্তিতে বাস করে এবং একে অন্যকে তাহার কাজে সাহায্য করে। কতকগুলি পিপীলিকা অদ্ভুত রকমের মাটির ঘরে বাস করে। লোকে ইহাদিগকে বলে উইয়ের ঢিপি। এক একটা উইয়ের ঢিপি সময় সময় একটি মানুষের সমান উচু হয়। ইহাতে অনেকগুলি ছিদ্র আছে এবং এক একটি ছিদ্র এক একটি কোঠা। ইহা হইতে আমরা বুঝিতে পারি ইহারা কত চালাক ও নিপুণ।

Hints—পিপীলিকা—ant. ব্যস্ত—busy. অলসভাবে বসিয়া থাকা—to sit idle. বিবাদ করা—to quarrel. শান্তিতে—in peace. একে অন্যকে—each other. অদ্ভুত রকমের—strange বা wonderful. মাটির ঘর—mud-house. উয়ের ঢিপি—ant-hill. ছিদ্র—hole. ইহা হইতে আমরা বুঝিতে পারি—from this we can see or understand (how). চালাক—clever. নিপুণ—skilful.

15

আমরা ভারতবাসী। আমাদের দেশটি বিশাল। ইহা একটি প্রাচীন দেশও বটে। অতি প্রাচীনকালেও এই ভারতবর্ষে গ্রাম, নগর, মন্দির এবং

প্রাসাদ ছিল কিন্তু তখন অন্যান্য বহুদেশের লোকেরা গুহা এবং বনে বাস করিত। আমরা ভূমি কর্ষণ করিতে পারিতাম এবং কাপড় তৈরী করিতে জানিতাম। আমরা লিখিতে পড়িতে এবং ছবি আঁকিতেও জানিতাম। আমাদের জাহাজ বাণিজ্য করার জন্য সমুদ্রের উপর দিয়া দূর দেশে যাইত। আমাদের দেশে পরাক্রান্ত রাজা এবং জ্ঞানী লোকসকল ছিলেন। আমরা আমাদের অতীতের জন্য গর্ব বোধ করি কিন্তু আমাদিগকে বর্তমানের জন্যও ভাবিতে হইবে।

ভারতবাসী—Indian. বিশাল—big or vast. দেশটি বিশাল—ours is...... প্রাচীন দেশও বটে—(is) also an old country. অতি প্রাচীনকালে—in ancient times. প্রাসাদ—palace. অন্যান্য বহুদেশের লোকেরা—the people of most other countries. গুহা—cave. ভূমি কর্ষণ করা—to till the soil. তৈরী করিতে জানিতাম—knew how to make. ছবি আঁকা—to draw. দূরদেশে বাণিজ্য করার জন্য—to trade with far (distant) countries. সমুদ্রের উপর দিয়া যাইত— would sail across the seas. পরাক্রান্ত—mighty. জ্ঞানী লোকেরা—sages or wise men. অতীতের জন্য গর্ববোধ করি—feel proud of our past. বর্তমানের জন্য ভাবা—to think of the present.

PART II

LESSON—1

Introductory 'There' & Preparatory 'It'

I

Introductory 'There'

ওখানে কে ?—Who is there ?

দশরথ নামে এক রাজা ছিলেন—There was a king, Dasarath by name.

এই সহরে একটি স্কুল আছে—There is a school in this town.

অতি পুরাতন কালে এক গুহায় এক মুনি বাস করিতেন—Long, long ago (বা In ancient times), there lived a hermit in a cave.

এই পুকুরে কি মাছ নাই ?—Is there no fish in this pond ?

অতি পুরাতনকালে এক গুহায় এক মুনি বাস করিতেন—Long, long ago (বা In ancient times) there lived a hermit in a cave.

এই পুকুরে কি মাছ নাই ?—Is there no fish in this pond ?

তোমাদের গ্রামে কি তখন কোন ডাক্তার ছিল না ?—Was there no doctor in your village at that time ?

Note—Who is there ?—এখানে 'there'-এর অর্থ ওখানে। দ্বিতীয় sentence-টিতে there-এর কোন অর্থ নাই ; শুধু sentence-টিকে আরম্ভ করিতে সাহায্য করিয়াছে। এইরূপ 'there' কে Introductory 'there' বলা হয় এবং 'there'-এর পর sentence-টির মূল verb-টিতে বসে এবং verbটির পর subjectটি বসে।

II

Introductory there-এর মতন preparatory 'it'-এর কোন অর্থ নাই, ইহা শুধু বাক্য আরম্ভ করিতে ব্যবহৃত হয়।

আজ বড় গরম পড়িয়াছে—It is very hot to day.

বৃষ্টি হইতেছে—It is raining.

ভোর হইল—It was dawn.

এখন বেলা ১০টা—It is 10 O'clock now (বা 10 A. M.)

তখন রাত্রি ঠিক ১১টা—It was just then 11 P. M.

সকালে বেড়ান ভাল—It is good to walk in the morning.

অন্যের অনিষ্ট করা পাপ—It is a sin to harm others.

দারিদ্রকে সাহায্য করা আমাদের কর্ত্তব্য—It is our duty to help the poor.

তোমরাই এই বেঞ্চটি ভেঙ্গেছ—It is you who have broken this bench.

Drill

1. ইংরেজীতে অনুবাদ কর ঃ

(a) এই বাগানে অনেক আম গাছ আছে। পুরাকালে রত্নাকর নামে এক দস্যু ছিল (robber)। একটি বৃক্ষের কোটরে (in the hollow of a tree) একটি সর্প বাস করিত। আফ্রিকার মরুভূমিতে অনেক সিংহ আছে। এ বিষয়ে কোন সন্দেহ নাই (no doubt about it)। এখানে কি পূর্ব্বে কোন বটগাছ ছিল (any banian tree before)?

(b) এখন শীত কাল (winter)। তখন রাত্রি দ্বিপ্রহর (midnight)। সেই রাত্রিটি ছিল বড় ঠাণ্ডা (a very cold night)। এখন দশটা বাজিতে পাঁচ মিনিট বাকী (five minutes to ten)। তখন সাতটা বেজে দশ মিনিট হয়েছিল (ten minutes past seven) এখন আমার ঘড়িতে ঠিক আড়াইটা (just half-past two by my watch)!

(c) মিথ্যা কথা বলা পাপ (to tell a lie)। কাহারো অসাক্ষাতে নিন্দা করা অন্যায় (wrong to back-bite others)। রাত্রি জাগা ভাল নয়। তখন গুড়ি গুড়ি বৃষ্টি পড়িতেছিল (was drizzling)। এখন কয়টা বেজেছে (what time)? তুমি এজন্য দায়ী (responsible for this).

2. বঙ্গানুবাদ কর :—

Long, long ago there lived a prince, Siddharta by name. It was this prince who later (পরবর্ত্তীকালে) became known as the Buddha (পরিচিত হইয়াছিলেন)। It is a matter of great regret (ক্ষোভের বিষয়)। It is a quarter to nine (৯টা বাজিতে ১৫ মিনিট বাকী)। Is there any doubt on this point (এই বিষয়ে সন্দেহ)? There are many famous temples (বিখ্যাত মন্দির) in northern India (উত্তর ভারতে)।

LESSON 2

Familiar Prepositions

At, In, Into

বাড়ীতে—at home ; খুব সকালে—early in the morning ; আমা-দ্বারা—by me ; লাঠি দিয়ে—with a stick ; বাজার হইতে—from the market.

Note—(a) বাঙলায় যেস্থলে শব্দের পর 'তে', 'এ', দ্বারা, দিয়ে, হইতে প্রভৃতি ব্যবহৃত হয়, ইংরেজীতে সেই সব স্থলে শব্দের পূর্বে at, in, by, with, from ইত্যাদি preposition ব্যবহৃত হয়।

Uses of at, in, into

(i) স্থান সম্বন্ধে :—

রেল ষ্টেশনে—at the railway station ; হুগলী সহরে—at Hooghly ; কলিকাতায়—in Calcutta ; বীরভূম জেলায়—in Birbhum বা in the

district of Birbhum ; ভারতবর্ষে—in India ; তিন মাইল দূরে—at a distance of three miles.

Note—ক্ষুদ্র স্থানের পূর্ব্বে at এবং বড় বড় স্থানের পূর্ব্বে সাধারণতঃ in বসে।

(ii) সময় সম্বন্ধে :—

প্রাতে—in the morning ; প্রত্যূষে—at dawn ; দুপুরে—at noon ; মধ্যরাত্রিতে—at midnight ; অপরাহ্নে বা বিকালবেলা—in the afternoon ; সন্ধ্যায়—in the evening ; গোধূলীতে—at dusk ; রাত্রিতে—at night ; গভীর রাত্রে বা নিশীথে—at dead of night ; জানুয়ারী মাসে—in January ; ১৯৫৫ খৃষ্টাব্দে—in 1955 ; বেলা পাঁচটায়—at 5 P. M. ; পাঁচটায়—at 5 A. M. (বা at 5 O'clock in the morning) ; দিনের বেলা—in the day time, in the day বা during the day ; এক সপ্তাহে—in a week (অনুরূপভাবে in a month, in a year ইত্যাদি) ;

(iii) নানাভাবে :—

অবশেষে—at last বা at length ; লেখাপড়ার কাজে থাকা—to be at one's desk ; (অনুরূপ ভাবে to be at war, at work, at leisure ইত্যাদি) ; ক্রয় বা বিক্রয় করা কোন মূল্যে—to buy বা sell at one rupee per seer, etc.

তিনি ঘরে (ঘরের মধ্যে বা ভিতরে) আছেন— He is in the room.

তিনি ঘরের মধ্যে প্রবেশ করিলেন—He went into the room. (বা He entered into the room বা He entered the room).

Note—কোন স্থানে অবস্থিত বুঝাইতে 'in' এবং এক স্থান হইতে অন্য স্থানে প্রবেশ (অর্থাৎ গতি) বুঝাইতে সাধারণতঃ 'into' ব্যবহৃত হয়।

নিম্নে 'into'-র আরো কয়েকটি ব্যবহার দেখানো হইল :- কোন বিষয়ে অনুসন্ধান করা—to enquire into matter ; কোন স্কুলে বা ক্লাশে ভর্তি হওয়া—to be admitted into (বা to) a school or a class ; নদীতে পড়া—to fall into a river ; গোলমালে বা হাঙ্গামে পড়া—to get into trouble ; ইংরাজীতে অনুবাদ করা—to translate into English.

To

তিনি কলিকাতা গিয়াছেন—He has gone to Calcutta.

(কিন্তু) তিনি বাড়ী গিয়াছেন—He has gone home.

তিনি ষ্টেশনে যাইবেন—He will go to the station.

আমার নিকট এস—Come to me.

দেশের প্রতি কর্ত্তব্য করিতে হইবে—We must do our duty to our country.

ধীবর মৎসটি খণ্ড খণ্ড করিয়া কাটিল—The fisherman cut the fish to pieces.

(দুই খণ্ড করা—to cut a thing into two)

এই কলমটি আমার—This pen belongs to me.

অন্যান্য দৃষ্টান্ত ঃ—

দিল্লী যাওয়ার পথ—the road to Delhi ; ডান পা বামে ঘুরা—to turn to the right (বা to the left) ; পূর্ব্বদিকে—to the east (অনুরূপভাবে, to the west, to the south, etc.) ; স্কুলে যাওয়া—to go to school ; কাহাকেও লিখা—to write a person ; দুটো থেকে ৪টে পর্য্যন্ত —from 2 to 4 O'clock.

On, Upon

On এবং upon-এর মধ্যে বিশেষ কোন পার্থক্য নাই, কিন্তু অধিকাংশ স্থলে on-ই ব্যবহৃত হয়।

(i) মেঝের উপর—on the floor ; দেয়ালের উপর একটা ছবি—a picture on the wall ; অঙ্গুলিতে একটা আংটি—a ring on a finger ; ঘোড়ায় চড়া—to get on horse ; নদীর ধারে (বা পাড়ে) একটি বাড়ী—a house on the river.

(ii) রবিবারে—on Sunday ; ১লা জানুয়ারীতে—on the 1st of January, পয়লা জানুয়ারী প্রাতে—*on* the morning of the 1st Janu-

ary ; বৎসরের প্রথম দিনে—on new year's day ; সে দিন—on that day ; একদা—once upon a time.

Note :—কোন বার বা তারিখের সঙ্গে সকাল, বিকাল, সন্ধ্যা প্রভৃতি যুক্ত হইলে in the morning, after-noon বা evening না হইয়া on the night (of the 1st January.) এইরূপ হইবে।

Over

আমাদের মাথার উপর আকাশ—The sky is *over* our heads.

ইহাতে আমার একশ টাকার বেশী খরচ পড়িয়াছে—It has cost me *over* a hundred rupees.

তাহার বয়স পঞ্চাশের উপর—He is *over* (or above) fifty.

নদীটির উপর একটি সেতু ছিল—There was a bridge *over* the river.

By

এসে আমার পাশে বস—Come and sit by me.

এ কাজটি রামের দ্বারা করানো হইয়াছিল—This work was done by Ram.

আগামী কালের মধ্যে কাজটি শেষ করিতে পারিবে কি?—Can you finish the work by to-morrow ?

আমাকে চিঠিতে বা তারে খবর দিও—Please let me know by letter or telegram.

ট্রেনে, ট্রামে, বাসে-এ, নৌকা ইত্যাদিতে চলা—to go by train (or by rail) tram, bus, boat, air, or steamer, ইত্যাদি ; জাতিতে ব্রাহ্মণ—Brahmin by cast.

With

With—দ্বারা, সঙ্গে বা সহিত, লইয়া ইত্যাদি অর্থে ব্যবহৃত হয়। By—এর অর্থও 'দ্বারা' (যথা—লাঠির সাহায্যে)—with a thing.

সাপটি তাহা কর্তৃক লাঠি দ্বারা মৃত হইল—The snake was killed *by* him *with* a stick.

আমার সঙ্গে আস—Come with me.

সে স্ত্রীপুত্র লইয়া স্থান ত্যাগ করিল— He left place with his wife and children.

Within

কোন নির্দিষ্ট সময়ের মধ্যে বুঝাইতে within এবং কোন সময়ের অন্তে বুঝাইতে in বসে।

তিনি তাঁবুর ভিতরে আছেন—He is within (বা in) the tent.

তিনি কলিকাতার নিকটে কয়েক মাইলের মধ্যেই বাস করেন—He lives within a few miles of Calcutta.

তিনি আয়ের বেশী খরচ করেন না—He lives within his income.

এক ঘণ্টার মধ্যেই সভা আরম্ভ হইবে—The meeting will commence within an hour.

আমি এক ঘণ্টায় এ কাজটি শেষ করিব—I shall finish the work in an hour.

Of

ছেলেটি আমার বন্ধুর পুত্র—The boy is a son of my friend.

তিনি চরিত্রবান্ লোক—He is a man of character.

তাঁহার পিতা জ্বরে মারা যান—His father died of fever.

(কিন্তু আকস্মিক দুর্ঘটনার ফলে মারা গেলেন die from হইবে ; যথা—সে সর্পাঘাতে মারা গেল—He died from snake-bite.)

সে কানে কম শোনে—He is hard of hearing.

তাহার টাকার অনটন—He is short of money.

এই হারটি সোনার তৈরী—This necklace is made of gold.

তুমি আমাকে বোকা বানিয়েছ—You have made a fool of me.

আমরা কলিকাতায় বাস করি—We live in Calcutta বা We live in city of Calcutta (অর্থাৎ in the city called Calcutta).

[অনুরূপ ভাবে in the district of Nadia, in the month of February কিন্তু বর্ষ সম্বন্ধে in the year1947—এইরূপ বলারই প্রচলন বেশী]

For

তিনি তোমার জন্য কি না করেছেন ?—What has he not done for you ?

এখনই ডাক্তার ডাকিতে পাঠাও—Send for a doctor at once.

আমি আগামী তিন ঘন্টা অত্যন্ত ব্যস্ত থাকিব—I shall be very busy for the next three hours.

চুরি করার জন্য তাহার শাস্তি হইয়াছিল—He was punished for stealing.

মেয়েটি আনন্দে নাচিতে লাগিল—The girl danced for joy.

আমার পক্ষে একাজটি করা সোজা নয়—It is not easy for me to do this work.

এ কলমটির মূল্য বাবদ কত দিলে ? How much did you pay (বা give) for the pen ?

শিক্ষকদের প্রতি তোমার শ্রদ্ধা থাকা উচিৎ—You should have respect for your teachers.

(অনুরূপ ভাবে to have a liking for music—সঙ্গীতের প্রতি অনুরাগ, to have affection for one's children.)

তাহারা রামকে তাহাদের নেতারূপে মনোনীত করিল—They choose Ram for their leader.

এই কোঠাটিতে আমার পড়ার ঘরের কাজ চলিবে—This room will serve for my study.

(অনুরূপভাবে for my bed-room, kitchen or bath-room, etc.)

ভল্লুক লোকটিকে মৃত বলিয়া মনে করিল—The bear took the man for dead.

About

তাহার সম্বন্ধে তুমি কি জান ?—What do you know about him ?

রাস্তায় এদিক ওদিক ঘুরিয়া সে ক্লান্ত হইয়া পড়িয়াছিল—He was tired of walking about the streets.

উঠানের এখানে সেখানে বোতল, টিন, কাগজ ফেলিয়া রাখিও না—Don't leave bottles, tins and papers lying about the compound.

Before

দয়া করিয়া দশটার পূর্ব্বে আসিবেন—Please come before ten O'clock.

আমার সম্মুখে দাঁড়াও—Stand before me.

অপমানের চেয়ে মৃত্যু ভাল—Death before dishonour.

স্কুলের পর ছেলেরা ফুটবল খেলে—After school the boys play foot ball.

After

কাল বাদে পরশু একবার আমার সঙ্গে দেখা করিও—Meet me day after tomorrow.

ছেলেটির চেহারা তার বাপের মতন হইয়াছে—The boy takes after his father.

From

গঙ্গানদী হিমালয় হইতে প্রবাহিত হইয়াছে—The Ganga flows from the Himalays.

সে সকাল থেকে রাত্রি পর্য্যন্ত কাজ করে—He works from morning till night.

তিনি সর্দ্দিতে ভুগিতেছেন—He is suffering from a cold.

আঙ্গুর হইতে মদ তৈরী হয়—Wine is made from grapes. (কিন্তু)

table is made of wood. যেখানে জিনিষের আকার বা গুণের পরিবর্ত্তন হয়, সেখানে from এবং যেখানে পরিবর্ত্তন হয় না সেই স্থলে 'of' ব্যবহৃত হয়।

Under

আমরা একটা গাছের নীচে বসিয়াছিলাম—We sat under a tree.

সমস্ত গ্রামটি জলে ডুবিয়া গেল—The whole village went under water.

ছেলেটির বয়স ছয় বৎসরের কম—The boy is under six বা The boy is under six years of age.

এই টেবিলটির দাম বিশ টাকার কম হওয়া উচিত—The price of this table should be under twenty rupees.

সেতুটি মেরামত হইতেছে—The bridge is under repair.

Through

সিঁদেল চোরটি জানালার মধ্য দিয়ে আসিয়া থাকিবে—The burglar must have come through the window.

টেমস নদী লণ্ডনের ভিতর দিয়ে প্রবাহিত হইয়াছে—The Thames flowes through London.

ভ্রম বশতঃ আমি এইরূপ করিয়াছিলাম—I did so through mistake.

অমি তখন রাস্তা দিয়ে যাইতেছিলাম—I was then passing through the street (বা going along the street).

নিম্নে আরো কয়েকটি preposition-এর উল্লেখ করা হইল :—

Above (উপরে), beyond (বাহিরে), against (বিরুদ্ধে), across (আড়াআড়িভাবে), between (দুটির মধ্যে), among (বহুর মধ্যে)

Drill

1. শূন্যস্থানে যথোপযুক্ত Preposition বসাও :—

(*a*) Pundit Iswar Chandra Vidyasagar was born—Birsinghagram—the district—Midnapur. A thief got—the room

—midnight and ran away—some valuables (মূল্যবান জিনিষ)। This letter was written—my friend, My brother was admitted —class IX— Monday last. We must show proper respect— our parents.

(b) His house is—the east of mine. The school will remain closed—a week Tuesday next. The meeting will be held—the 15th February. Every one should live—his income. This work may be completed— 4 o'clock. It is a quarter— six. This ring is made—gold. Steel (ইস্পাত) is made—iron. Please send—a doctor. There is a bridge—river.

(c) It is not possible—a little boy to do this job. I have to pay (দিতে হইবে) rupees fifty—this wrist-watch. Milk sells here—ten annas a seer. Is there any mother who has no affection—her children? I took him—an honest man (তাহাকে সৎলোক বলিয়া মনে করিয়াছিলাম)। I know nothing—Ram. He could not reach there—7 P. M. Look—you leap (লাফ দেওয়ার পূর্ব্বে ভাল করিয়া দেখিয়া লইবে)।

(d) We shall play—class work. He is suffering—influenza. There is a bench—that banian tree. The ganges rises —the Himalayas and flows—the north—eastern part of India. It then falls—the Bay of Bengal. There is no quarrel—you and me. Distribute (ভাগ করিয়া দাও) the mangoes—the boys present (উপস্থিত ছেলেদের মধ্যে)।

2. (a) ইংরেজীতে অনুবাদ কর :—

ঘরের ভিতরে যাও। তোমার বাবা কি ঘরের ভিতর আছেন? আমার বড় ভাই থাকেন মধুপুরে (Madhupur) এবং বাবা বোম্বেতে (Bombay) আমি বাড়ী হইতে সাড়ে সাতটায় রওনা হইব। তুমি কি সাতটার ট্রেনে এসেছ (by the 7 O'clock train)? না, আমি ৭-৫০-এর ট্রেনে এসেছি (by the 7-50 train)।

(b) তাহাকে দিয়া চিঠিখানা পাঠাও। তিনি লাঠি দিয়ে চোরটিকে

প্রহার করেন (beat)। তুমি কার সঙ্গে এসেছ? গত শনিবার রাত্রিতে এই গ্রামের উপর দিয়ে একটি প্রবল ঝড় (violent storm) বহিয়া গেল (passed or blow)। মজুরটি (labourer) দুই ঘণ্টায় কাজটি করিয়াছিল। সে আমার অধীনে কাজ করে (under)।

(c) ছেলেরা মাঠের দিকে দৌড়াইল (towards)। চল, মাঠের উপর (across) দিয়া যাই (let us......)। আমি তাহাকে যদু বলিয়া মনে করিয়াছিলাম। তাহার বিরুদ্ধে বলিবার আমার কিছুই নাই (to say against him) ছেলেটি গাছের শাখা হইতে পড়িয়া গেল (the branch of a tree)। বাগানের মধ্য দিয়া একটি রাস্তা গিয়াছে (across the garden)। একটি বৃদ্ধ রাস্তা দিয়া যাইতেছিল (to go or pass along the street)।

(d) তিনি ছয়টার পূর্ব্বেই বাড়ী পৌঁছিবেন। আমি এ বিষয়ে কিছুই জানি না। পাঁচ বৎসরের নীচে বয়স এমন কোন ছেলেকে এই শ্রেণীতে ভর্ত্তি করা হইবে না। আমার বাবার বয়স পঞ্চাশের উপর (above বা over)। এই শাখাটি আমার নাগালের বাহিরে (beyond my reach); দুই ভাইয়ে খুব ভালবাসা ছিল (great love) এই মিষ্টিগুলি (sweets)। ছাত্রদের মধ্যে বণ্টন (to distribute) করিয়া দাও।

———

LESSON 3

Phrases

তাহার কোন আত্মীয় স্বজন নাই—He has no *kith and kin.*

(Noun phrase)

রাম একটি দোওয়া গাই কিনিয়াছে—Ram has purchased a *milch cow.* (Noun phrase)

চল একটা ঠিকাগাড়ী ভাড়া করি—Let us hire a *hackney carriage.*

(Noun phrase)

তিনি চরিত্রবান লোক—He is a man of *character.* (Adjective phrase)

তাহার পিতা সঙ্গতিপন্ন লোক ছিলেন—His father was a well-to-do man. (Adj. phrase)

এখানে এক হাটু জল—The water is *knee-deep* here. (Adj. phrase)

তোমার জুতা খুলিয়া ফেল—*Put off* your shoes. (verbal phrase)

তাহারা দরজাটি ভাঙ্গিয়া খুলিল—They *broke open* the door. (verbal phrase)

আমি যথাসাধ্য তোমাকে সাহায্য করিব—I shall help you *to the best of my power.* (Adverbial phrase).

যথা সময়ে তুমি চিঠির উত্তর পাইবে—You will get a reply to your letter *in time.* (Adv. phrase)

লোকটি দিন আনে দিন খায়—The man lives *from hand to mouth.* (Adv. phrase).

আমি অসুস্থতা নিবন্ধন (অর্থাৎ অসুখের জন্য) স্কুলে আসিতে পারি নাই—I could not attened school on *account of* illness. (Prepositional phrase).

চিত্তরঞ্জন দেশের জন্য প্রাণ উৎসর্গ করিয়াছিলেন—Chittaranjan sacrificed his life *for the sake of* his country (Prepositional phrase)

মতি এবং তাহার ভাই এ কাজ করিয়াছে—Mati *as well as* his brother has done this (Conjunctional phrase).

হায় হায়! তুমি আঘাত পেয়েছ—*Dear me,* you are hurt. (Interjectional phrase)

Note—Phrase কয়েকটি শব্দের সমষ্টি, কিন্তু এই সমষ্টির মধ্যে কোন নির্দ্দিষ্ট Subject বা Predicate নাই। এই শব্দ সমষ্টি ইংরেজীতে যে noun, verb, preposition প্রভৃতি আটটি Parts of speech আছে, তাহার কোন একটির মতন ব্যবহৃত হইয়া থাকে। যেটি noun-এর মত ব্যবহৃত হয় তাহাকে বলা হয় noun phrase, Adjective-এর মত হইলে Adjective phrase ইত্যাদি।

Drill

নিম্নলিখিত sentence-গুলির মধ্যে phrase-গুলি চিহ্নিত কর এবং কোন্‌টি কি জাতীয় phrase নির্দ্দেশ কর :—

(a) I saw a host (বহু সংখ্যা) of golden daffodils. This is more than flesh and blood can endure (রক্ত মাংসের দেহ ইহা সহ্য করিতে পারে না). Time and tide (সময় এবং জলস্রোত) waits for no one. A thing of beauty is a joy for ever (সুন্দর জিনিষ চিরকাল আনন্দ-জনক). He tried heart and soul for it. (মনে প্রাণে).

(b) He scaled a wall ten feet high (উল্লঙ্ঘন করা). He is good for nothing. Her complexion (বর্ণ) is milk-white. Every one must lay by something against the rainy day (বিপদের দিনের কথা মনে করিয়া প্রত্যেকেই কিছু সঞ্চয় করিবে). He is looking out for a job (সে একটা চাকুরী খুঁজিতেছে). All of a sudden (বা all on a sudden) the dog ran to me.

(c) By chance he slipped his foot (দৈবাৎ তাহার পা পিছ্‌লাইয়া গেল). He succeeded in life by dint of hard labour. (কঠোর পরিশ্রম করিয়া তিনি জীবনে কৃতকার্য্য হইয়াছেন). He began to run for fear of life (প্রাণভয়ে). He could not prosecute his studies for want of money (অর্থাভাবে পড়া চালাইতে পারিল না). No sooner did he reach the station than the train started (সে ষ্টেশনে পৌঁছিবামাত্র গাড়ী ছাড়িয়া দিল).

2. ইংরেজীতে অনুবাদ কর :—

(a) আমাদের জীবন চিন্তা ভাবনায় পূর্ণ (full of cares and anxieties)। তিনি দিবারাত্র (day and night) পরিশ্রম করিতেন। তুমি শুধু (only) বেতন (pay) পাইবে। খোরাক-পোষাক পাইবে না (food and clothing)। হরিণ অত্যন্ত দ্রুতপদ (very swift or fleet of foot)। ওখানে জল এক কোমর (waist-deep)। আমার ছোট

ভাই কানে খাট (dull বা hard of hearing)। মেয়েটি খুব নম্র (as meek as a lamb বা meek as a lamb)। আমাদের বাৎসরিক পরীক্ষা সাধারণতঃ ডিসেম্বর মাসে হয় (usually comes off)।

(b) ধনীরা অনেক সময় দরিদ্রদিগকে অবজ্ঞার চোখে দেখে (very often look down upon)। তিনি অঙ্কে খুব পারদর্শী (quite at home in mathematics)। আমি বারবার তোমাকে সাবধান করিয়া দিয়াছি (warn again and again)। ছেলেরা দল বাঁধিয়া (in body) প্রধান শিক্ষকের নিকট গেল। আমি ছাত্রদের পক্ষে এই কথাটি বলিতে আসিয়াছি (in behalf of বা on behalf of the boys)। বক্তৃতা প্রসঙ্গে তিনি তাহার ছেলের মৃত্যুর সম্বন্ধে উল্লেখ করেন (in course of his speech, referred to his son's death)।

(c) তিনি নগদ টাকার পরিবর্ত্তে একটি চেক পাঠাইয়াছেন (a cheque instead of cash)। কিছু সাহায্য পাইবার আশায় (in the hope of) তিনি তাহার আত্মীয়ের নিকট গিয়াছিলেন। যেই সে সাপটি দেখিল অমনি চীৎকার করিয়া উঠিল (as soon as বা no sooner than)। এই বিষয় সম্বন্ধে আমার কিছু বলিবার ছিল (in regard to)। এইরূপ মন্তব্য করা তোমার পক্ষে অন্যায় হইয়াছিল (on your part, to make such a remark বা comment)। আমার নিষেধ সত্ত্বেও সে রোদে রোদে ঘুরিয়া-বেড়াইয়াছিল (in spite of my warning, to go about in the sun)। আপনার উপদেশ অনুসারে এই বইটি কিনিয়াছি (according to your advice)।

in lieu of

LESSON 4

Phrases (contd.)

I

Noun Phrases

পণ্ডিত জওহরলাল দিবারাত্র কাজ করিতে পারেন—Pandit Jawhar-Lal can work *day and night.*

এখন তাহার জীবন-মরণ সমস্যা—Now it is a question of *life and death* with him.

Note—বাংলাতে বাক্যাংশ (Phrase) সাধারণতঃ সমাসযুক্ত হইয়াই ব্যবহৃত হয়। ইংরেজীতে নানাভাবে ইহাদের অনুবাদ করিতে হয়। কখনও কখনও বাংলা হইতে ইংরেজী অনুবাদ করিতে হইলে বাংলা শব্দ দুইটির order ইংরেজীতেও একই রূপ থাকে আবার কখনও কখনও idiom অনুসারে পরের শব্দটি আগে বসে।

সম্রাট অশোক শত্রুমিত্র সমান দেখিতেন—Emperor Asoke treated *friend and foe* alike.

অবশেষে রাণা প্রতাপ রণক্ষেত্র পরিত্যাগ করিলেন—At last Rana Pratap left the *battle-field* (field of battle).

আরোও কতকগুলি দৃষ্টান্ত :

ধন-জন—men and money. দোষগুণ—merits and demerits. জল-স্থল—land and water. তীরধনুক—bow and arrow. বিদ্যা ধন—wealth of learning. আনন্দাশ্রু—tears of joy. কর্তব্যজ্ঞান—sense of duty. দৈববাণী—voices from heaven. চিঠির কাগজ—note paper. চক্ষুর পাতা—the eye-lid. পথের ভিখারী—a street beggar. দুঃখের বিষয়—a matter of regret. কাজের ভিড়—preasure of work. আয়ের পথ—source of income. এক গ্রাস ভাত—a mouthful of rice. পাঁচ সের চিনি—five seers of sugar. এক ঘর শ্রোতা—a houseful of audiance. একদল ডাকাত— a gang of robbers. এক ঝাঁক পাখী—a flock of bird. এক পাল ভেড়া—a flock of a sheep.

II

Adjective Phrase

(i)

পদ্মার পারেই আমাদের দিগন্ত-প্রসারিত সবুজ মাঠ— Just on the bank of Padma lies our green field *extending to the horizon.*

পতিব্রতা নারী সর্বদাই প্রশংসার যোগ্য—A women, *devoted to her husband* is always prase-worthy.

Note—present ও past participle-এর সাহায্যে সমাসবদ্ধ বিশেষণ পদের (Adj. phrase) অনুবাদ করা হয়।

আরোও কয়েকটি দৃষ্টান্ত :

শ্রুতিমধুর— pleasing to the ear. তুষারাবৃত— covered with snow. ধীশক্তিস-ম্পন্ন— endowed with intelligence. তরঙ্গ-বিক্ষুব্ধ— agitated with waves.

(ii)

ক্রোধান্ধ হইয়া সে কক্ষ হইতে বাহির হইয়া আসিল—*Mad with rage,* he rushed out of the room.

চিত্তরঞ্জনের ন্যায় মুক্ত হস্তে দানশীল লোক পৃথিবীতে বিরল—Men so *lavish of gifts* as Chittaranjan are rare in this world.

স্বাস্থ্যহীন জীবন ভার স্বরূপ—Life *without health* is a burden.

Note—Adjective ও preposition-এর সাহায্যে অনেক সময় সমাসবদ্ধ বিশেষণ পদের (Adj. phrase) অনুবাদ হইয়া থাকে।

আরোও কয়েকটি দৃষ্টান্ত :

অল্পবয়স্ক—of tender age. শৃঙ্খলাবদ্ধ তস্কর— a thief in chains. সম্মুখবর্তী উদ্যান—garden in front of.

(iii)

আঙ্গুরগুলি মিষ্ট যেন মধু—Grapes are as sweet as honey.

বিছানাটি নরম যেন তুলা—The bed is as butter.

Note—সময় সময় Adjective-এর পর 'as' অথবা পূর্বে ও পরে উভয় স্থানেই as বসাইয়া বাংলা উপমা হইতে ইরেজী করা হয়।

কয়েকটি উপমার দৃষ্টান্ত :

শক্ত যেন ইট—hard as a stone. কাল যেন ঝুল—black as jet. সাদা যেন দুধ—as white as milk. ঠাণ্ডা যেন বরফ—cold as ice. লাল যেন গোলাপ ফুল—red as a rose, fire, blood etc.

III

Note :—Adverb-এর ন্যায় Adverbial Phrase সাধারণতঃ Verb, Adverb, Adjective প্রভৃতিকে modify করিয়া থাকে।

একদা এক রাজা ছিল—*Once upon a time* there was a king.

আশে পাশে চাহিয়া দেখ—Look *right and left.*

তিনি মাঝে মাঝে আসেন—He comes *now and then.*

দিন দিন তাহার স্বাস্থ্যের উন্নতি হইতেছে—His health is improving *day by day.*

দিনের পর দিন তিনি লিখিয়া যাইতেছেন—He has been writing *day after day.*

তাহারা পাশাপাশি দাঁড়াইয়াছিল—They stood *side by side.*

তিনি পদে পদে অপমানিত হইয়াছিলেন—He was insulted *at every step.*

প্রকৃতপক্ষে তিনি একজন কাজের লোক—*In fact,* he is a man of business.

জসীমউদ্দীন অবসর মত কবিতা লেখেন—Jasimuddin composes poems *at odd moments.*

প্রসঙ্গক্রমে—by the by. ক্রমে ক্রমে—by degrees, gradually.

দুর্ভাগ্যক্রমে রাম পরীক্ষায় অকৃতকার্য্য হইয়াছে— As ill *luck would have it,* Ram has come out unsuccessful in the examination,

নিমেষ মধ্যে প্রতাপের তলোয়ার সকলের চোখ ঝল্সাইয়া দিল—The sword of Pratap dazzaled the eyes of all, *in the twinkling of an eye.*

কাপড়ের দর হু হু করিয়া বাড়িয়া যাইতেছে—The price of cloth is going up *by leaps and bounds.*

কতকগুলি Adverbial phrase-এর দৃষ্টান্ত :

কানে কানে—in one's ear. ক্ষণে ক্ষণে—at every moment. মনে মনে—to one's self. একে একে—one by one. বারে বারে—time and again. স্তরে স্তরে— layer on layer. বর্ষে বর্ষে—year by year, year after year. স্থানে স্থানে—here and there. দ্বারে দ্বারে—from door to door.

সারাদিন—all day long ; the whole day. সারারাত -all night through or long ; through out the whole night. সারা বৎসর—all the year round. সারা শীতকাল ধরিয়া—through out the winter. সারাক্ষণ—all the time.

যথা সময়ে—in due time. যথাসম্ভব—as much as po ssible. যথাক্রমে—in regular order. যথা নিয়মে—according to rule. যথাস্থানে—in proper place. প্রসঙ্গক্রমে—by the by. ক্রমে ক্রমে—by degrees, gradually. পর্যায়ক্রমে— by turns. গুণানুক্রমে— in order of merit. সম্মতিক্রমে—with one's consent. কালক্রমে—in (or process) of time. বংশানুক্রমে - in due order of succession. স্বেচ্ছাক্রমে—of one's own accord. একাক্রমে—at a stretch.

শেষবার—once for all. এরূপ অবস্থায়—under such circumstances. কিয়ৎ পরিমাণে—to some extent. কোন কোন সময়ে—at times. পক্ষান্তরে—on the contrary. প্রারম্ভে—at the beginning. তটস্থ—on the alert. বস্তুত—in fact, as a matter of fact. ইতস্ততঃ—to and fro. মুক্তহস্তে—with a lavish hand. মোটেই না—not at all. সর্ব্বপ্রকারে—by all means. আখেরে—in the long run.

স্পষ্ট দিবালোকে— in broad day light. সামনাসামনি— face to face. বেপরোয়াভাবে—recklessly. আপাদ-মস্তক—from head to foot.

IV

Prepositional Phrases

কেবলমাত্র অধ্যবসায় বলে হোসেন শাহ বাংলার সুলতান হইয়াছিলেন—Hossain Shah became the Sultan of Bengal *by dint of* sheer perseverence.

অবসর গ্রহণের পূর্ব্বে তিনি সবজজ্ হইয়াছিলেন— He became a Sub-judge *on the eve of* his retirement.

শিক্ষক দৃষ্টান্তচ্ছলে 'এক দিনের বাদসার' গল্পটির উল্লেখ করিলেন—The teacher referred to the story of 'The king for a day' *by way of* example.

আমাদের সঙ্গে কাহারও যুদ্ধ নাই, আমরা সকলের সহিত শান্তি স্থাপন করিয়াছি—We are *at war with* none and *ai peace with* all.

তিনি পরিশ্রমের দ্বারা জীবনের সফলতা অর্জ্জন করেন—He achieved success in life *by virtue of* industry.

সমীরের অঙ্কশাস্ত্রে দখল আছে—Samir is *at home* in mathematics.

বাজারে গভীর রাত্রিতে আগুন লাগিয়াছিল—Fire broke out in the bazar *at dead of* night.

আমার বাড়ীর সম্মুখে একটি প্রাসাদ আছে—There is a palace *in front of* my house.

পাঁচ বৎসরের মধ্যে আমাদের দেশ সমৃদ্ধিলাভ করিবে—In *course of* five years our country will be prosperous in all spheres.

Drill

ইংরেজীতে অনুবাদ কর :—

(a) আমাদের এখন জীবন-মরণ সমস্যা উপস্থিত হইয়াছে। সে মন

-প্রাণ দিয়া (heart and soul) চেষ্টা করিয়াছিল। তাহাদের ধন-জন আছে। প্রত্যেক মানুষেরই দোষগুণ দুইই আছে। জলকষ্ট সহ্য হয় না। পুত্রের সাফল্যে পিতা আনন্দাশ্রু বর্ষণ করিলেন (shed)। রক্ত-মাংসের শরীরএ অপমান সহ্য করিতে পারে না। এ উদ্যানে দুই সারি গাছ আছে। খোরাক-পোষাকের জন্য সে ভাবেনা।

(b) অসাধুতাই তাহার পতনের কারণ। তিনি এক্ষণে মৃত্যুর জন্য প্রস্তুত। তোমরা পুরস্কার লাভের উপযুক্ত নহ। সে নিজের স্বার্থের (his own interest) প্রতি সচেতন। শত্রু অনিষ্ট করিতে কৃতসংকল্প (bent upon)। এ অনুগ্রহ চিরদিন স্মরণ রাখিবার যোগ্য (worthy of being remembered for ever).

(c) আমি সারাক্ষণ হাঁটিতেছি। বৃত্তান্তটি আগাগোড়া মিথ্যা। সে অনিচ্ছাক্রমে এই স্থান ত্যাগ করিল। এরূপ অবস্থায় আমার দোষ নাই। ভিখারী পথে পথে ভিক্ষা করে। আমি যথাসাধ্য তাহাকে সাহায্য করিয়াছি। আমরা অক্ষরে অক্ষরে আপনার উপদেশ পালন করিয়াছি।

LESSON—5

Comparison of Adjectives

Comparative Degree

I

সিংহ ব্যাঘ্রের চেয়ে বলবান—A lion is stronger than a tiger.

মধু চিনির চেয়ে মিষ্টি—Honey is sweeter than sugar.

সমীর বিনয়ের চেয়ে ছোট—Samir is younger than Binoy.

সোনা লোহার চেয়ে ভারী—Gold is heavier than iron.

নুরজাহান মমতাজবেগমের চেয়ে সুন্দরী ছিলেন—Nurjahan was prettier than Begam Mamataj.

শিক্ষক মহাশয় রামের চেয়ে দশ বৎসরের বড়—The teacher is older than Ram by ten years.

Note : ব্যাক্তি বা বস্তুর তুলনা বুঝাইলে Comparative degree-এর ব্যবহার হয়। adjective এর পর Comparative degree তে 'er' যোগ হয় এবং ইহার পর 'than' বসে।

II

মণ্টু আমার চেয়ে বুদ্ধিমান—Mantoo is more intelligent than I.

সোনা হীরকের চেয়ে কম মূল্যবান—Gold is less precious than diamond.

মাংস মাছের চেয়ে অধিক পুষ্টিকর—Meat is more nutritious than fish.

ডালা মালার চেয়ে অধিক সুন্দরী—Dala is more beautiful than Mala.

Note : Adjective টি দুই বা ততোধিক syllable যুক্ত হইলে, Comparative degree তে 'er' যুক্ত হয় না—ইহার আগে 'more' 'less' ইত্যাদি যোগ করিয়া Comparative করা হয়।

III

পশ্চিমবঙ্গের পাট পূর্ববঙ্গের পাটের চেয়ে নিকৃষ্ট—The Jute of West-Bengal is inferior to that of East Bengal.

বিনয়বাবু আমার চেয়ে চাকুরিতে প্রবীণ—Benoy Babu is senior to me in service.

সমরের দাদা আমার চেয়ে বয়সে চার বৎসরের ছোট—Samar's elder brother is junior to me by four years.

Note : Inferior, Superior; Senior, Junior প্রভৃতি adjective এর পর Comparative degree তে 'than এর স্থানে 'to' বসে।

Superlative Degree

I

অসীম ক্লাসের সেরা ছেলে—Asim is the best boy in the class.

পৃথিবীতে এভারেষ্ট সর্বোচ্চ শৃঙ্গ—The Everest is the highest mountain peak in the world.

সেক্সপীয়র রাণী ভিক্টোরিয়ার আমলের শ্রেষ্ঠ নাট্যকার ছিলেন—Shakespeare was the greatest dramatist of the Victorian age.

Note : অধিকসংখ্যক বস্তুর বা ব্যক্তির মধ্যে তুলনা বুঝাইলে Superlative degreeর ব্যবহার হয়; adjective এর শেষে 'es' যোগ করিয়া আগে 'the' ও পরে 'of' বসাইতে হয়।

II

পশুর মধ্যে গরু সর্বাপেক্ষা উপকারী—The Cow is the most useful of beasts.

ফুলের মধ্যে গোলাপই সবচেয়ে সুন্দর—The rose is the most beautiful of all flowers.

পশুর মধ্যে বানরই সর্বাপেক্ষা বুদ্ধিমান—The monkey is the most intelligent of beasts.

Note : দুই বা ততোধিক Syllable যুক্ত adjective এর Superlative degree করিবার সময় উহার আগে 'must' বসিয়া থাকে।

মন দিয়া পড় :

Positive	Comparative	Superlative
Big	Bigger	Biggest
Large	Larger	Largest
Happy	happier	happiest
Wise	wiser	wisest
Bad	worse	worst

Positive	Comparative	Superlative
Good	better	best
Many	more	most
Little	less	least
Far	farther	farthest
Old	older, elder	oldest

Drill

ইংরাজীতে অনুবাদ কর :—

মণ্টু বিমানের চেয়ে বুদ্ধিমান। ডালা ক্লাশের সেরা মেয়ে। সিংহ বাঘের চেয়ে বলবান। সোনা রূপার চেয়ে উজ্জ্বল। দেববাবু সোমেশ বাবুর চেয়ে অঙ্কে ভাল। এই গ্রামে তিনিই সর্বাপেক্ষা জ্ঞানী। ভারতে গঙ্গা সর্বাপেক্ষা বৃহৎ নদী। ধাতুর মধ্যে লৌহ সবচেয়ে উপকারী। আমাদের দেশের সব ফুলের মধ্যে স্বর্ণ চাঁপাই (golden champak) সবচেয়ে সুন্দর। কালিদাস ছিলেন সে যুগের শ্রেষ্ঠ কবি।

LESSON 6

Conjunction—Compound Sentences

'And'

1

পৃথিবী এবং চন্দ্র সূর্যের চারিদিকে ঘোরে—The earth *and* the moon move round the sun.

মণ্টু এবং সন্তু ভাল ছেলে—Mantoo *and* Santu are good boys.

রবীন্দ্রনাথ এবং সত্যেন্দ্রনাথ উভয়েই বিখ্যাত কবি—Rabindranath *and* Satyendranath are both famous poets.

Note :—দুই কিংবা তাহার বেশী Singular nominative **'and'** দ্বারা যদি যুক্ত হয়, তবে verb-টি **plural** হইয়া থাকে।

2

সময় এবং স্রোত কাহারও জন্য অপেক্ষা করে না—Time *and* tide waits for none.

রুটি-মাখন পুষ্টিকর—Bread *and* butter is wholesome.

ভাত-তরকারি ফরাসীদের রোচে না—Rice *and* curry does not suit the taste of Frenchmen.

গাড়ী-ঘোড়া দুয়ারে লাগিয়াছে—The horse *and* carriage is at the door.

Note :—কোন বিষয়ে সমানধর্ম্মী দুইটি singular noun **and** দ্বারা যুক্ত হইয়া যদি কেবল একটা জিনিষের ধারণা (*the idea of only one thing in the lump*) প্রকাশ করে, তাহা হইলে verb-টি **singular** হয়। কিন্তু যদি দুইটি জিনিষের ধারণা প্রকাশ করে, তাহা হইলে verb-টি **plural** হয়। যেমন ;—

রুটি-মাখন দুইই ভাল—Bread *and* butter are both good.

3

সে এবং তুমি তথায় গিয়াছিলে—You *and* he went there.

তুমি, আমি ও রাম তথায় গিয়াছিলাম—You, Ram *and* I went there.

Note :—বিভিন্ন person-এর pronoun **and** দ্বারা যুক্ত হইলে প্রথমে second person, তারপর third person এবং সর্ব্বশেষে first person বসে।

4

সে আমাকে কিছু টাকা এবং কিছু বই দিয়াছে—He has given me some money *and* some books.

মানুষ দেবতা ও পশু—Man is a God *and* a brute at the same time.

'Or'

1

মন্টু বা টুটুল এই কাজ করিয়াছে—Mantoo *or* Tutul has done this.

অসীম কিংবা তাহার ভাইরা অদ্য এখানে আসিবে—Asim *or* his brothers will come here to-day.

Note :—দুই বা দুই-এর বেশী Singular nominative **or** দ্বারা সংযুক্ত হইলে verb-টি **singular** হয়। কিন্তু যদি তাহাদের মধ্যে একটি **plural** থাকে তাহা হইলে উহা সর্ব্বশেষে বসে এবং nominative verb-টি **piural** হইয়া থাকে।

2

কাজ করো বা মরো—Do *or* die.

তাড়াতাড়ি কর নতুবা গাড়ি ফেল করিবে—Make haste *or* you will miss the train.

কাজকর্ম্ম খুঁজিয়া লও নচেৎ সবাই মরিবে—Find out some job *or* you all will die.

Drill

ইংরাজীতে অনুবাদ কর :—

সাদি এবং হাফেজ বড় কবি ছিলেন। আমি ও রাম দার্জিলিং গিয়াছিলাম। ভাত ও তরকারী আমাদের প্রিয় খাদ্য। মাখন রুটি তাহার রোচে না। আমি, তুমি ও অসীম তথায় যাই। শিক্ষক মহাশয় ক্লাশে আসিলেন এবং আমাদিগকে বসিতে বলিলেন। সে বিদ্বান ও বলবান। দই ও ঘি দুধ হইতে প্রস্তুত হয়। ধান ও চাল মূল্যবান ও দুষ্প্রাপ্য। বিড়াল মাছ, মাংস এবং দুধ ভালবাসে। তুমি কিংবা ডালা ইহা বুঝিবে না। যদু অথবা তাহার বোন এই ফুলটি ছিড়িয়াছে। তাড়াতাড়ি যাও নচেৎ তাহার সঙ্গে সাক্ষাৎ হইবে না। তাহার আদর্শ ছিল—কাজ করা বা মরা। গুরুজনের উপদেশ শুনিবে নতুবা উন্নতি করিতে পারিবে না।

[*প্রিয় খাদ্য*—favourite food. *মন দিয়া*—attentively. *আমার উপদেশ শোন*—listen to my advice. *আদর্শ*—ideal. *গুরুজন*—superiors.

LESSON 7

Co-relatives—Compound Sentences

হয় বিভু না হয় তাহার ভাই নৌসেনায় যোগ দিয়াছে—Either Bibhu or his brother has joined the Navy.

বিমান কিংবা তাহার বন্ধুগণ তথায় গিয়াছিল— Either Biman or his friends went there.

হয় তুমি না হয় তিনি দোষী—Either you or he is to blame.

সে কথাও বলে না কাঁদেও না—She neither speaks nor weeps.

রমেন কিংবা তাহার বন্ধু কেহই বিদ্যালয়ে যায় না— Neither Ramen nor his friend goes to school.

তাহার বাপ মা কেহই নাই—He has neither father nor mother.

সে কিংবা তাহার ভাইরা অনুপস্থিত হইয়াছিল— Either he or his brothers were absent.

তাহার না আছে অর্থ না আছে লোক—He has neither man nor money.

Note :— Corlative দ্বারা সংযুক্ত noun বা pronoun nominative হইলে তাহাদের শেষেরটির যে number ও person থাকে, verb-টিরও সেই number ও person হইবে।

Drill

ইংরাজী কর :—

মন্টু না হয় ডালা এখানে আসিবে। হয় টুটুল না হয় তাহার বন্ধুগণ এ কাজ করিয়াছে। মেয়েটি গাহিতেও পারে না নাচিতেও পারে না। তিনি পণ্ডিত নন বোকাও নন। তাহার না আছে মুখের জোর না আছে কলমের জোর। সে কিংবা তাহার বন্ধুগণ কেহই উপস্থিত ছিল না। সে বাংলাও জানে না, হিন্দিও জানে না। হয় পড় না হয় দূর হও।

[মুখের জোর—gift of the gab. কলমের জোর—power of pen. দূর হও—be off.]

LESSON—8

Different kinds of Clauses in Compound & Complex Sentences

শিক্ষক মহাশয় ক্লাশে ঢুকিলেন এবং ছেলেরা নীরব হইল — *The teacher entered the class* and *the boys became silent.*

(Two co-ordinate Clauses)

সে দরিদ্র কিন্তু সৎ—He is poor but honest. [two co-ordinate clauses (i) He is poor, (ii) he is honest]

আমি জানি·যে সে দোষী—I know *that he is guilty.* (Subordinate noun clauses.)

এই ছেলেটিই পরীক্ষায় প্রথম হয়েছিল—This is the boy *who stood first in the examination* (subordinate adjective Clause)

বৃষ্টি থামিলে আমরা রওনা হইলাম—We started *when the rain stopped.* (subordinate adverbial clause)

Note : (a) clause ও sentence দৃশ্যতঃ একরূপ হইলেও পার্থক্য এই যে একটা sentence স্বয়ং সম্পূর্ণ, একটা clause কোন Sentence এর অংশ মাত্র।

'Birds fly' একটি স্বয়ংসম্পূর্ণ বাক্য বা sentence । কিন্তু যদি বলা হয় 'if birds fly' বা 'when birds fly' তখন ইহা আর স্বয়ংসম্পূর্ণ থাকিবে না ; আরো কথা না যোগ করিলে বাক্যের অর্থ সম্পূর্ণ হইবে না। উভয় উদাহরণেই (অর্থাৎ Birds fly এবং If birds fly) একটি subject এবং একটি finite verb রহিয়াছে বটে কিন্তু প্রথমটি হইল sentence এবং দ্বিতীয়টি একটি clause।

(b) Clause আবার বিভিন্ন প্রকারের। The teacher entered the class and the boys became silent. এই sentence-এ দুটি clause। একটি হইল 'the teacher entered the class' এবং অপরটি 'the boys became silent' এবং তাহাদের conective বা সংযোজক হইল "and"। অতএব the teacher entered the class and the boys

became silent. এইসব কথাগুলি একত্র হইয়া একটি sentence হইল। কিন্তু এই sentence-এর clause দুইটির কোনটিই অপরটির উপর নির্ভরশীল নয় বলিয়া ইহাদের প্রত্যেকটিকে বলা হয় Co-ordinate clause. যে sentence-এ একটির বেশী Co-ordinate clause থাকে, তাহাকে বলা হয় Compound sentence. মনে রাখিতে হইবে যে Co-ordinate clause গুলিকে 'and' 'but' প্রভৃতি যে Conjunction-গুলি যুক্ত করে তাহাদিগকে বলা হয় 'connective'.

(c) 'I know that he is guilty.' এই sentence-টিতে দুইটি clause, একটি হইল 'I know' এবং অপরটি 'that is guilty' 'that he is guilty' (সে যে দোষী) এই clause-টি, 'I know' (আমি জানি) এই clause-টির উপর সম্পূর্ণ নির্ভর করিতেছে অর্থাৎ এই clause-টির অধীন বা Subordinate ; কারণ 'I know' অর্থাৎ 'আমি জানি' বলিলেই প্রশ্ন হইবে—তুমি কি জান ? এবং ইহার উত্তরেই বলা হইল আমি জানি সে দোষী। অতএব 'I know' এই clause-টি হইল Principal clause বা মুখ্য clause এবং ইহার অধীন বা আশ্রিত clause 'that he is guilty' হইল Subordinate clause.

আবার এই Subordinate clause তিন প্রকারের—noun clause, adjective clause এবং adverbial clause. যে Subordinate clause noun-এর মত কোন finite verb-এর Subject বা Object, কোন preposition-এর object বা অন্যভাবে noun-এর মত ব্যবহৃত হয়, তাহাকে বলে *noun clause.* উপরের উদাহরণে 'that he is guilty' এই subordinate clause-টি 'I know' এই Principal clause-এর 'know' এই finite verb-এর object. 'This is the boy '*who stood first in the examination*' এই Sentence-এ 'who stood first in the examination' একটি Subordinate clause এবং ইহা Adjective রূপে 'boy' শব্দটি qualify করিতেছে। অতএব 'this is the boy' হইল Principal Clause এবং 'who stood first in the examination' হইল *subordinate adjective clause.*

We started when the rain stopped. এই sentence-এ (we

started' হইল Principal Clause এবং 'when the rain stopped' হইল *Subordinate adverbial clause*। ইহা সময় বাচক adverb-এর মত 'we started' এই Principal Clause এর finite verb 'started'-কে modify করিতেছে।

মনে রাখিও *Complex Sentence*-এ একটি মাত্র *Principal Clause* ও এক বা একাধিক *Subordinate clause* থাকে। যদি কোনও sentence-এ একাধিক Principal clause থাকে, তাহা হইলে উহা Compound Sentence বলিয়া ধরা হইবে।

I
Noun Clause

আপনি যাহা বলিয়াছেন তাহা সত্য—What you have said is true.

সে যে দোষী সকলেই জানে—*That he is guilty* is known to all.

আমি জানিতে চাই কে একাজ করিয়াছে—I want to know *who has done it.*

সে কখন কলিকাতা রওনা হইবে বলিতে পার ?—Can you say *when he will start for Calcutta.*

যদু আজ স্কুলে যাইবে কিনা জানি না—I do not know if (বা whether) Jadu will go to school to-day.

II
Adjective Clause

যে ভদ্রলোকটি কাল এখানে আসিয়াছিলেন তিনি একজন উকিল—The gentleman *who came here yesterday* is a pleader.

আমি যে ছবিটি কিনিয়াছিলাম তাহা হারাইয়া গিয়াছে—The picture *which I purchased* is lost.

যে ভৃত্যটিকে আমি গত জানুয়ারী মাসে নিযুক্ত করিয়াছিলাম সে চলিয়া গিয়াছে—The Servant *whom I engaged in January last* has left.

তিনি এইরূপ সময়েই অফিসে আসেন—This is the time *when he comes to the office.*

যেখানে ঘটনাটি ঘটিয়াছিল আমি সেই স্থানটি দেখিয়াছি—I have seen the place *where the incident occurred.*

Note : অধিকাংশ স্থলেই Adjective clause, Relative Pronoun (who, which, that প্রভৃতি) ও Relative Adverb (where, when, why, how) দ্বারা সূচিত হয়।

III

Adverbial Clause

যদি বৃষ্টি হয়, আমি স্কুলে যাইব না—*If it rains,* I shall not go to school.

যদিও সে পরীক্ষায় 'ফেল্' হইয়াছে তবুও সে নিরুৎসাহ হয় নাই—*Though he has failed in the examination* (yet) he has not lost heart.

কঠোর পরিশ্রম না করিলে তুমি কৃতকার্য্য হইবে না— Unless you work hard, you will not succeed.

আমরা যখন আসিলাম তখন বৃষ্টি হইতেছিল—It was raining *when we arrived.*

যেখানে খুসী যাও—Go *where you like.*

তিনি অসুস্থ ছিলেন বলিয়া কাল সভায় উপস্থিত হইতে পারেন নাই—He could not attend the meeting, *because* (বা *as*) *he was ill.*

সূর্য্য অস্ত গেলে পর আমরা রওনা হইলাম—We started *after the sun had set.*

লাফ দেওয়ার পূর্ব্বে তাকাইয়া দেখিবে (অর্থাৎ কোন কাজ করার পূর্ব্বে ভাল করিয়া বিবেচনা করিবে)—Look *before you leap.*

পাছে আছাড় খায় এই ভয়ে সে সাবধানে হাটিয়াছিল—He walked cautiously, *lest he should stumble.*

তিনি না আসা পর্য্যন্ত অপেক্ষা করুন—Please wait *until he comes.*

সে এত পরিশ্রম করিয়াছিল যে অসুস্থ হইয়া পড়িল—He worked so hard *that he fell ill.*

খুব বেশী করে পড় যেন এবার পাশ করিতে পার—Read hard *that you may pass the examination this time.*

কলিকাতা বোম্বে হইতে বৃহত্তর—Calcutta is bigger *than Bombay* (*is*).

Note : If, unless, though, when, where, because, as that, lest, till, until, than প্রভৃতিকে বলা হয় Subordinate Conjunction এবং এইগুলি দ্বারা সাধারণতঃ Adverbial clause সূচিত হয়।

Drill

1. নিম্নলিখিত Sentence গুলিতে clause-গুলি পৃথকভাবে দেখাও এবং কোন্‌টি কোন জাতীয় clause এবং Sentence-টি কোন্ জাতীয় (অর্থাৎ Complex বা Compound) বল :—

[কি ভাবে উত্তর দিতে হইবে তাহার একটি নমুনা —

I do not know if it will rain to-day.

এই sentence-এ নিম্নলিখিত clause গুলি আছে :—

(i) 'I do not know'—Principal clause

(ii) if it will rain to-day—Subordinate noun clause. অতএব এই sentence-টি Complex sentence.]

They fled to their slip, leapt on board, and hoisted up the sail (জাহাজের তক্তার উপর লাফাইল এবং পাল তুলিয়া দিল).

Note it down lest you forget. It is very cold here, but I will stay with you for one night. I think of the friends who are dead. I never thought, when I first saw the plant, that it would one day grow up to be such a big tree.

Either Ram or his brother must have done this. Neither I nor he was present at the meeting.

2. ইংরেজীতে অনুবাদ কর :—

(a) যদু জানাইয়াছে (inform) যে তার পিতা পাটনায় থাকেন (at

Patna)। আমি শুনিয়া সুখী হইলাম (glad to learn) যে তুমি এখন মনোযোগের সহিত পড়িতেছ। আমি আশাকরি আপনি আমাকে এই কাজটি দিবেন (this job)। আমি জানি না কখন ডাকঘর খুলিবে (the post office will open)। আমার ভয় হইতেছে (I fear) যে রাম অসুস্থ হইয়া পড়িয়াছে (to fall ill)।

(b) যে ছেলেটি আজ পুরস্কার পাইয়াছে সে আমার ছোট ভাই। যে গৃহে আমরা বাস করি তাহার চারিটি জানালা আছে (window)। যে মিথ্যা কথা বলে তাহাকে সকলেই ঘৃণা করে (to hate)। যে স্বাস্থ্য হারায় সে সবই হারায় (loses his health, loses all)। এই সেই বৃক্ষটি যাহার নীচে (under which) আমরা সকলে একদিন বসিয়াছিলাম।

(c) তুমি আসিলে আমি সুখী হইব। পরিশ্রম না করিলে কোন কার্য্যে সফল হওয়া যায় না (to succeed)। তিনি ধনী লোক হইলেও গর্বিত (proud) নহেন। অমি অসুস্থ বলিয়া আজ মাঠে যাইতে পারিব না। আমি ষ্টেশনে পৌঁছার পূর্ব্বে গাড়ী ছাড়িয়া দিল (the train steamed off)। স্কুল ছুটি হওয়ার পর (to break up) বৃষ্টি নামিল (it began to rain)। পাছে (lest) সাপে কামড়ায় এই ভয়ে সে সঙ্গে একটি আলো লইল। তিনি এত দ্রুত হাটিয়াছিলেন যে আমরা তাঁহার সঙ্গে তাল রাখিয়া চলিতে পারি নাই (could not keep pace with him)। গাড়ী না আসা পর্য্যন্ত আমরা অপেক্ষা করিয়াছিলাম। যখনি তোমার ইচ্ছা হইবে, (whenever you like) আমার কাছে চলিয়া আসিবে।

LESSON 9

Combination and resolution of sentences

I

(i) একজন কৃষকের পাঁচটি পুত্র ছিল। তাহারা সকলেই বড় অলস ছিল —A farmer had five sons. They were all very idle. বা A farmer had five sons who were all very idle. (A complex sentence)

(ii) কমল আমার বন্ধু। তাহার সম্বন্ধে আমি আপনাকে একদিন বলিয়াছিলাম—Kamal is my friend. I spoke to you one day about him. বা Kamal is my friend about whom I spoke to you one day. (A complex sentence)

(iii) আমি কলিকাতা গিয়াছিলাম। সেখানে একটি বইয়ের দোকান হইতে কতকগুলি বই কিনিলাম—I went to Calcutta. I purchased some books from book-shop there. বা going (বা on going) to Calcutta, I purchased some books from a book-shop there. (A simple sentence)

(iv) আমি রোদে হাঁটিয়া ক্লান্ত হইয়াছিলাম। তখন একটী গাছের ছায়ায় বিশ্রাম করিতে বসিলাম—I was tired of walking in the sun. I then sat down to rest in the shade of a tree. বা Being tired of walking in the sun, I sat down to rest in the shade of a tree.

(v) রাবণ নিহত হইল ; সীতার উদ্ধার হইল—Ravana was killed ; Seeta was rescued. বা Ravana being killed, Seeta was rescued. (Absolute Construction)

(vi) বাবার অসুখ হইল। সেই জন্য আমি আফিসে যাইতে পারি নাই—My father was ill, and so I could not attend office. বা My father being ill, I could not attend office. (Absolute Construction).

(vii) তিনি বড় দুর্ব্বল, এইজন্য হাঁটিতে পারেন না—He is very weak, so he cannot walk. বা He is too weak to walk. (Infinitive এর ব্যবহার)

(viii) সুশীল আমার বন্ধু, সে ভাল খেলোয়াড়— Sushil is my friend ; he is a good player. বা My friend, Sushil, is a good player.

(ix) তাহার অনেক ত্রুটি আছে, তবুও সে একজন প্রতিভাবান ব্যক্তি—He has many defects. Still he is a genius. বা Inspite of his many defects, he is a genius.

আমি দরিদ্র। এই কারণে আমাকে পড়াশুনা বন্ধ করিতে হইতেছে—I am poor. For this reason I have to discontinue my studies. বা Owing to my poverty, I have to discontinue my studies.

II

(i) তাহার শুধু একটা বাই-সাইকেল নয়, একটা মোটর গাড়ীও আছে—He has not only a bicycle, but also a motor car.

এই sentence-টিকে দুইটি simple sentence-এ ভাগ করা যায়ঃ

He has a bicycle. He has also a motor-car.

অনুরূপ ভাবে

(ii) বনের মধ্যে অবস্থিত একটি কুটীরে সে বাস করিত—He lived in a hut which was situated in the middle of a forest.

He lived in a hut. It was situated in the middle of a forest.

(iii) যদিও তুমি দোষী, তবুও এবার তোমাকে ছাড়িয়া দিলাম—Though you are guilty, I let you off this time. You are guilty. Still, I let you off this time.

Drill

1. প্রত্যেকটি সারির বিভিন্ন Sentence-কে একটি Sentence-এ পরিবর্ত্তিত কর :—

(1) He is a wicked man. Everyone knows it.

(2) We honour the name of Mahatma Gandhi. He was the Father of our nation.

(3) I have not much money. I cannot help you. (use, 'enough')

(4) He returned to duty. His leave was over. (use Absolute Construction.)

(5) He had much experience (অভিজ্ঞতা). Still, he failed.

(6) He works day and night. By this means (এই উপায়ে) he hopes to be rich. (use 'in the hope of').

(7) He had found out his mistake. He was very sorry.

(8) The house is now out of repair. It was built three years ago. (use the Relative pronoun 'which').

(9) He is poor. He is honest.

(10) He is a rich man. He is not proud.

2. নিম্নলিখিত প্রত্যেকটি group-এর sentence-গুলিকে একটি sentence-এ ইংরাজীতে অনুবাদ কর :—

১। ঘণ্টা বাজিল। ছেলেরা ক্লাশে ঢুকিল।

২। কুয়াসা (fog) খুব ঘন (dense) ছিল। কেহই পথ দেখিতে পায় নাই (to see one's way)।

৩। ছেলেটি পরীক্ষায় ভাল করিতে পারে নাই। এই কারণে প্রমোশন (promotion) পাইবে না।

৪। সে যথাসর্ব্বস্ব হারাইয়াছে (lost his all)। ইহা বড় দুঃখের বিষয় (a matter of regret)]

৫। সিদ্ধার্থ এক রাজার ছেলে ছিলেন। তিনি বনে চলিয়া যান। সেই বনে তিনি কয়েক বৎসর বাস করেন।

৬। আমি অনেকক্ষণ হাঁটিলাম। ফলে, ক্লান্ত হইয়া পড়িলাম।

৭। সত্য কথা বল। তবেই তোমাকে যাইতে দিব (let you go)।

৮। আমি ষ্টেশনে পৌঁছিলাম। ট্রেনটি ইহার পূর্ব্বেই ছাড়িয়া দিয়াছিল।

৯। তুমি প্রথমতঃ (first) বি. এ. পাশ করিবে (should pass)। তারপর কাজের চেষ্টা করিবে (try for some job)। আমি ইহাই আশা করি (I expect)।

LESSON 10

Sequence of Tense

1

সে জানে যে, তুমিই দোষী—He knows that you are to blame.

আমি বলি যে, সে এ কাজ করে নাই—I say that he has not done this.

মালা মনে করে না যে, সে অদ্য রাত্রে আসিবে—Mala does not think that he will come to-night.

Note :—যখন Principal clause-এ **present tense** থাকে, তখন subordinate clause-এ অর্থানুসারে যে-কোন tense ব্যবহৃত হইতে পারে।

2

বিচারক বলিল যে, তাহার দোষ হইয়াছে—The judge said that he was to blame.

আমি জানিতাম যে দুলাল কৃতকার্য্য হইবে না—I knew that Dulal would not be successful.

সে কোথায় থাকে আমি জানিতাম না—I did not know where he lived.

Note :—Principal clause-এ **past tense** থাকিলে, subordinate clause-এ **past tense** হইবে।

3

শিক্ষক বলিলেন যে, পৃথিবী সূর্য্যের চারিধারে পরিভ্রমণ করে—The teacher said that the earth moves round the sun.

তিনি বিশ্বাস করিতেন না যে, সাধুতাই প্রকৃষ্ট উপায়—He did not believe that honesty is the best policy.

ঈশ্বর সকলের প্রতি দয়ালু এ কথা তিনি বুঝাইয়া দিলেন—He explained that God is kind to all.

Note :—যদি subordinate clause চিরসত্য **(universal truth)** প্রকাশ করে, তাহা হইলে principal clause-এ যে কোন tense-ই থাকুক না কেন, subordinate clause-এ **present tense** ব্যবহৃত হইবে। অবশ্য past tense থাকিলে past tenseও ব্যবহৃত হইতে পারে। কিন্তু ইহা সচরাচর দেখা যায় না।

Drill

ইংরাজী কর ঃ

ললিত বলিয়াছিল যে, লোকটি মারা গিয়াছে। আমি জানিতাম সে নিয়মিত ব্যায়াম করিত। আমি জানি না যে তুমি এইখানে আসিয়াছ। সে কোথায় থাকে, আমি জানি না। আমি আশঙ্কা করিয়াছিলাম, সে ফেল করিবে। তুমি শুনিয়াছিলে যে আমরা এ কাজ করি নাই। আমি জানিতাম, মিথ্যা কথা বলা দোষ। তিনি কি করেন, তাহা আমি জানি না। আমি জানিয়াছি যে, তিনি কিছুদিন দিল্লী থাকিবেন। আমি কখনও জানিতাম না, তিনি এত বড় পণ্ডিত। আমরা ভাবিয়াছিলাম তুমি বিষয়টি পুনরায় করিবে।

LESSON 11

Reported Speech

রাম বলিতেছে, "আমি এখন সপ্তম শ্রেণীতে পড়ি।"

Ram says 'I now read in class VII'.
(Direct Narration)

Ram says that he now reads in class VII
(Indirect-form).

তিনি বলিলেন, "আমি এক সময়ে হেয়ার স্কুলের শিক্ষক ছিলাম।"

He said, "I was at one time a teacher of the Hare School."

He said that he *had been* at one time a teacher of the Hare School.

যদু বলিল, "আমি এই চেয়ারটি ভাঙ্গি নাই।"

Jadu said, "I have not broken this chair."

Jadu said that *he had not broken that* chair.

মা বলিলেন, আমি স্নানে যাইতেছি।

Mother said, "I am going to bathe now."

Mother said that She was *then* going to bathe.

শিক্ষক মহাশয় বলিলেন, "তোমাদের বাৎসরিক পরীক্ষা এক সপ্তাহের মধ্যে আরম্ভ হইবে।"

The teacher said, "your annual examination will begin within a week."

The teacher said that *our* annual examination *would begin* withir a week.

বাবা প্রায়ই বলিতেন, "চরিত্রই মানুষের শ্রেষ্ঠ সম্পদ।"

Father would often say, "character is man's (one's) greatest wealth."
Father would often say that character *is* man's greatest wealth.

প্রধান শিক্ষক মহাশয় জিজ্ঞাসা করিলেন, "কে কে দেরীতে এসেছে?

The Headmaster asked, "Who are late to-day?"
The Headmaster asked (or enquired) who were late *that* day.

তিনি তাহার ভাইকে বলিলেন, "এখনই গোলমাল বন্ধ কর।"

He said to his brother, "Stop the noise at once."
He ordered his brother to stop the noise at once.

ছেলেরা হর্ষধ্বনি করিয়া বলিয়া উঠিল, "আমরা খেলা জিতেছি।"

The boys cried out, "Hurrah! We have won the game."
The boys *exclaimed with delight* that they had won the game.

মুনি রাজাকে বলিলেন, "তোমার শত পুত্র হোক।"

The sage said to king, "May you have a hundred sons."
The sage wished that the king might have a hundred sons.

Note:—Direct form of speech-কে Indirect form-এ প্রকাশ করিতে হইলে নিম্নলিখিত বিষয়ে পরিবর্ত্তন প্রয়োজন হয়:—

(a) Reporting verb-এ present tense থাকিলে Reported speech-এর verb-এর tense-এর কোন পরিবর্ত্তন হয় না।

(b) কিন্তু Reporting verb—Past tense থাকিলে, Reported speech-এর verb-টির নিম্নলিখিতভাবে পরিবর্ত্তন হইবে:—

Present tense Past tense হইবে, Present Continuous tense Past Continuous, Present Perfect Past Perfect tense হইবে। Future tense এর shall এবং will, স্থান বিশেষে should বা would হইবে।

(c) কিন্তু reported speech এর verb-টি যদি কোন চিরন্তন সত্য বা প্রাকৃতিক নিয়ম প্রকাশ করে, তাহা হইলে reporting verb এ Past tense থাকিলেও, reported speech এর verb-টির Present tense এর কোন পরিবর্ত্তন হইবে না ; যথা—

The teacher said that the earth moves round the sun.

বা My father said that honesty is the best policy.

(d) Direct form এ ব্যবহৃত this, to-day, yesterday, to-morrow, now প্রভৃতি শব্দগুলি Indirect form এ that, that day, the previous day, the next day, then এ পরিবর্ত্তিত হইবে।

Drill

1. নিম্নলিখিত sentence গুলিতে Direct formকে Indirect form এ পরিবর্ত্তিত কর :—

(a) Ram said, "My father is ill." He said, "I was very happy here." Mother said to Ranu, while teaching geography, "Go to the kitchen now." The teacher said, "Calcutta is the biggest city in India." The Captain asked the soldiers, "Are you afraid of death ?"

They replied in one voice, "No." The woman cried out, "Alas ! my son is dead." My grand father said to me, "May you live long."

(b) Indirect form এ পরিবর্ত্তিত কর :—

He said that he had not done it. Ram asked you whether (or if) the mangoes were ripe. The teacher told him not to talk nonsense. The woman exclaimed with a sigh that she was ruined. The man prayed that Heaven (ঈশ্বর) might hear his cry. Lila says that, she will go home the next day. Our

চেকখানি অনেক হাত ঘুরিয়াছে—The cheque *has changed hands* several times.

অসীমের হাতে তখন টাকা ছিল না—Asim had no money in his *pocket* then.

শেরশাহ্ কঠোর হস্তে শাসন করিতেন—Shershah ruled *with an iron hand.*

আমার এখন হাত জোড়া—My hands are *full* now.

চাকরিটি তাহার হাতে—The post is *at his disposal.*

সবকিছুর আগে কেরানিটিকে হাত কর—First of all, *win the clerk over.*

সে তাহার হাত খরচ এবার পায় নাই—He has not got his *pocket money* this time.

কবিরাজটির খুব হাতযশ আছে—The Kaviraj has a great *reputation* in his practice.

কথা—

আমি তাহাকে কথা দিয়াছি—I have given him my *word.*

বড় কথা আর না—No more big *talks.*

কথায় কথায় ইহা প্রকাশ পাইল—*Incidentally* it came to light.

তাহার যে কথা সেই কাজ—He is *good as his word.*

আমার সহিত তাহার কথা নাই—He is not *on speaking terms with* me.

মণ্টুর পরের কথায় থাকার বদ অভ্যাস ছিল—Mantoo had the bad habit of poking his nose into others' *affairs.*

এ বিষয়ে প্রধান মন্ত্রীর সহিত আমার কথা হইয়াছিল—I had a *talk* with the Prime minister over this matter.

বেশ ভাল কথা বটে—A good *idea* indeed.

তাহার চোখে মুখে কথা—He has a glib *tongue*

Drill

ইংরাজী কর ঃ

সেখানে যাইবার তাহার আর মুখ নাই। ভোলা মুখ ভার করিয়া বসিয়া

আছে। রমেশ তাহার মুখের পানে তাকাইতে পারিল না। লোকটির ভাব দেখিয়া তাহারা মুখ টিপিয়া হাসিয়াছিল। দুষ্ট ছেলেটি আমাদিগকে মুখ ভেঙাইতেছিল। সমস্ত বাধাবিঘ্ন সত্বেও তিনি তথায় গমন করিলেন। তাহাকে সর্ব্বদা চোখে চোখে রাখিবে। সে আমার নয়নের মণি। সকলের চোখের উপর এই খুন হইল। সে তোমাকে চোখ ইসারা করিল কেন? ইহাতে তাহার কোন হাত ছিল না। সম্পত্তিটি অনেক হাত ফিরিয়াছে। জ্যোতিষী তাহার হাত দেখিয়াছিল। সে আমার সহিত কথা বলে না। তাহার বড় বড় কথায় সকলে হাসে।

[মুখ টিপিয়া হাসা—laugh in one's sleeves at. ভাব—manners. চোখ ইসারা করা—to wink at. হাত দেখা—read one's hand. জ্যোতিষী—astrologer. বড় বড় কথা—big talk.]

LESSON 13

Idiomatic Uses of Some Bengali Verbs

উঠা—

সূর্য্য উঠিয়াছে—The sun is up.

সকালে উঠিলে শরীর ভাল থাকে—It does good to one's health to get up in the morning.

তিনি রাগিয়া উঠিলেন—He *flew into a rage*,

সর্ব্বসমক্ষে উঠিয়া বল—*Get on your feet* and speak in public.

অধ্যাপকটি এখান হইতে উঠিয়া গিয়াছেন—The professor has *removed* from this place.

গণেশবাবু এ অঞ্চল হইতে উঠিয়া গিয়াছেন—GaneshBabu has *shifted* from this locality.

দোকানটি এখনও উঠিয়া যায় নাই—The shop has not yet been *abolished*.

এই রঙ উঠিবে না—This colour will not *fade.*

পাটের দাম উঠিতেছে—The price of Jute is *looking up.*

জ্বর উঠিতেছে—The *temperature* is *rising.*

ইহাতে মাধবীর মন উঠিতেছে না—Madhabi is not *satisfied* with this.

চোখ উঠা—Inflammation of the *eye.*

দাঁত উঠা—Teething.

উপরের ক্লাসে উঠা—To be promoted to the next higher class.

গাছে উঠা—To climb a tree.

কাটা—

মাথা কাটা—to behead. গাঁট কাটা—to pick (one's) pocket. ঘাস কাটা—to cut or mow grass. কথা কাটা—to bandy words. টেরী কাটা—to part hair. চুল কাটা—to clip hair. সূতা কাটা—to spin thread. নখ কাটা—to pair nails. গাছ কাটা—to fell a tree. কলম কাটা—to mend a pen. কাঠ কাটা—to bew wood. জিব কাটা to bite one's tongue,

কর্মাধ্যক্ষ সইটি কাটিয়া দিল—The manager penned through the signature.

তোমার বইগুলি কাটছে কেমন ?—How are your books *selling* ?

এক বৎসর কাটিয়া গেল—One year *passed away.*

সে রেলে কাটা পড়িয়াছে—He has been *run over* by the train.

তুমি কিরূপে সময় কাটাও ?—How do you *spend* your time ?

তাহার নাম কাটিয়া দেওয়া হইবে—His name will be *struck off* the roll.

কুয়াসা শীঘ্রই কাটিয়া গেল—The *fog lifted* soon.

মেঘ শীঘ্রই কাটিয়া যাইবে—The *clouds* will soon *disperse.*

বিপদ কাটিয়া গেল—The *danger was over.*

মেয়েটি লজ্জায় জিভ্ কাটিল—The girl *bit her tongue* in shame.

খাটা, খাটান—

মশারিটা খাটাও—*Rig up* the mosquito-curtain.

(কিছুকাল) জেল খাটা—*To serve a term* of imprisonment.

মানুষটি সকাল হইতে সন্ধ্যা পর্য্যন্ত খুব খাটিতেছে—The man has been *working* hard from morning to evening.

তাহার ওজর খাটিবে না—His excuse will not *do.*

এখানে এ নিয়ম বেশ খাটে—This rule *holds good* in this case.

তাঁবু খাটান—*To pitch* the tent.

সুদ খাটান—*To lend money* at interest.

ব্যবসায়ে টাকা খাটান—*To lay out* money in business.

মূলধন খাটান—*To lay out or invest* capital.

খাওয়া—

জল খাওয়া—to drink water ; ভাত খাওয়া—ro have one's meal ; চা খাওয়া—to take or drink tea ; জলখাবার খাওয়া—to take one's tiffin ; হোঁচট খাওয়া—to stumble ; ঔষধ খাওয়া—to take medicine ; ডিগবাজী খাওয়া—to have somersaults ; ছেলের মাথা খাওয়া—to spoil a child ; পিছল খাওয়া—to slip ; বেত খাওয়া—to be caned.

আমি আপনার অনেক খেয়েছি—I *have eaten* much of your salt.

ভয় খাইও না—Don't *be frightened.*

খোলা—

জুতা খোলা—to *take off* shoes.

তোমার মাথা খুলিয়া গিয়াছে—your brain *has had a full play.*

১৫ই নভেম্বর আমাদের স্কুল খুলিবে—Our school *reopens on* the 15th November.

এখানে একটি পাঠাগার খোলা হইবে—A library *will be opened* here.

সে আমাকে সকল কথা খুলিয়া বলিল—He *made a clean breast of* everything to me.

গেরোটা খুলিতে পারিতেছি না—I cannot *untie the* knot.

বইয়ের ৪০ পৃষ্ঠা খোল—Open at page 40 of the book.

চলা—

তোমার কিরূপ চলছে ?—How are you *getting on ?*

চাকুরিটি না হইলে আমার চলে না—I cannot do without the job.

কাজকর্ম্ম ভাল চলিতেছে না—Business *is dull.*

এই ব্যবস্থায় চলিবে না—This *arrangement will not do.*

তোমার কারবার কিরূপ চলছে ?—How is your business *runing ?*

সে লিখিয়া চলিল—He *went on with* his writing.

প্রিয় নিজের মতলব মত চলে—Priya *goes his own way.*

তাহার ঘড়িটা ঠিক চল্‌ছে না—His watch does not *keep proper time.*

এই টাকা চলিবে না—This rupee is *not a lagal tender.*

চিরদিন সমান চলে না—Things cannot *go on* the same for ever.

তাহার দিন আর চলে না—He can hardly *make his both ends meet.*

ছাড়া—

এ কু অভ্যাস ছাড়—Give *up* this bad habit.

রেবা পড়া ছাড়ে নাই—Reba *has* not *given up* her studies.

জামাটি ছাড়—*Put off your coat.*

ট্রেনটা কখন ছাড়ে ?—When does the train *start ?*

তিনি দিল্লী ছেড়েছেন—He *has left* Delhi.

এ সুযোগ ছাড়িও না—Do not *give up* this opportunity.

আমার হাত ছেড়ে দাও বলছি—*Let go* my hand, I say.

আমার এখন জ্বর ছাড়িয়াছে—My fever *is off* now.

ধরা—

পরের দোষ ধরা খারাপ অভ্যাস—*To find fault with* others is a bad practice.

তাহার মাথা ধরেছে—He has *got headache.*

আমার আনন্দ আর ধরে না—My joy *knows no bounds.*

ট্রেনটা এ ষ্টেশনে ধরে না—The train does not *touch at* this station.

গাছটিতে আর ফল ধরে না—The tree *bears* fruit no longer.

গাছটিতে ফুল ধরিয়াছে—The tree is *in* flowers.

সে গাড়ী ধরিতে পারে নাই —He could not *catch* the train.

তাহারা চোরটিকে ধরিয়াছিল—They *caught* the thief.

তোমার চুলে পাক ধরেছে—Your hair bas began *to turn grey.*

পড়া—

দেখিও যেন পড়িয়া যাইও না—Take care that you do not *fall down.*

ইহা ভাহার ভাগ্যে পড়িয়াছে—It has *befallen* his lot.

বৃক্ষটি ঝড়ে পড়িয়া গিয়াছে—The tree *has been blown* by the storm.

তাহার নাম মনে পড়ছে না—I cannot *recall* his name.

ফাঁদে একটি ঘুঘু পড়িয়াছিল—A dove *was caught* in the trap.

শীত সবে পড়িয়াছে—Winter has just *set in.*

বেলা পড়িলে বালকেরা ফিরিয়া আসে—As the day *declined* the boys come back.

সে আমার পায়ে পড়িল—He *fell at* my feet.

দেশে যতই জমি পড়িয়া থাকিবে ততই দেশ গরীব হইবে—The more land *lie fallow* in a country, the poorer it grows.

রাম মূর্চ্ছিত হইয়া পড়িল—Ram *fell into* a swoon.

বৃদ্ধটির দাঁতগুলি সব পড়িয়া গিয়াছে—All the teeth *of* the old man *have fallen off.*

টুটুলের রাগ পড়িয়া গেলে সে খাইতে পারে—Tutul may take his meal when his anger *abate.*

বাঁধা

বইগুলি চামড়া দিয়া বাঁধাইতে হইয়াছিল— The books had to be *bound* in leather.

আমি গহনা বাঁধা দিয়াছি—I have *pledged* my ornament.

গরুটি গাছে বাঁধা ছিল না—The cow was not *tethered* to a tree.

কুকুরটিকে বাঁধিয়া রাখিও—Keep the dog *chained.*

সে ধানগাছগুলি আঁটি বাঁধিতেছিল—He was *binding* the paddy plants into sheaves.

মেয়েটি তাহার চুল বাঁধিতেছিল—The girl was *doing* her hair.

ইহার ধরাবাঁধা নিয়ম নাই—It has no *hard and first* rule.

মারা

ধাক্কা মারা—*to give a push, to knock.*

বেত মারা—*to flog.*

কোপ মারা—*to strike a blow.*

তুমি এক দাঁও মেরেছ—You *have made a bargain.*

অসীম আমায় মেরেছে—Asim *has assaulted* me.

মানা

পিতামাতাকে মানা আমাদের উচিত—We should *respect* our parents.

বাদী অনেক সাক্ষী মানিয়াছে—The plaintiff *has cited* many witnesses.

আমাকে তোমার বিচার মানিতে হইবে—I must *abide by* your decision.

আমি তাহার কাছে ঘাট মেনেছি—I have *apologised* to him.

সে নিশ্চয়ই ভগবানকে মানে—He certainly *believes* in God.

মানা করিলেও দুষ্ট ছেলেটি অসৎ সংসর্গে মিশিয়া থাকে—Though *forbidden* the bad boy keeps bad company.

সে কি ভূতপ্রেত মানে ?—Does he *believes in* ghosts or spirits ?

সে যাহা বলে সবাই মানিয়া লয়—*Everybody takes for granted* whatever he says.

রাখা

বইখানি টেবিলের উপর রাখ—*Put* the book on the table.

ব্যাঙ্কে টাকা জমা রাখিও—*Deposit* money with the bank.

সন্দেহজনক লোকটার উপর তীক্ষ্ণদৃষ্টি রাখ—*Keep* a sharp *eye* on the suspected person.

আমি গহনাগুলি সিন্দুকে রাখিয়াছি—I have *kept* the ornaments in the ironsafe.

সে দাড়ি রেখেছে—He *wears* a beard.

তোমার ছেলের কি নাম রেখেছ ?—What name have you *given* to your son ?

তুমি না রাখিলে তাহাকে আর কে রাখিবে ?—Who else other than you will *protect* him.

আমার বাবার নামে স্কুলটির নাম রাখা হইয়াছে—The school has been *named* after my father.

আজ যাহা পারিবে তাহা কালিকার জন্য ফেলিয়া রাখিবে না—Do not *put off* till to-morrow what you can do to-day.

সর্ব্বদা কথা মনে রাখিবে—Always *keep* your word.

মানী লোকের মান রাখ—*Show honour* to those to whom honour is due.

মনে রাখিও তাঁহার দয়ায় তুমি উচ্চপদে আছ—*Bear in mind* that you are now in a high position through his grace.

আমার কথা রাখ, আজ রাত্রে এখানে থাকিয়া যাও—*Do as* I *say*, stay here for the night.

তিনি দুই পুত্র রাখিয়া মারা গিয়াছেন– He has died *leaving behind* two sons.

তুমি আমার মুখ রাখিয়াছ—You have *saved my face.*

আমি যাহা পাই খরচ করি, কিছুই রাখিতে পারি না—I spend all I get and can *save* nothing.

আমি তোমাকে মন রাখা কথা বলিতেছি না—I am not speaking to *please* you.

সকলের সহিত ভাব রাখিয়া চলিও—*Live on friendly terms* with all.

এখন তোমায় কে রাখিবে ?—Who will *save* you now ?

LESSON 14

Idiomatic use of some Bengali Adjectives

ছোট, বড়—

ছোট লোকের ছোট মন—*Small* men *small* minds.

এত বড় বড় কথা কেন ?—Why do you talk so big ?

সে বড় ঘরের ছেলে—He comes of a *high family.*

তাহার নজর ছোট – He is a *mean-minded* fellow.

আমি ছোট করিয়া চুল কাটিয়াছি—I have cropped my hair *short.*

ভাল, মন্দ—

তাহার অসুখ ভাল হয়েছে—He has *come round.*

আজ দিন ভাল—To day is an *auspicious* day.

আমার এখন সময় মন্দ—I am now fallen on *evil* days.

মোটা, সরু, চিক্কণ—

তাহার বুদ্ধি মোটা—He is a block-head.

মোটা ভাত-কাপড় জোগাইতেই অনেক টাকা দরকার—To provide over the *bare necessaries of life* requires a lot of money.

তাহার নাড়ী মোটা—His pulse is *feeble.*

আমার মোটা নিব দরকার—I require a *broad* nib.

একটা চিক্কণ তার আন—Bring a *thin* wire.

সরু গলিতে সে বাস করে—He lives in a *narrow* lane.

সরু কলমে আমি লিখিতে পারি না—I cannot write with a pointed pen.

মালতী সরু সূতা কাটে—Malati spins *fine* thread.

সরু ডালে বসিয়াছ কেন ?—Why do you sit on a *slender* branch ?

শক্ত, নরম—

তুমি খুব শক্ত লোকের পাল্লায় পড়িয়াছ—You have caught a *tarter.*

তার ভাইয়ের মেজাজ বেশ নরম—The temper of his brother is very mild.

তার অসুখ খুব শক্ত—His illness is very *serious.*

এটি খুব শক্ত প্রশ্ন—This is a *stiff* question.

সে বড় শক্ত লোক—He is a *hard nut io crack.*

নরম কথায় কাজ হইবে না—*Soft* words will not do.

ঠাণ্ডা, গরম—

মেয়েটি খুব ঠাণ্ডা—The girl is very *mild.*

তোমার এত টাকার গরম কেন ?—Why are you so *purse-proud* ?

গরম পোষাক পর—Put on *warm* suit.

তাহার রক্ত গরম হইয়াছে—His blood is up.

কাঁচা, পাকা—

সে ইংরাজীতে কাঁচা—He is *week* in English.

আমার হাতের লেখা কাঁচা—I am not a *set-hand in writing.*

সে কাঁচা ছেলে নয়—He is not a *green horn.*

বিধানবাবু কাঁচা লোক নন—Bidhan Babu is not an inexperienced man.

তুমি কি চাকুরিতে পাকা হইয়াছ ?—Have you been *confirmed* in service.

সে একটি পাকা চোর—He is a confirmed thief.

কাঁচা মাল—raw materials ; কাঁচা বয়েস—tender age ;

কাঁচা বাড়ী—a mud-house ; পাকা বাড়ী—brick-built house ;

কাঁচা রাস্তা—an unmetalled road ; পাকা সোনা—pure gold ;

এটা পাকা রং—This is a fast colour.

ছেলেটি ইচঁরে পাকা—the boy is precocious.

Drill

ইংরেজীতে অনুবাদ কর :

ছোট মন নিয়া অন্যের উপকার করা যায় না। তাহার বড় বড় কথায় আশ্চর্য্য বোধ হয়। সে বড় ঘরের ছেলে হইলেও, তাহার নজর ছোট। অত ছোট করিয়া চুল কাটিয়াছ কেন ? যাদের বুদ্ধি মোটা তাহারা সহজেই রাগিয়া উঠে। সরু সূতায় উৎকৃষ্ট কাপড় তৈয়ারী হয়। রামের পিতার খুব শক্ত অসুখ, বাচিঁবার আশা নাই। এই বৎসর প্রবেশিকা পরীক্ষার অঙ্কের প্রশ্নপত্র খুব শক্ত হইয়াছিল। শীতকালে গরম পোষাক পরিধান করিও। পাকিস্তান হইতে অনেক কাঁচা মাল বাহিরে রপ্তানি হয়।

LESSON 15

Repetition of words

I

কুকুর ঘেউ ঘেউ করে—The dog bar*k*s.

মৌমাছি গুণ্ গুণ্ করে—The bee hums.

বিড়াল মিউ মিউ করে—The cat mews.

কোকিল কু কু করে—The cuc*k*oo cuc*k*oos.

ঝিঁ ঝিঁ পোকা ঝিঁ ঝিঁ করে—The crilket chirps.

II

ভয়ে আমার বুক দুরু দুরু করিতেছিল—My heart began to beat fast with fear.

আমার গা ছম্ ছম্ করিতেছিল—I felt creepy.

আমি থর্ থর্ করিয়া কাঁপিতেছিলাম—I was shaking like a reed (or leef).

তাহার চোখ ছল্ ছল্ করিয়া উঠিল—Tears sturted in his eyes.

গুরু গুরু মেঘ ডাকিতেছে—The clouds are r*umbling.*

ঘড়ি টিক্ টিক্ করে—*Tick tick* goes the clock.

মহিলাটি দুম্ দুম্ করিয়া সিঁড়ি দিয়া নীচে আসিলেন—The lady came down stairs with a *thudding* sound.

ঝর্ ঝর্ বৃষ্টি পড়িতেছে—It is raining *cats and dogs.*

টিপ্ টিপ্ বৃষ্টি পড়ে—It *drizzles.*

কুলু কুলু শব্দে নদী বহিয়া চলে—The river flows with a *murmuring sound.*

হ্রদে জল থৈ থৈ করিতেছে—The lake is brimming with water.

বিশাল মরুভূমি ধূ ধূ করিতেছে—The vast desert is shimmering.

আমাদের জাতীয় পতাকা পত্ পত্ করিয়া উড়িতেছে—Our national flag is fluttering.

তারকাগুলি আকাশে রাত্রিতে ঝিক্ ঝিক্ করে—The stars *twinkle* in the sky at night.

প্রদীপটি মিট মিট করিতেছে—The light is *flickering*.

আমার ডান পা টন্ টন্ করিতেছে— I feel a *tingling pain* in my right leg.

সে রাগে গম্ গম্ করিতেছে—He is fumming with rage.

কেট্‌লিতে জল টগ্ বগ্ করিতেছে—The water is *simmering* in the kettle.

লোকটি হন্ হন্ করিয়া তাহার ঘরে ঢুকিল—The man *sailed straight* into his house.

লোকটি হাড়ে হাড়ে দুষ্ট—The man is wicked to the backbone.

তুমি আমাকে এত চোখা চোখা কথা বলছ কেন ?—Why do you speak daggers to me.

সে আমার দিকে ফ্যাল্ ফ্যাল্ করিয়া তাকাইয়া আছে—He is looking at me with a *vacant stare.*

এখানে বড় খালি খালি লাগ্‌ছে—It seems very lonely here.

তোমার সর্বদা খাই খাই কেন ?—Why are you always after eating something ?

Drill

ইংরাজী কর ঃ

ঐ ঢং ঢং (ding, dong, ding) করিয়া ঘণ্টা বাজিল। শিয়াল হুয়া হুয়া (howls) করে। বিড়াল চুক্ চুক্ করিয়া দুধ খাইতেছে (lapping)। সে সর্বদাই ফিট্‌ফাট (trim and tidy) থাকে। তুমি এই সহরে একজন হোমরা চোমরা (one of the big wigs) লোক। রোগীটি জ্বর জ্বর বোধ করিতেছে (to feel feverish)। মেয়েটি মনে মনে হাসিতেছে (to laugh in one's

sleeve)। তাহার কাপটি ধবধবে (glaringly) সাদা। তাহার দুঃখ কানায় কানায় পূর্ণ হইয়াছিল (full to the brim)। দাউ দাউ (brightening glare) করিয়া আগুন জ্বলিয়া উঠিল। বালিকাটি খিল খিল করিয়া হাসিয়া (burst into a giggle) উঠিল। এই করুণ দৃশ্যে আমার চোখ ছল ছল করিয়া উঠিল। বর্ষাকালে সারাদিন ঝম্ ঝম্ বৃষ্টি পড়ে।

LESSON 16

Translation of Simple letters

I

৫৯, কর্ণওয়ালিস স্ট্রীট,
কলিকাতা—৬
২০শে জুলাই, ১৯৫৫

শ্রীচরণেষু,

কাকা, মালা এখানে আসিয়াছে। তাহার শরীর বেশ ভাল আছে। তাহার জন্য ব্যস্ত হওয়ার দরকার নাই।

আমরা এবার ৺পূজার ছুটিতে কোথায় যাইব জানেন? আমরা মধুপুর যাইব। আপনি আমাদের সঙ্গে যাইবেন না? আপনি না গেলে আমাদের সবারই খালি খালি লাগবে। আপনি এখন হইতেই প্রস্তুত হইবেন। মধুপুরে আমাদের জন্য একটি বাসা ভাড়া করা হইয়াছে এবং তিন মাসের বাসা ভাড়া অগ্রিম দেওয়া হইয়াছে। মধুপুর একটি স্বাস্থ্য নিবাস। বাবার স্বাস্থ্যের সেখানে নিশ্চয়ই উন্নতি হইবে। মধুপুরে কয়েকটি পাহাড় আছে শুনিলাম। আমরা ত এ পাহাড় চক্ষে দেখি নাই। এবার পাহাড় দেখিতে পাইব। সবাই আনন্দে উৎফুল্ল হইয়াছি। মন বলছে আজই যাই।

আশা করি ভাল আছেন। অনুগ্রহ করিয়া শীঘ্র পত্রের উত্তর দিবেন।

ইতি
আপনার স্নেহের
ডালা

59; Cornwalis Street,
Calcutta—6.
The 20th July 1955.

My dear Uucle,

Mala has come here, She is quite well. You need not be anxious for her.

Do you know where we shall go in the Puja Vacation ? we shall go to Madhupur. Will you not accompany us ? We shall feel very lonely, if you do not go. Please get ready from now. A house has been engaged for us at Madhupur and three months' rent has been paid in advance. Madhupur is a sanatorium. Father's health will certainly improve there. We hear there are several hills at Madhupur. We have not as yet seen any hill with our own eyes ; this time we shall be able to see a hill. We are all beside ourselves with joy. We feel an inner urge to start this very day.

I hope you are well. Please reply sharp.

Yours affectionately,
"Dala"

Note :– বাংলায় 'শ্রীচরণেষু', 'সমীপেষু' প্রভৃতি পাঠ অনুবাদের সময় উঠাইয়া দিয়া My dear..., Dear...Sir, প্রভৃতি পাঠ লিখিতে হইবে। চিঠির নিচে সেবক, নিবেদক ইত্যাদি কথার পরিবর্ত্তে—Yours obediently, yours affectionately, yours sincerely, প্রভৃতি কথা যখন যেটা খাটিবে তাহাই লিখিতে হইবে।

(ii) চিঠির ভাষা সরল এবং Sentenceগুলি ছোট হওয়া সমীচীন। কটমট ভাষা এবং দীর্ঘ Sentence ব্যবহার করা সঙ্গত নহে।

ইংরাজীতে অনুবাদ কর :

(বন্ধুর নিকট)

মধ্যমগ্রাম,
১৭ই আশ্বিন, ১৩৩৩

প্রিয় অসীম,

তোমাদের নিকট হইতে যখন আসি, তখন চোখে জল আসিয়াছিল, তবু

আসিলাম। পথে কতবার মনে করিয়াছি ফিরিয়া যাই, যাইয়া সকলে মিলিয়া আবার সভার কাজ করি। আহা, সে কাজে কি সুখ, কি আনন্দ! কিন্তু ভাই, তবুও আসিলাম। বাড়ীর জন্য মন বড় অস্থির হইয়াছিল! তখন বুঝি নাই বাড়ী কী জিনিষ, বাড়ী ছাড়িয়া এখন বুঝিতেছি। আমরা এখানে একটি সেবাশ্রম খুলিয়াছি। আমরা সম্প্রতি রোগীর সেবা-শুশ্রূষা করিতেছি। আমি ভাল আছি। ভালবাসা নিও।

তোমার বিমল

LESSON 17

Some Common Proverbs

গরজ বড় বালাই—Necessity has no law.

আয় বুঝে ব্যয় কর—Cut your coat according to your cloth.

পাপের ধন প্রায়শ্চিত্তে যায়—Ill got, ill spent.

যেমন কর্ম্ম তেমন ফল—As you sow, so you reap.

ঘরপোড়া গরু সিঁদুরে মেঘ দেখলে ডরায়—A burnt child dreads the fire.

অতি চালাকির গলায় দড়ি—Too much cunning overreaches itself.

অল্প বিদ্যা ভয়ঙ্করী—Too much learning is a dangerous thing.

উলু বনে মুক্তা ছড়ান—To cast pearls before the swine.

এক ঢিলে দুই পাখী মারা—To kill two birds with one stone.

এক মাঘে শীত যায় না—One swallow does not make a summer.

কাটা ঘায়ে নুনের ছিটা—To add insult to injury.

কষ্ট না করিলে কেষ্ট মিলে না—No pains, no gains.

এক হাতে তালি বাজে না—It takes two to make a quarrel.

কাহারও পৌষ মাস, কাহারও সর্বনাশ—What is sport to one is death to another.

অসারের তর্জন গর্জন সার—Empty vessels sound much.

অনেক সন্ন্যাসীতে গাজন নষ্ট—Too many cooks spoils the broth.

অতি ভক্তি চোরের লক্ষণ—Too much courtesy, too much craft.

অতি দর্পে হত লঙ্কা—Pride goeth before destruction.

গাছে কাঁঠাল গোঁফে তেল—To count one's chickens before they are hatched.

গরু মেরে জুতা দান—Robbing Peter to pay Paul.

আপনি বাঁচলে বাপের নাম—Self-preservation is the law of nature:

চোর পালালে বুদ্ধি বাড়ে—To be wise after the event.

চোরা না শুনে ধর্ম্মের কাহিনী—The devil would not listen to the Scripture.

চোরে চোরে মাসতুত ভাই—Birds of the same feather flock together.

ছেঁড়া কাঁথায় শুয়ে লাখ টাকার স্বপ্ন দেখা– To build castles in the air.

জলে কুমীর ডাঙ্গায় বাঘ—Between the devil and the deep sea.

জোর যার মুল্লুক তার—Might is right.

জলন্ত আগুনে ঘৃতাহুতি—To add fuel to the fire.

ঝোপ বুঝে কোপ মার—Strike while the iron is hot.

ঢিলটি মারলে পাটকেলটি খেতে হয়—Tit for tat.

তিলকে তাল করা—To make mountain of a mole hill.

তেলা মাথায় তেল ঢালা—To carry coal to Newcastle.

দশের লাঠি, একের বোঝা—Many a little makes a mickle.

নাচতে না জানলে উঠান বাঁকা—A bad workman quarrels with his tools.

নানা মুনির নানা মত—Many men many minds.

নাই মামার চেয়ে কানা মামা ভাল—Something is better than nothing.

নিজের নাক কেটে পরের যাত্রা ভঙ্গ করা—To cut off one's nose to spite one's face.

পরের মাথায় কাঁঠাল ভাঙ্গা—To make a cat's paw of a person.

মানুষ ভাবে এক ভগবান করে আর—Man proposes, God disposes.

বহ্বারম্ভে লঘুক্রিয়া—Much ado about nothing. Much cry little wool.

বরের ঘরের পিসী, কনের ঘরের মাসী—To hunt with the hound and to run with the hare.

বাপকো বেটা—A chip of the old block.

ভাগের মা গঙ্গা পায় না—Everybody's business is nobody's business.

ভিক্ষার চাউল তার কাঁড়া আর আকাঁড়া—Beggars must not be choosers.

মশা মারিতে কামান দাগা—To break the butterfly on a wheel.

মরার উপর খাঁড়ার ঘা—To flog a dead horse.

মরা হাতি লাখ টাকা—The very ruins of greatness are great.

ময়রার বৌ সন্দেশ খায় না—The cobbler's wife is worst shod.

যতক্ষণ শ্বাস ততক্ষণ আশ—While there is life there is hope.
Dum spiro, spero.

যাকে দেখ্‌তে নারি তার চলন বাঁকা—Faults are thick where love is thin.

সবুরে মেওয়া ফলে—Patience is bitter, but its fruit is sweet. Rome was not built in a day.

বিধি যদি করে মন, ভাল হতে কতক্ষণ— When God wills, all winds bring rain.

PASSAGES FOR TRANSLATION

(For class VIII)

1

বারাণসী

বারাণসী একটি অতি প্রাচীন শহর। ইহা উত্তর প্রদেশে গঙ্গা নদীর তীরে অবস্থিত। হিন্দুদের পক্ষে ইহা সব চেয়ে পবিত্র স্থান। বহু লোক এখানকার মন্দির দেখিতে আসে। তাহারা গঙ্গা নদীতে স্নানও করে। স্নানের জন্য অনেকগুলি ঘাট আছে। তন্মধ্যে দশাশ্বমেধ ও মণিকর্ণিকা ঘাট সমধিক প্রসিদ্ধ। বিশ্বনাথের মন্দির সর্ব্বক্ষণ যাত্রীতে পূর্ণ থাকে। ইহার একটি সোনালি চূড়া আছে।

Hints :—বারাণসী—Banaras. অতি প্রাচীন—very old. অবস্থিত —stands on. হিন্দুদের পক্ষে—for the Hindus. সব চেয়ে পবিত্র স্থান —the holiest place. বহু লোক—many people. ঘাট—ghat. সমধিক প্রসিদ্ধ—the most famous. যাত্রীতে পূর্ণ—full of pilgrims. সোনালি চূড়া—golden top.

2

দুই বন্ধু একটি বনের মধ্য দিয়া যাইতেছিল। সেই বনে অনেক বন্য জন্তু ছিল। বন্ধুদের মধ্যে একজন অপরকে বলিল, "তোমার কোন ভয় নাই, কারণ আমি সঙ্গে আছি। যদি বন্য জন্তু আক্রমণ করে আমি নিশ্চয়ই তোমাকে সাহায্য করিব।" কিছুক্ষণ পর তাহারা দেখিল, একটি ভল্লুক তাহাদের দিকে আসিতেছে। তাহারা উভয়েই ভয় পাইল। তাহাদের একজন দৌড়িয়া একটি গাছের নিকট গেল এবং উহাতে চড়িয়া বসিল। অপর লোকটি গাছে চড়িতে জানিত না। সে শুনিয়াছিল যে ভল্লুক মৃত ব্যক্তিকে স্পর্শ করে না। অতএব সে মৃতের মত মাটিতে পড়িয়া রহিল।

Hints :—বনের মধ্য দিয়া যাওয়া—to pass through a forest ; বন্য জন্তু—wild animal ; অপরকে বলা—to say to the other ; তোমার কোন ভয় নাই— you need not fear বা you need not be

afraid ; আক্রমণ করা—to attack ; কিছুক্ষণ পর—soon after ; তাহাদের দিকে—towards them ; গাছে চড়া—to climb a tree ; স্পর্শ করা— to touch ; মৃতের মত—like one dead.]

3

ভল্লুকটি তাহার নিকট যাইয়া তাহার গা শুঁকিতে লাগিল। তারপর তাহাকে মৃত মনে করিয়া বনের ভিতর চলিয়া গেল। অপর লোকটি গাছের উপর হইতে সব কিছু দেখিয়াছিল। সে গাছ হইতে নামিয়া আসিয়া তাহার বন্ধুকে জিজ্ঞাসা করিল, "ভল্লুকটি তোমার কানের খুব কাছে তাহার মুখ নিয়াছিল। সে কি বলিল ?" তখন অপর লোকটি বলিল, "ভল্লুকটি আমাকে একটি খুব ভাল উপদেশ দিল।" তাহার বন্ধু আবার জিজ্ঞাসা করিল, "সেই উপদেশটি কি ?" তখন সে উত্তর দিল, "যে লোক তোমাকে বিপদের সময় ফেলিয়া যায় তাহাকে বিশ্বাস করিও না।"

এই বলিয়া সে একাকী চলিতে লাগিল।

Hints :—তাহার নিকট যাওয়া—to go up to him ; তাহার গা শুঁকা—to smell his body ; তাহাকে মৃত মনে করিয়া—Thinking him to be dead ; সবকিছু—everything ; গাছ হইতে নামিয়া আসা—to come down from a tree ; কানের খুব কাছে—very close to your ear ; খুব ভাল উপদেশ—a very good advice ; বিপদের সময় ফেলিয়া যাওয়া—to leave at the time of danger ; বিশ্বাস করা—to trust ; একাকী চলিতে থাকা—to go on alone.

4

Robinson Crusoe তখন ষোল বছরের ছেলে। তাঁহার পিতা ইংলণ্ডের অন্তর্গত Yorkshire-এর একজন ধনী লোক ছিলেন। তাঁহার পিতা চাহিয়াছিলেন যে Crusoe বাড়ীতে থাকিয়া কোন কাজকর্ম্ম করেন। কিন্তু Crusoe চাহিলেন নাবিক হইয়া পৃথিবী দেখিবেন। তাঁহার সেই ইচ্ছা পূর্ণ হইল। লণ্ডনে এক জাহাজের কাপ্তানের সঙ্গে তাঁহার দেখা হয়। তাঁহার সঙ্গে Crusoe ব্যবসায় উপলক্ষে সমুদ্র যাত্রা করেন। সেই জাহাজটি কয়েকজন জলদস্যুর হাতে পড়ে এবং দুই বৎসর তাঁহাকে ক্রীতদাসরূপে কাজ করিতে হয়।

Hints :—ইংলণ্ডের অন্তর্গত yorkshire-এর In Yorkshire, in England. তাঁহার পিতা চাহিয়াছিলেন......wished him to do something. নাবিক হইয়া—as a sailor. পূর্ণ হইল—was fulfilled. কাপ্তান—Captain. ব্যবসায় উপলক্ষে—for trade. সমুদ্রযাত্রা করেন—went on a voyage. জলদস্যু—pirate. হাতে পড়ে—fell into the hands of বা was taken by. ক্রীতদাসরূপে—as a slave. কাজ করিতে হয়—had towork.

5

একবার Crusoe-র জাহাজ ঝড়ে পড়ে। জাহাজ ডুবিতেছে এইরূপ ভয় করিয়া তিনি ও অন্যান্যেরা life boat-এ চড়িয়া প্রাণ বাঁচাইবার চেষ্টা করেন। কিন্তু নৌকাটি ভাঙ্গিয়া টুকরা টুকরা হইয়া যায়। Crusoe একটি নির্জ্জন দ্বীপে আশ্রয় পান। পরদিন সমুদ্র শান্ত হইল। তাঁহাদের জাহাজটি অর্ধমগ্ন অবস্থায় কিছু দূরে তখনও ভাসিতেছিল। Crusoe কয়েকবার সেই জাহাজে যাইয়া বন্দুক এবং খাদ্য সংগ্রহ করিলেন। একটি কুকুর ও একটি বিড়ালও জাহাজ হইতে আসিয়াছিল। তিনি এই দ্বীপে বহুবৎসর একাকী ছিলেন।

Hints :—জাহাজে চলিতে চলিতে—While going by a ship. ঝড়ে আক্রান্ত হন—was overtaken by storm. জাহাজ ডুবিতেছে এই ভয় করিয়া—fearing that the ship was sinking. নৌকায় চড়িয়া—getting into a boat. ভাঙ্গিয়া টুকরা টুকরা হওয়া—to break in pieces. নির্জ্জন—solitary. আশ্রয় পাওয়া—to get shelter. শান্ত হওয়া—to become calm. অর্ধ-মগ্ন অবস্থায় ভাসা—to float half sunk. তখনও—still. সংগ্রহ করা—to collect. একাকী থাকা—to live alone.

6

Fire brigade—গৃহাদির দাহ নিবারণার্থ নিয়োজিত ব্যক্তিবর্গ
Fire-man—অগ্নি নির্ব্বাণকারী

প্রত্যেক বড় শহরে একটি fire-brigade ষ্টেশন আছে। দিবারাত্র এই fire-brigade আগুনের সঙ্গে যুদ্ধ করিবার জন্য প্রস্তুত থাকে।

Fire-men-দের খুব সাহস। জলন্ত গৃহে তাহারা প্রবেশ করে এবং

অসহায় লোকদের বাহিরে আনে। এইরূপ করিতে গিয়া কখনও কখনও তাহারা মৃত্যুমুখে পতিত হয়। তাহারা মই দিয়া দালানের চূড়ায় উঠে। হয়তো দোতালায় একটি শিশু বা স্ত্রীলোক রহিয়াছে। সিঁড়ি আগুনে জ্বলিতেছে। কে ইহাদের রক্ষা করিবে? এই fire-man-রা তখন মই বাহিয়া উপরে ছুটিবে এবং ইহাদিগকে নামাইয়া আনিবে।

Hints :—দিবারাত্র—day and night. খুব সাহস—great courage. জ্বলন্ত গৃহ—houses on fire. অসহায় লোক—helpless people. বাহিরে আনে—carry out side. এইরূপ করিতে গিয়া—in doing so. মৃত্যুমুখে পতিত হয়—to meet with death বা to fall a victim to death. মই দিয়া—on a ladder. দালানের চূড়ায় উঠা—to climb to the top of a building. হয়তো—perhaps, সিঁড়ি—the stairs. মই বাহিয়া উপরে উঠা—to rush up the ladder. কাহাকেও নামাইয়া আনা—to bring one down.

7

কাশ্মীরকে (Kashmir) ভূস্বর্গ বলা হয়। এই স্থানে বরফাবৃত পর্ব্বত, সবুজ বন, মনোরম উদ্যান ও বৃহৎ হ্রদ দেখিতে পাওয়া যায়। কাশ্মীরের রাজধানী শ্রীনগর (Srinagar)। ইহা ঝিলাম নদীর তীরে অবস্থিত। মহারাজার প্রাসাদও এই নদীর তীরেই নির্ম্মিত। উজ্জ্বল রঙে চিত্রিত নৌকাসমূহ নদীর উপর দিয়া যাতায়াত করে। শ্রীনগরের ডাল হ্রদ (the Dal Lake) চারি মাইল লম্বা এবং তিন মাইল চওড়া। কাশ্মীরে ইহাই সবচেয়ে বিখ্যাত হ্রদ। এই হ্রদে বহু house-boat আছে। নৌকাগুলি সুন্দর গৃহের মতন। প্রত্যেকটিতে কয়েকটি কোঠা এবং কিছু আসবাব পত্র থাকে। পর্য্যটকেরা থাকিবার জন্য এই সব নৌকা ভাড়া করে।

Hints : ভূস্বর্গ—earthly paradise. বরফাবৃত পর্ব্বত—snow-covered mountains. মনোরম—delightful. নির্ম্মিত হওয়া—to be built. উজ্জ্বল-রঙে চিত্রিত—painted in bright colours. নদীর উপর যাতায়াত করে—ply on the river. কোঠা—room. আসবাবপত্র—furniture (ইহার plural হয় না). পর্য্যটক—visitor. ভাড়া করে—hire.

8

১৯৩৪ খৃষ্টাব্দে ভারতবর্ষে এক ভয়ঙ্কর ভূমিকম্প হয়। ইহা বিহারের (Bihar) অত্যন্ত ক্ষতি করে। কয়েক সহস্র পুরুষ, স্ত্রীলোক ও শিশু তাহাদের জীবন হারায়। মুঙ্গের (Monghyr) এবং মজফ্‌ফরপুর (Muzaffarpur) শহর দু'টি ধ্বংসস্তূপে পরিণত হয়। হঠাৎ ধাক্কা আসে এবং বহুলোক গৃহ হইতে বাহির হইবার সময় পায় নাই। ঘরের ছাদ এবং বরগা তাহাদের উপর পড়ে এবং তাহারা ইহাদের চাপে পিষ্ট হইয়া যায়।

১৯৩৫ সালে বেলুচিস্তানে (Beluchistan) একটি প্রবল ভূমিকম্প হয়। ইহার রাজধানী কোয়েটা (Quetta) প্রায় সম্পূর্ণরূপে ধ্বংস হয়। জাপানেও প্রায়ই ভূকিকম্প হয় ; সেই কারণে সেখানে ঘরবাড়ী বিশেষ উপায়ে তৈরী হয়।

Hints : ১৯৩৪ খৃষ্টাব্দে ভয়ঙ্কর ভূমিকম্প—In 1934 A. D. terrible earthquake. (ভূমিকম্প) হওয়া—to occur. (past tense-occurred). অত্যন্ত ক্ষতি করা—to do a great harm to (a person or thing). কয়েক সহস্র লোক—several thousands of men. ধ্বংসস্তূপে পরিণত হয় —reduced to a heap of ruins. হঠাৎ—suddenly. ধাক্কা—shock. সময় পাওয়া—to get time. ছাদ ও বরগা—roof and rafter. ইহাদের চাপে—under their pressure (or weight). পিষ্ট হওয়া—to be crushed. সম্পূর্ণরূপে—completely. ধ্বংসপ্রাপ্ত হয়—to be destroyed. প্রায়ই—often বা frequently. বিশেষ উপায়ে—in a special way.

9

শীত প্রধান দেশগুলিতে আলু একটি প্রধান খাদ্য। আজকাল পৃথিবীর অধিকাংশ দেশেই ইহা জন্মে এবং প্রায় সকলেই ইহা খাইয়া থাকে। প্রাচীন কালে আলু পৃথিবীতে পরিচিত ছিল না। এই খাদ্যটি প্রথম আমেরিকা হইতে আসে। আমেরিকা একটি বৃহৎ এবং আশ্চর্য্য দেশ। ইহার আয়তন ইউরোপ এবং আফ্রিকার (Europe and Africa) সম্মিলিত আয়তন অপেক্ষাও বড়। কলম্বাস (Columbus) ১৪৯২ খৃষ্টাব্দে প্রথম এই মহাদেশ আবিষ্কার করেন। তিনি ছিলেন একজন স্পেন দেশীয় লোক কিন্তু তাঁহার জন্ম হইয়াছিল ইটালীর (Italy) এক শহরে।

Hints : শীতপ্রধান দেশগুলিতে—in cold countries. আলু—potato (plural—potatoes). একটি প্রধান খাদ্য—a chief article (বা item) of food. প্রাচীন কালে—in ancient times. পৃথিবীতে পরিচিত —known to the world. আশ্চর্য্য দেশ—a wonderful country. আয়তন—area. সম্মিলিত— put together. আবিষ্কার করা—to discover. স্পেন দেশীয় লোক—a Spaniard.

10

ভারতবর্ষে আমরা সূতির জামা কাপড় পরি। তূলা এদেশে জন্মে। তূলা হইতে তৈরী কাপড় হাল্‌কা এবং নরম এবং এই কাপড় বহুবার ধোয়া যায়। ভারতবর্ষের মতন গরম দেশে সূতির জামাই সব চেয়ে ভাল। আমরা হয় ধুতি নয় ঢিলা পায়জামা পরি। এই দু'টিই আমাদের পক্ষে আরামদায়ক। মেয়েরা শাড়ী পরে এবং ইহা বিভিন্ন প্রদেশে বিভিন্ন ধরণে পরা হয়। শাড়ী তূলা বা রেশম হইতেই তেরী হয়।

কিন্তু শীতপ্রধান দেশে লোকে পশমী জামাই বেশী ব্যবহার করে। তাহাদের জামাগুলি ভারী এবং আটশাট।

Hints : সূতি জামা কাপড়—cotton clothes. জন্মা—to grow. তূলা হইতে তৈরী কাপড়—the cloth made of cotton. হাল্‌কা—light. বহুবার—many times. পরা—to wear. ধুতি—dhoti (pl. dhoties). ঢিলা পায়জামা—loose pyjama (pl. pyjamas). আরামদায়ক—comfortable (to). শাড়ী—sari (pl. saris). বিভিন্ন ধরনে—in different way. প্রদেশ—province. পশমী জামা—woolen clothes. বেশী ব্যবহার করে—use mostly. ভারী—heavy. আঁট শাট—tight-fitting.

11

১৮২০ খৃষ্টাব্দে ইটালীর (Itali) Florence নামক শহরে এক মহিয়সী রমণী জন্মগ্রহণ করেন। তাঁহার নাম ছিল Florence Nightingale. তাঁহার পিতামাতা ছিলেন ইংরেজ। তাঁহারা ধনী ছিলেন এবং তাঁহাদের নিজেদের গাড়ী ঘোড়া ছিল। বাল্যকাল হইতেই Florence পীড়িতকে

সেবা করিতে ভালবাসিতেন। তিনি হাসপাতালে সেবিকার কাজ করিবার ইচ্ছা করিলেন কিন্তু তাঁহার পিতামাতা ইহাতে মত দিতে পারিলেন না। তখনকার দিনে সঙ্গতিপন্ন ঘরের মেয়েরা সেবিকার কাজ করিত না। কিন্তু তিনি আশা ছাড়িলেন না।

Hints :—মহিয়সী রমণী—A noble lady. তাঁহার পিতামাতা—her parents. নিজেদের গাড়ী ঘোড়া ছিল—had their own coach and horses. বাল্যকাল হইতেই—even from her early years. পীড়িত—sick. সেবাকরা—to nurse. সেবিকার কাজ করা—to be a nurse বা to serve as a nurse. ইহাতে মত দেওয়া—to agree to it. তখনকার দিনে—in those days. সঙ্গতিপন্ন ঘরের মেয়েরা—girls of well-to-do families. আশা ছাড়া—to give up hope.

12

ক্যামেরা (Camera) সাহায্যে ফটোগ্রাফ (photograph) তোলা হইয়া থাকে। ইহা একটি সরল যন্ত্র এবং ইহা ব্যবহার করা সহজ। কম লোকেই ছবি আঁকিতে পারে ; কিন্তু ইচ্ছা করিলে যে কোন লোক ফটো তুলিতে পারে ; যখন ক্যামেরা ছিল না তখন ছবির জন্য লোকে চিত্রকরের নিকট যাইত। ইহাতে খরচও অনেক বেশী পড়িত এবং সময়ও অনেক লাগিত। এখন ক্যামেরা দিয়ে এক মুহূর্ত্তেই ছবি তোলা যায়। খরচও অত্যন্ত কম। এই সব কারণে, ক্যামেরা একটি বিশেষ প্রয়োজনীয় জিনিষ। অনেকেই আজকাল কোথাও বেড়াইতে যাওয়ার সময় একটি ক্যামেরা সঙ্গে নিয়ে যান। ফটো তোলা ছেলেমেয়েদের একটা প্রিয় বিষয় হইয়া দাঁড়াইয়াছে।

Hints :—ক্যামেরার সাহায্যে—with the help of the camera. সরল যন্ত্র—simple instrument. ব্যবহার করা সহজ— easy to use. কমলোকেই —few people. আঁকা—to draw. ইচ্ছা করিলে যে কোন লোক—any body who likes ফটো তোলা— to take photographs. চিত্রকর painter. খরচ অনেক বেশী পড়া—It would cost much more. সময়ও

অনেক লাগিত—it would take a long time. এক মুহূর্তেই—in a moment. খরচও কম—expenses···small. এই সব কারণে— For these reasons. বেড়াইতে যাওয়ার সময়—while going abroad. (or going out) ফটো তোলা—photography. প্রিয় বিষয়—hobby.

13

মণ্টু—খবর শুনেছ, খোকন? কাল আমাদের আধা ছুটি হচ্ছে।

খোকন—তাই নাকি? কিন্তু কেন?

মণ্টু—তুমি জানো না? কাল যে স্কুলের স্পোর্ট্‌স্।

খোকন—তা বটে। আমি ভুলেই গিয়েছিলেম।

মণ্টু—এ একটা বিরাট ব্যাপার। তুমি এতে যোগ দিচ্ছ কি?

খোকন—না তো। তুমি দিচ্ছ?

মণ্টু—তা, আমি Arithmetic race-এ যোগ দিচ্ছি।

খোকন—তোমার কি মনে হয় তুমি প্রাইজ পাবে?

মণ্টু—আমি জানি নে। তবে মনে হয়, class X-এর রবিরায়ের খুব ভাল chance আছে।

Hints :—খবর শোনা—to hear the news. আধা ছুটি হওয়া—to have a half-holiday. কাল যে স্কুলে স্পোর্ট্‌স্—the school sports come off to-morrow. তা বটে—of course. বিরাট ব্যাপার—great event. যোগ দেওয়া—to take part in. কোন race-এ যোগ দেওয়া—to go in for a race. প্রাইজ পাওয়া—to win or to get a prize. মনে হয়—I think or I suppose. ভাল chance আছে—to have a good chance.

14

মা একটি গল্প আরম্ভ করলেন—

"সেদিন রাত্রিটি ছিল বড় অন্ধকার। একটি লোক রাস্তা দিয়ে ছুটে যাচ্ছিল। তার পায়ে ছিল একজোড়া ভারী বুট জুতো এবং গায়ে ছিল একটা বর্ষাতি (rain-coat)। সে খুব ধীরে ধীরে চলেছিল, কারণ খালি

পায়ে ব্যথা হচ্ছিল। হঠাৎ বৃষ্টি এসে গেল। লোকটির ছাতা ছিল না. কাজেই সে খুব ভিজে গেল। কিন্তু বৃষ্টি শীঘ্রই শেষ হল এবং আকাশে পূর্ণ চন্দ্রের উদয় হল।"

বাচ্চু চীৎকার করে বলে উঠল, "সে কি, মা, তুমি যে সব ভুল কথা বল্‌ছ? তুমি বুঝি আমাদের বোকা বানাচ্ছ। কিন্তু কি কি ভুল কথা বলেছ এখন শোন।"

Hints: রাস্তা দিয়ে ছুটে যাওয়া—to hurry down a street. এক জোড়া ভারী বুট জুতো—a heavy pair of boots. খালি পায়ে ব্যথা হচ্ছিল—his bare feet ached. বৃষ্টি এসে গেল—the rain came down. খুব ভিজে গেল—got soaked. পূর্ণচন্দ্রের উদয় হল—a full moon shone in the sky. ভুল কথা—wrong things. বোকা বানান—to pull one's legs.

15

বাচ্চু—তুমি বল্লে লোকটির বুট জুতো ছিল; তা হলে তার খালি পা হতে পারে না।

মিনি—তুমি প্রথম বলেছিলে যে লোকটি রাস্তা দিয়ে ছুটে যাচ্ছিল। তারপর বল্লে সে ধীরে ধীরে যাচ্ছিল।

বাচ্চু—সে ভিজে গেল কি করে? তার একটা বর্ষাতি ছিল; নয় কি?

মিনি—আকাশে পূর্ণ চন্দ্র ছিল। তা হলে কি করে অন্ধকার ছিল?

মা—তোমরা ঠিক বলেছ।

শিশুরা তখন হাসিয়া উঠিল এবং বলিল, "কি বাজে গল্প।" মা বলিলেন, "এটা বাজে গল্প বটে কিন্তু এটি একটি মজার খেলা। তোমরা নিজেরা এই খেলা যখন খুসী খেলতে পার।"

Hints: প্রথম বলেছিলে—you first said. ঠিক বলেছ—you are right. হাসিয়া উঠিল—laughed out. কি বাজে গল্প—what a silly story. মজার খেলা—a funny game. তোমরা নিজেরা—you yourselves. যখন খুসী খেলতে পার—can play it whenever you like.

16

৩নং কলেজ ষ্ট্রীট,
3, College Street, Calcutta.
কলিকাতা
১২ই জুন, ১৯৫৫
The 12th June, 1955
বা June 12, 1955.

প্রিয় অনিল,

এইমাত্র তোমার ৬ই জুন তারিখের চিঠি পেলাম। তুমি তোমাদের সঙ্গে পুরীতে দু'য়েক সপ্তাহ কাটাবার জন্য নিমন্ত্রণ জানিয়েছ। সেই জন্য অশেষ ধন্যবাদ।

কিন্তু মুস্কিল হয়েছে লীলা বোনকে নিয়ে। আজ পাঁচ দিন যাবৎ তার জর চলেছে। ডাক্তার ডাকা হয়েছে; কিন্তু তিনি বলেছেন আরো দু'তিন দিন না দেখে ঠিক কিছু বল্‌তে পাচ্ছেন না।

যাহোক, লীলা কেমন থাকে তোমাদের জানাব। এবার বোধ হয় তোমার নিমন্ত্রণটা কাজে লাগাতে পারলাম না! যদি আমাদের রওনা হওয়া সম্ভবপর হয়, তাহলে যথাসময়ে চিঠি পাঠাব।

তোমার বাবা এবং মাকে আমাদের প্রণাম দিবে। তুমি আমাদের ভালবাসা নিবে। আশাকরি ফেরত ডাকে উত্তর পাব।

ইতি—
তোমার স্নেহের বেণু।

খামের উপর ঠিকানা:
শ্রীঅনিল চন্দ্র রায়
C/o শ্রীসুনীল চন্দ্র রায়
স্বর্গদ্বার, পুরী, বি. এন্. আর

Hints :—প্রিয় অনিল—My dear (বা শুধু dear) Anil. এইমাত্র তোমার ৬ই জুন তারিখের চিঠি পেলাম—your letter of the 6th June

(বা your letter dated the 6th June) is just to hand. নিমন্ত্রণ জানানো—to invite. অশেষ ধন্যবাদ—many thanks. মুস্কিল হয়েছে—the trouble is. জ্বর চলেছে—she has been in fever, ডাক্তার ডাকা—to call in a doctor. না দেখে—without watching (her). ঠিক্ বলতে পারা—cannot say anything definitely. যা হোক—However. কেমন থাকে—how she is doing. কাজে লাগানো—to avail one self of. বা to avail. সম্ভবপর হয়—If it be possible. যথাসময়ে—in time. প্রণাম দিবে—give my respects (to). ফেরত ডাকে—by return of post. তোমার স্নেহের বেণু—yours affectionately, (বন্ধু হইলে—yours sincerelyও বলা যায়) Benu.
খামের উপরের ঠিকানা—address on the envelope.

Shree Anil Chandra Roy,
C/o. Shree S. C. Roy.
Shwargadwar, Puri (B. N. Ry).

18

চিড়িয়াখানায় (Zoo) অনেক প্রকার বন্য জন্তু রাখা হয়। সিংহ, ব্যাঘ্র, হস্তী হরিণ, ময়ূর, সর্প প্রভৃতি সেখানে আছে। তা ছাড়া, অনেক অদ্ভুত প্রাণীও সেখানে দেখা যায়। সব চেয়ে অদ্ভুত প্রাণী—কাঙ্গারু, জেব্রা এবং জিরাফ্ (Kangaroo, Zebra, Giraffe). জিরাফে্র ঘাড় বাঁশের মত লম্বা। ইহার দেহ চিত্রিত। জেব্রার দেহ কিন্তু ডোরা-কাটা। কাঙ্গারুরা পেছনের পায়ের উপর ভর দিয়ে লাফ্ দেয়। ইহারা পৃথিবীর অন্যান্য অংশ হইতে আসিয়াছে। কলিকাতার চিড়িয়াখানাটিও বেশ বড়। আমরা এই চিড়িয়াখানার সমস্ত অংশ ঘুরিয়া দেখিলে পশুপক্ষী সম্বন্ধে অনেক বিষয় জানিতে পারি।

Hints :—বন্য জন্তু—wild animals. ময়ূর—peacock সর্প—snake. তা ছাড়া—Besides these. সবচেয়ে অদ্ভুত প্রাণী—the most odd creatures. বাঁশের মত লম্বা—as long as pole. চিত্রিত—spotted. ডোরা-কাটা—striped. পিছনের পায়ের উপর ভয় দিয়ে—on their hind legs.পৃথিবীর অন্যান্য অংশ হইতে—from other parts of the wor চিড়িয়াখানার সমস্ত অংশ ঘুরিয়া দেখিলে—if we go round all the pa of the Zoo. পশুপক্ষী সম্বন্ধে—about birds and beasts.